





ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 12 May, 2023 ■ আগরতলা ১২ মে, ২০২৩ ইং ■ ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


# ফের অশান্ত মণিপুর, জঙ্গি হামলায় এক জওয়ান শহিদ, আহত তিন

**ইমফল, ১১ মে (হি.স.)।।** আপাত-শান্ত মণিপুর ফের অশান্ত হয়ে উঠেছে। হিংসাজর্জর বিষ্ণুপুর এবং চূড়াচাঁদ জেলার সীমান্তবর্তী কামভাই এলাকায় সন্দেহভাজন কুকি জঙ্গিদের হামলায় শহিদ হয়েছেন মণিপুর পুলিশের এক কমান্ডো। এছাড়া আহত হয়েছেন তিনজন। ঘটনা আজ বৃহস্পতিবার সকাল প্রায় আটটা নাগাদ সংঘটিত হয়েছে বলে প্রাপ্ত খবরে প্রকাশ।

গতকাল রাজ্যের তথ্য ও জনসংযোগ দফতরের মন্ত্রী ড় সপম রঞ্জন সিং সাংবাদিক সম্মেলন করে দাবি করেছিলেন, স্বাভাবিক ছন্দে ফিরছে রাজ্য। প্রতিটি স্পর্শকাতর এলাকায় বিরাজ করছে শান্তি। এরই মধ্যে আজ নতুন করে ফের হিংসা ছড়ানোয় উদ্বেগ বেড়েছে রাজ্য সরকারের।

রাজ্য পুলিশের সদর দফতরের এক সূত্র খবরের সত্যতা স্বীকার করে জানিয়েছে, আজ সকাল প্রায় আটটা নাগাদ বিষ্ণুপুর এবং চূড়াচাঁদপুর জেলার মধ্যবর্তী কামভাই এলাকার মোলঙ্গোট গ্রামে নিরাপত্তা বাহিনী এবং সন্দেহভাজন জঙ্গিদের মধ্যে বন্দুক যুদ্ধ শুরু হয়। পুলিশের সূত্রটি বলেছে, মূলত কুকি এবং মেইতেই সম্প্রদায়ের মধ্যে প্রথমে সংঘর্ষ হয়েছিল। সংঘর্ষ নিয়ন্ত্রণে ছুটে যায় মণিপুর পুলিশের কমান্ডো বাহিনী। ইত্যবসরে গুলি বর্ষণ করতে থাকে কতিপয় বন্দুকধারী। তাদের গুলিতে মণিপুর পুলিশের এক কমান্ডো শহিদ হওয়ার পাশাপাশি অপর তিনজন বুলেটে জখম হয়েছেন। এ ঘটনায় হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে জানিয়েছে সূত্রটি। পুলিশের ধারণা, কুকি সম্প্রদায়ভুক্ত সন্দেহভাজন জঙ্গিরা মেইতেইদের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয়েছিল।

সরকারি সূত্রটি আরও জানিয়েছে, এলাকায় সন্দেহভাজন জঙ্গি এবং নিরাপত্তা বাহিনীর মধ্যে গোলাগুলির সময় অগ্নিসংযোগ করে কয়েকটি বাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে। নতুন করে সহিংসতার ঘটনায় বিষ্ণুপুর এবং চূড়াচাঁদ জেলার উত্তেজনা ছড়িয়েছে। এদিকে ঘটনাস্থলে অতিরিক্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে। সন্দেহভাজন জঙ্গিদের ধরতে চিরুনি তালাশি চলছে বলে জানিয়েছে সূত্রটি।

## রাজ্যে করোনা আক্রান্ত আরও ৯ জন, সুস্থ ১১ সক্রিয় রোগী ৪৩

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** ত্রিপুরায় করোনা-আক্রান্তের সংখ্যায় বৃদ্ধির সাথে বাড়ছে সুস্থতাও। গত ২৪ ঘন্টায় ১১ জন করোনা আক্রান্ত রোগী সুস্থ হয়েছেন। অন্যদিকে, নয় জন করোনা আক্রান্ত হয়েছেন। দৈনিক সংক্রমণের হার ১.০৪ শতাংশ। বর্তমানে সক্রিয় রোগীর সংখ্যা কমে দাঁড়িয়েছে ৪৩।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিন অনুসারে, গত ২৪ ঘন্টায় আরটি-পিসিআরে ৮ জন এবং রেপিড অ্যান্টিজেনের মাধ্যমে ৮৬১ জন মোট ৮৬৯ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাতে, রেপিড ☛ ৬ এর পাতায় দেখুন

# ছাত্রী গণধর্ষণ মামলায় যুবক রিমান্ডে, আটক আরও এক

## ব্যবহৃত গাড়ি চালকের বাড়িতে উদ্ধার ৯০ লক্ষ টাকা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** চরম নারকীয় ঘটনার সাক্ষী রইল শহর আগরতলা। পূর্ব পরিচিতির সুযোগে কলেজ পড়ুয়া ছাত্রী দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন। পরিস্থিতির দাবি, তাঁর সাথে অমানবিক অত্যাচার হয়েছে। কারণ, হাসপাতালে ঘটনার বর্ণনা দিতে গিয়ে তিনি শিউরে উঠছিলেন। ঠিকভাবে কথা বলতে পারছিলেন না। অনেক কষ্টে মূল অভিযুক্ত গৌতম শর্মার নাম মুখে আনতে পেরেছেন তিনি। পুলিশ ওই ঘটনায় এখন পর্যন্ত একজনকে গ্রেফতার করে আদালতের কাছ থেকে পুলিশ রিমান্ডে নিয়েছে। আরও একজনকে আটক করেছে পুলিশ।

সদর মহকুমা পুলিশ আধিকারিক আশিস দাশগুপ্ত জানিয়েছেন, নির্যাতিতার পরিবারের তরফে ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ৩৭৬ ধারায় মামলা রুজু করা হয়েছিল। আজ আদালতে ৩৭৬ডি এবং ৩২৮ ধারা অতিরিক্ত যুক্ত করার আবেদন জানানো হয়েছে। সাথে ধৃতের পাঁচ দিনের পুলিশ রিমান্ডের আবেদন জানানো হয়েছিল। মুখ্য বিচারবিভাগীয় আদালত পুলিশের ওই আবেদন মঞ্জুর করেছে। এদিকে, ঘটনায় ব্যবহৃত গাড়ি উদ্ধার করেছে পুলিশ। সাথে অভিযুক্তের বাড়ি থেকে পুলিশ নগদ ৯০ লক্ষ টাকা উদ্ধার করেছে।

গত সোমবার কলেজ থেকে বাড়ি ফেরার পথে দলবদ্ধ ধর্ষণের শিকার হন ওই নির্যাতিতা ছাত্রী। তাঁকে রাত ১২টা নাগাদ আমতলি বাইপাস এলাকায় পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করা হয়েছে। নির্যাতিতার মা জানিয়েছেন, কলেজ থেকে বেরিয়ে বাড়ি ফেরার কথা ছিল তাঁর। কিন্তু, অনেক সময় পেরিয়ে গেলেও বাড়ি ফিরে না আসায় সকলে মিলে তাঁকে খোঁজাখুঁজি শুরু করি। কোথাও খুঁজে না পেয়ে পুলিশের দ্বারস্থ হয়েছিলাম। কিন্তু পুলিশ আমাদের অপেক্ষা করার জন্য পরামর্শ দিয়েছিল। শেষে রাত প্রায় ১২টা নাগাদ আমতলি বাইপাস এলাকায় তাঁকে সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার করা হয়েছে। এর পরই তাঁকে জি বি ☛ ৬ এর পাতায় দেখুন

### দুই নাবালিকা ছাত্রী গণধর্ষিতা অম্পিতে, ধৃত এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** গোমতী জেলার অন্তর্গত আম্পি এলাকায় নয়জনের একটি দল দুই নাবালিকাকে গণধর্ষণ করেছে বলে জানা গেছে। অম্পি থানার ওসি বিদেশ্বর সিংঘা জানিয়েছেন, ধর্ষিতা দুই নাবালিকা অভিযুক্ত দুজনকে ফেসবুক বন্ধু হিসেবে চিনত।

তিনি জানান, দুই নাবালিকা নতুনবাজার এলাকার বাসিন্দা। বৈশাখী মেলার জন্য তারা আম্পিতে ☛ ৬ এর পাতায় দেখুন

## ছেলেংটায় কিশোরীকে ধর্ষণের চেষ্টা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** লংতরাইভ্যালীর লালছড়া গ্রামে ১৩ বছরের এক নাবালিকাকে ধর্ষনের চেষ্টা। ঘরে একা ছিলো। বাবা কাজের জন্য সকালে চলে যায়। মা স্নান করতে গিয়েছিল কুয়ায়।

এই সুযোগে রবিন্দ্র দেববর্মা, বয়স ৪৬ বছর, মেয়ের বাড়িতে এসে প্রথমে মেয়েকে জিজ্ঞাসা করে মেয়েটির মা বাবা কোথায় গিয়েছেন। মেয়ে বলে বাবা কাজে গিয়েছেন, মা স্নান করতে। তখন সুযোগ বুঝে রবিন্দ্র দেববর্মা মেয়েকে একটি চুমু দেয়। মেয়ে সঙ্গে সঙ্গে বলে উঠে জেঠু আপনি কি করছেন। তখন রবীন্দ্র দেববর্মা মেয়েটির মুখে চাঁপা দিয়ে মেয়েটির বুকে হাত দেয় এবং ধর্ষণের চেষ্টা করে।

এমন সময় মেয়েটির মা স্নান করে বাড়িতে এসে পরে। সঙ্গে সঙ্গে রবিন্দ্র দেববর্মা মেয়ের মাকে দেখে পালিয়ে যায়। মেয়ের বাবা বিকালে বাড়িতে এসে খবর পেলে থানায় একটি ☛ ৬ এর পাতায় দেখুন



কলেজছাত্রী গণধর্ষণ মামলায় অন্যতম অভিযুক্ত গাড়ি চালকের বাড়িতে উদ্ধার ৯০ লক্ষ টাকা। ছবি নিজস্ব।


## স্কুলের বারান্দায় বাইকের ধাক্কায় গুরুতর ছাত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** বাউন্ডারি ওয়াল না থাকায় নিয়ন্ত্রণ হারিয়ে বাইক সটান ঢুকে পড়ল বিদ্যালয়ের ভেতরে। বিদ্যালয়ের বারান্দায় ওই বাইকের ধাক্কায় গুরুতর আহত হয়েছে নবম শ্রেণীর ছাত্রী। মতিনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ওই ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকারা আহত ছাত্রীকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গিয়েছেন।

জনৈক শিক্ষক জানিয়েছেন, বৃহস্পতিবার সকালে বিদ্যালয়ে পৌঁছে প্রার্থনা সভায় উপস্থিত হওয়ার জন্য শ্রেণী কক্ষ থেকে বেরিয়ে ছিল নবম শ্রেণির ছাত্রী সাহানাজ ☛ ৬ এর পাতায় দেখুন

# ইমরান খানের গ্রেফতারি বেআইনি মুক্তির নির্দেশ পাক সুপ্রিম কোর্টের

**ইসলামাবাদ, ১১ মে (হি. স.)।।** পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের গ্রেফতারি বেআইনি বলল সেদেশের সুপ্রিম কোর্ট। গত মঙ্গলবারই তাঁকে জমি দুর্নীতি মামলায় গ্রেফতার করেছিল পাক রেঞ্জার্স।



কিন্তু বৃহস্পতিবার পাক সুপ্রিম কোর্ট জানিয়ে দিল, ইমরানের গ্রেফতারি বেআইনি। ইমরান খানকে অবিলম্বে মুক্তি দেওয়ার আদেশ দিয়েছেন সে দেশের সুপ্রিম কোর্ট। বৃহস্পতিবার আদালত এই আদেশ দেন। বুধবারই সেদেশের দুর্নীতি-দমন আদালত ৮ দিনের জন্য এনএবি'র হেফাজতে রাখার নির্দেশ দিয়েছিল। দিন পেরোতেই স্বস্তি পেলেন ইমরান। উল্লেখ্য, মঙ্গলবার ইমরান লাহোর থেকে ইসলামাবাদ হাই কোর্টে পৌঁছনোর পর বায়োমেট্রিক পদ্ধতিতে পরিচয় দেওয়ার সময়ই আচমকা সেখানে প্রবেশ করে পাক রেঞ্জার্স। দ্রুত তাঁকে ঘিরে ফেলে গ্রেফতার করে তারা। সেখানে উপস্থিত ইমরানের আইনজীবী ও নিরাপত্তা রক্ষীদের প্রবল মারধর করা হয়। তেমনটাই দাবি পিটিআইয়ের সিনিয়র নেত্রী শিরিন মাজারির। ৭০ বছরের পিটিআই নেতার বিরুদ্ধে সব মিলিয়ে মোট ১২১টি মামলা রুজু হয়েছে। বিশ্বাসঘাতকতা ও ধর্মের অবমাননা থেকে হিংসা ও সন্ত্রাসে উসকানি দেওয়ার মতো নানা অভিযোগে বিদ্ধ ইমরান। এই পরিস্থিতিতে সুপ্রিম-মন্তব্যে যে তিনি স্বস্তি পাবেন তা বলাই বাহুল্য।

# রাজ্যে টানা তিনদিন ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস

## দক্ষিণ, গোমতী ও ধলাই জেলা প্রভাবিত হতে পারে বেশি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** ঘূর্ণিঝড় "মোকা"র প্রভাবে ত্রিপুরায় টানা তিনদিন ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস জারি হয়েছে। আগামী ১৩ থেকে ১৫ মে ত্রিপুরায় ঝড়ো হাওয়ার সাথে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তবে, ১৩ ও ১৪ মে দক্ষিণ, গোমতি ও ধলাই জেলা এবং ১৫ মে উনকোটি ও উত্তর ত্রিপুরা জেলায় সবচেয়ে বেশি প্রভাব পড়বে বলে অনুমান করা হচ্ছে।

"মোকা"র প্রভাবে বৃহস্পতিবার রাত থেকে আন্দামানে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস জারি হয়েছে। শুক্রবার ভারী থেকে অতি ভারী বৃষ্টি হবে বলে মনে করা হচ্ছে। শনি এবং রবিবারও 'মোকা'র প্রভাবে আন্দামানের কিছু অংশে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সঙ্গে ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বইবে বলে অনুমান করা হচ্ছে। "মোকা"র প্রভাব উত্তর-পূর্বাঞ্চলেও দেখা যাবে। মৌসম বিভাগ ইতিমধ্যে সতর্কতা জারি করেছে।

আজ আগরতলা বিমানবন্দরে অবস্থিত আবহাওয়া দফতর জানিয়েছে, ওই ঘূর্ণিঝড় আগামী ১৪ মে রবিবার দুপুরে কক্সবাজার এবং মায়ানমারের কাউকপুরের মধ্য দিয়ে স্থলভাগে আছড়ে পড়তে পারে। স্থলভাগে আছড়ে পড়ার সময় মোকা-র গতি থাকতে পারে ঘণ্টায় ১৫০ থেকে ১৭৫ কিলোমিটার। এর প্রভাবে ১৩ থেকে ১৫ মে ত্রিপুরায় বজ্রবিদ্যুৎ সহ ঝড়ো হাওয়া সাথে বৃষ্টিপাত হবে। আবহাওয়া দফতরের দেওয়া তথ্য অনুযায়ী, ১৩ মে দক্ষিণ, ☛ ৬ এর পাতায় দেখুন

## চলতি মাসেই উদ্বোধন নতুন সংসদ ভবনের

।। অভিজিৎ রায়চৌধুরী।।

**নয়াদিল্লি, ১১ মে।।** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সম্ভবত এই মাসের শেষে নতুন সংসদ ভবন উদ্বোধন করবেন। নতুন ভবন সংক্রান্ত যাবতীয় কাজ শেষ হয়েছে। শুধু চূড়ান্ত ছোঁয়া বাকি।

নতুন সংসদ ভবনের নকশা অনুযায়ী তিনটি প্রবেশদ্বার থাকবে। এগুলি হল জ্ঞান দ্বার, শক্তিদ্বার ও কর্মদ্বার।

নতুন ভবনটি ত্রিভুজ আকারে এবং প্রতিটি প্রবেশপথে সুন্দর গ্যালারি থাকবে। প্রবেশপথে কোনার্ক চরকা থাকবে এবং নতুন সংসদ ভবনে চাণক্যের মূর্তিও স্থাপন করা হয়েছে।

ভোটের উদ্দেশ্যে নতুন অত্যাধুনিক সিস্টেমের সাথে অনেক ☛ ৬ এর পাতায় দেখুন

## তেলিয়ামুড়ায় পরস্ত্রীকে নিয়ে পালিয়ে গেল দুই সন্তানের জনক

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১১ মে।।** পরকীয়া প্রেমের জেরে পর স্ত্রীর হাত ধরে পালালো এক ব্যক্তি। পরকীয়ায় ছেয়ে গেছে তথাকথিত সভ্য সমাজ। বর্তমানে এই সভ্য সমাজে পরকীয়া প্রেমে হাবুডুবু খাচ্ছেন বহু বিবাহিত পুরুষ মহিলারা। কখনোবা নিজের পরিবারের সকল মোহমায়া ত্যাগ করে, পরকীয়া প্রেমিক-প্রেমিকাদের হাত ধরে পাড়ি দিচ্ছেন নিজেদের পরকীয়ার দুনিয়াতে।

এমন এক ঘটনা ঘটলো তেলিয়ামুড়া থানাধীন তুইমধু এলাকায়। ওই এলাকার বাসিন্দা দুই সন্তানের পিতা ৩৫ বছর বয়সি স্বপন দেববর্মা নিজের দুই পুত্র-কন্যা সন্তান সহ স্ত্রীকে ফেলে পরকীয়া প্রেমিকার হাত ধরে বাড়ি ছেড়ে চলে যান। স্থানীয় সূত্রে ☛ ৬ এর পাতায় দেখুন

## বিয়ের দাবিতে বাড়িতে ঢুকে হামলা হুজ্জতি, থানার দ্বারস্থ আক্রান্ত মহিলা

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১১ মে।।** বৃহস্পতিবার বিশালগড় গকুলনগরস্থিত সুকান্ত কলোনিতে বিয়ের দাবিতে বাড়িতে ঢুকে হুজ্জতি করার অভিযোগ উঠল। জানা যায়, এদিন সকাল দশটায় এলাকার যুবতী পুজা বিশ্বাস তার মা এবং কয়েকজনকে নিয়ে দিপালী সাহার বাড়িতে গিয়ে তান্ডব শুরু করে। পূজা বিশ্বাসকে দিপালী সাহার নাতি বৌ হিসাবে স্বীকৃতি দেওয়ার দাবি জানায়।

অন্যথায় দশ লক্ষ টাকা দেওয়ার জন্য দাবি জানান। পুজার মা ভগবতী নমঃ ধাক্কা মেরে মাটিতে ফেলে দেয় দিপালী সাহাকে। মাটিতে ফেলে মারধোর করে। বাড়ি থেকে বের করে দেয়। বাড়ি দখল নিয়ে নেয় পূজা ও তার প্রতিবেশীরা। পূজাকে নাতি বউ ☛ ৬ এর পাতায় দেখুন






### যান দূর্ঘটনা রোধে ও সড়ক সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে

# পরিবহণ দপ্তর ও ট্রাফিক পুলিশের মধ্যে সমন্বয় গড়ে তোলার পরামর্শ মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** রাজ্যের উন্নয়নে উন্নত পরিবহণ ব্যবস্থার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। রাজ্যের সার্বিক উন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকার উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে বহুমুখী পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। ফলে রাজ্যে বর্তমানে রেল, সড়ক ও বিমান যোগাযোগ ব্যবস্থায় অনেক উন্নতি হয়েছে।

আজ সচিবালয়ের ২নং সভাকক্ষে পরিবহণ দপ্তরের পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। সভায় পরিবহণ দপ্তরের বিভিন্ন প্রকল্পের পর্যালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে সড়ক দূর্ঘটনা রোধে ও সড়ক সুরক্ষার



বিষয়টি নিশ্চিত করতে পরিবহণ দপ্তর ও আরক্ষা দপ্তরের (ট্রাফিক) মধ্যে সমন্বয় গড়ে তুলে কাজ করতে হবে। সভায় মুখ্যমন্ত্রী প্রতিটি গাড়ি ও দ্বিচক্র যানে সরকারি গাইডলাইন অনুসারে নম্বর প্লেইট লাগানোর বিষয়টি দপ্তরকে গুরুত্বসহ দেখার নির্দেশ দিয়েছেন।

সভায় পরিবহণ দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা জানান, রাজ্যের বিমানপথে ☛ ৬ এর পাতায় দেখুন

## টাকা চুরি করে হাতেনাতে ধৃত মহিলা শ্রমিক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** টাকা চুরি করে হাতে নাতে ধরা পরলো পরিযায়ী মহিলা শ্রমিক। ঘটনায় বিশ্রামগঞ্জ বাজারে ভীষণ হইচই হয়েছে। খবর পেয়ে ছুটে গিয়েছে বিশ্রামগঞ্জ থানার পুলিশ।

জনৈক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, বৃহস্পতিবার দুপুরে বিশ্রামগঞ্জ বাজারে সাপ্তাহিক হাট বসেছিল। হাটে বাজার করার সময় এক মহিলার ব্যাগ থেকে পাঁচ হাজার টাকা চুরি করে নিয়ে যায় চোর। পর্বতী সময়ে ওই মহিলা ব্যাগে টাকা না পেয়ে চিৎকার চেচামেচি শুরু করেন। তখন উপস্থিত ক্রেতাদের সন্দেহ হয় বাজারে ঘুরাফেরা করা এক পরিযায়ী মহিলা শ্রমিকের দিকে। তাকে তল্লাশি চালিয়ে তার কাছ থেকে নগদ পাঁচ হাজার টাকা পাওয়া গিয়েছে। সাথে সাথে পুলিশকে খবর পাঠানো হয়েছিল। পুলিশ ওই পরিযায়ী মহিলাকে থানায় নিয়ে গেছে।

জাগরণ
আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ২০৮ ▫ ১২ মে ২০২৩ ইং ▫ ২৮ বৈশাখ ▫ শুক্রবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

## সহিষ্ণুতাই ভারতের ঐতিহ্য

বিশ্বের অন্যতম বৃহত্তম গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ দেশ ভারতবর্ষে সাম্প্রদায়িকতার বিষ বাষ্প পরিস্থিতিকে দিনের পর দিন আরও ঘোলাটে করিয়া তুলিতেছে। ইহার বিষময় ফল ভোগ করিতে হইতেছে দেশের শান্তিকামি মানুষজনকে। বিশ্বের অন্যতম বৃহত্তম গণতান্ত্রিক দেশে ইহা কোনভাবেই কাম্য হইতে পারে না। দেশের পবিত্র সংবিধানে প্রতিটি ধর্মের মানুষকে স্বাধীনভাবে ধর্মাধিকার দেওয়া হইয়াছে। সংবিধানে সকল ধর্মের অধিকার সমান বলিয়া গণ্য করা হইয়াছে। অথচ ধর্মনিরপেক্ষ রাষ্ট্র ভারতবর্ষে ধর্মনিয়া হানাহানি মারামারি কাটাকাটির ঘটনা প্রতিনিয়তই চলিতেছে। শুধু তাই নয় ধর্মীয় বিভেদ সৃষ্টি করিয়া ভোটের রাজনীতি চরম হইতে চরমতর আকার ধারণ করিতেছে। রাজনৈতিক দলগুলির মধ্যে অনেকেই ধর্মীয় ভাবেক সৃষ্টি করিয়া দলীয় স্বার্থ চরিতার্থ পরিবার চেষ্টা চালাইয়া যাইতেছে। ফলশ্রুতিতে দেশের আভ্যন্তরীণ নিরাপত্তা বিঘ্নিত হইবার যথেষ্ট আশংকা রহিয়াছে। অতি সম্প্রতি হরিয়ানায় গোরক্ষকদের হাতে নির্মমভাবে খুন হইয়াছে দুই সংখ্যালঘু যুবক। পুড়ে যাওয়া গাড়ির মধ্যে থেকে উদ্ধার দুই মুসলিম যুবকের দেহ। গোরক্ষকরাই দুই যুবককে অপহরণ করিয়া নির্মমভাবে হত্যা করিয়া। অভিযুক্ত ৮ গোরক্ষকের বিরুদ্ধে মামলা দায়ের হইয়াছে। এছাড়াও অভিযুক্ত বজরং দলের এক সদস্য। এই ঘটনাতেই দাঙ্গা পরিস্থিতি তৈরি হইয়াছে হরিয়ানার নূহ জেলায়। অশান্তি রুখিতে এলাকার ইন্টারনেট পরিষেবা করিয়াছে প্রশাসন।রাজস্থানের ভরতপুরের বাসিন্দা দুই যুবক নাসির ও জুনেইদ। বুধবার সকালে গাড়ি নিয়া দোকানে গিয়াছিলেন তাঁহারা। তাহার পর আর বাড়ি ফিরেনি। তাঁহাদের এক ভাই পুলিশের কাছে অপহরণের অভিযোগ করেন। এর পর হরিয়ানার ভিওয়ানি থেকে তাঁহাদের দেহ উদ্ধার হয়। ঘটনার পর থেকেই অশান্তি শুরু হইয়াছিল এলাকায়। রাস্তায় নামিয়া প্রতিবাদ দেখাইতে শুরু করে জনতা। একাধিক রাস্তা অবরোধ করে তাহারা। এইসঙ্গে দোকানপাটে ভাঙচুর চালানো হয়। শুক্রবার থেকেই নূহ-আলওয়ার জাতীয় সড়ক আটকে বিক্ষোভ দেখান এলাকার সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ। এই অবস্থায় সাম্প্রদায়িক অশান্তি এড়াইতে নূহ জেলায় ইন্টারনেট পরিষেবা বন্ধ করিয়াছে জেলা প্রশাসন। পুলিশের বক্তব্য, ফেসবুক, হোয়াটসঅ্যাপ, টুইটারের মতো সোশ্যাল মিডিয়া মারফত যাহাতে কোনওভাবেই গুজব না ছড়ায়, সেই কারণেই এই সিদ্ধান্ত নিয়াছে প্রশাসন। ধর্মনিরপেক্ষ রাষ্ট্র ভারতের ঐতিহ্য অক্ষুন্ন রাখিতে হইলে ধর্ম নিযয়া রাজনীতি বন্ধ করিতে হইবে। ধর্মীয় সংঘাতের বিরুদ্ধে রাষ্ট্রশক্তিকে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। দেশের আইন আদালতকে আরো কঠোর মনোভাব গ্রহণ করিতে হইবে। সার্বিক প্রচেষ্টাতেই দেশের সার্বভৌমত্ব ও ধর্মনিরপেক্ষতা অক্ষুন্ন থাকিবে।

# হারানো নিউট্রিনোদের খোঁজে

**ইশতিয়াক হোসেন চৌধুরী**

পৃথিবীতে আসা নিউট্রিনোদের প্রধান উৎস সূর্য। সেখানে নিউক্লিয়ার বিক্রিয়ার মাধ্যমে তৈরি হচ্ছে অজস্র নিউট্রিনো। প্রতি সেকেন্ডে এদের উৎপন্ন হওয়ার সংখ্যা প্রায় ১০৩৮টি। এই বিপুল সংখ্যক নিউট্রিনোরা সূর্য থেকে ছড়িয়ে পড়ে সবদিকে। বিজ্ঞানীরা হিসেব করে দেখেছেন, আমাদের শরীরের প্রতি বর্গ সে.মি. এলাকা ভেদ করে প্রতি সেকেন্ডে প্রায় ১০১২টি নিউট্রিনো চলে যাচ্ছে। এক সেকেন্ড! একটু ভাবুন তো, বিজ্ঞানীরা কীভাবে সূর্য থেকে উৎপন্ন বা আমাদের শরীর ভেদ করে চলে যাওয়া এসব নিউট্রিনোর সংখ্যা গুনলেন? এরা তো প্রায় কোনো কিছুর সঙ্গেই বিক্রিয়া করে না। তাহলে কোন জাদু বলে এদের সংখ্যা নির্ধারণ করলেন বিজ্ঞানীরা?

সূর্য থেকে আসা নিউট্রিনোদের সংখ্যা নির্ধারণে বিজ্ঞানীদের প্রথম চেষ্টা ছিল পুরোপুরি তাত্ত্বিক। এ জন্য তাঁরা ব্যবহার করেন 'স্ট্যান্ডার্ড সোলার মডেল'। এ মডেল অনুসারে সূর্যের আকার, এর ভেতরে চলমান নিউক্লিয়ার বিক্রিয়ার স্বরূপ, এ থেকে নির্গত শক্তির পরিমাণ ইত্যাদি তথ্য কাজে লাগিয়ে নির্ধারণ করা যায় উৎপন্ন নিউট্রিনোদের সংখ্যা। হিসাব করে বের করা নিউট্রিনোদের সব কিন্তু পৃথিবীতে আসে না। অধিকাংশই হারিয়ে যায় মহাশূন্যে। কতগুলো নিউট্রিনো পৃথিবীতে আসতে পারে, সেটিও তাত্ত্বিকভাবেই হিসাব করে বের করতে পারেন পদার্থবিদরা। এরপর শুরু হয় ফলাফল যাচাই করার পালা।

সেজন্য ডিজাইন করা হয় বিশেষ ধরনের সংবেদনশীল এক্সপেরিমেন্ট। কাজটি মোটেও সহজ ছিল না। কারণ আর কিছু নয়, নিউট্রিনোদের চরম নিষ্ক্রিয়তা। অবশেষে প্রথম সফলতা আসে মার্কিন পদার্থবিদ রে ডেভিসের হোমস্টেক এক্সপেরিমেন্টের মাধ্যমে, ১৯৬৫ সালে। এক্সপেরিমেন্টটি করা হয়েছিল যুক্তরাষ্ট্রের দক্ষিণ ডাকোটায় অবস্থিত হোমস্টেক খনিতে। সেখানে মাটির প্রায় এক মাইল গভীরে স্থাপন করা হয়েছিল বিশাল আকৃতির ট্যাংক। তাতে রাখা হয়েছিল প্রায় এক লাখ গ্যালন টেট্রাক্লোরোইথিলিন। এগুলোই ছিল নিউট্রিনো গণনা করার মূল হাতিয়ার। মাটির গভীরে থাকায় এরা অন্য প্রায় সব ধরনের বিকিরণের প্রভাব থেকে মুক্ত ছিল। সূর্য থেকে আসা নিউট্রিনোদের খুব সামান্য অংশ টেট্রাক্লোরোইথিলিনের সঙ্গে মিথস্ক্রিয়ায় অংশ নেয়। ফলে এগুলোতে থাকা ক্লোরিন পরমাণুরা পরিণত হয় তেজস্ক্রিয় আর্গনে। স্বাভাবিক ক্লোরিনে প্রোটনের সংখ্যা ১৭টি। অন্যদিকে আর্গনে প্রোটনের সংখ্যা ১৮টি। অর্থাৎ, নিউট্রিনোদের সঙ্গে মিথস্ক্রিয়ার ফলে ক্লোরিনে থাকা একটি নিউট্রন রূপান্তরিত হয় প্রোটনে। এভাবেই পাওয়া যায় তেজস্ক্রিয় আর্গন পরমাণু। কিছুদিন পর এই আর্গনগুলো ক্ষয় প্রক্রিয়ার মাধ্যমে আবারও ক্লোরিনে রূপান্তরিত হয়। ডিটেক্টরের মাধ্যমে এই তেজস্ক্রিয় আর্গনদের শনাক্ত করার মাধ্যমেই নিউট্রিনোদের প্রকৃত সংখ্যা জানা সম্ভব হয়। অবশ্য তেজস্ক্রিয় আর্গনদের দেখা পাওয়া ছিল খুব কঠিন। এক্সপেরিমেন্টের মাধ্যমে প্রতিদিন গড়ে একটি করে আর্গন খুঁজে পাওয়া যেত।

বেশ কয়েক বছর ধরে এক্সপেরিমেন্টটি চালানো হয়। পরীক্ষার প্রথম ফলাফল ঘোষণা করা হয় সত্তরের দশকের শুরুতে। এতে বেশ চমক অপেক্ষা করছিল কণাপদার্থবিদদের জন্য। সূর্য থেকে যে পরিমাণ নিউট্রিনো পৃথিবীতে আসার কথা, বাস্তবে খুঁজে পাওয়া যায় তার চেয়ে অনেক কম। মাত্র তিন ভাগের এক ভাগ। তাহলে এক্সপেরিমেন্টের কোথাও ভুল হয়েছে? নাকি স্ট্যান্ডার্ড সোলার মডেলেই রয়েছে গলদ?

নিউট্রিনোদের রূপ বদল

সবকিছু আবার গোড়া থেকে শুরু করা হলো। তাত্ত্বিক পদার্থবিদরা আবার হিসাব কষে বের করলেন সূর্য থেকে পৃথিবীতে আসা নিউট্রিনোদের সংখ্যা। কোনো ভুল পাওয়া গেল না। অন্যদিকে সব ধাপের কাজের নির্ভুলতা নিশ্চিত করে এক্সপেরিমেন্টের পুনরাবৃত্তি করা হলো। কিন্তু তাতেও পাওয়া গেল হুবহু একই ফল। সূর্য থেকে আসার পথে যেন নিউট্রিনোরা বেমালুম গায়েব হয়ে যাচ্ছে!

হারানো নিউট্রিনোদের খোঁজে এবার বিজ্ঞানীরা সম্পূর্ণ 'আউট অফ দ্য বক্স' চিন্তা-ভাবনা শুরু করলেন। আপাতদৃষ্টিতে অসম্ভব সব আইডিয়া নিয়ে কাজ শুরু হলো। তেমনি একটি আইডিয়ার নাম নিউট্রিনোদের স্পন্দন। এ ধারণার সূত্রপাত ঘটে ইতালিয়ান পদার্থবিদ ব্রুনো পন্টিকর্ভের হাত ধরে। স্ট্যান্ডার্ড মডেল থেকে আমরা জানি, নিউট্রিনোরা তিন ধরনের হতে পারে। ইলেকট্রন নিউট্রিনো, মিউওন নিউট্রিনো এবং টাউ নিউট্রিনো। নিউট্রিনো স্পন্দন তত্ত্ব অনুসারে, একধরনের নিউট্রিনো স্বতঃস্ফূর্তভাবে অন্য ধরনের নিউট্রিনোতে রূপান্তরিত হতে পারে। অর্থাৎ, ইলেকট্রন নিউট্রিনোরা রূপান্তরিত হতে পারে মিউওন বা টাউ নিউট্রিনোতে। আবার, ক্রমান্বয়ে ঘটতে পারে উল্টোটাও।

সহজে বোঝার জন্য একটি বাস্তব উদাহরণ দেওয়া যাক। ধরুন, বাসার ফ্রিজে দশ বোতল কোক রেখে দেওয়া হলো। পরের দিন ফ্রিজ খুলে দেখা গেল, কোকের সংখ্যা কমে হয়ে গিয়েছে নয়টি। আর ভেলকিবাজির মতো উদয় হয়েছে একটি পেপসির বোতল। বোতলগুলোকে কোনো ধরনের স্পর্শ না করে ফ্রিজটা বন্ধ করে রাখা হলো। কয়েকদিন পর সেটি আবার খুলে দেখা গেল, কোকের বোতলের সংখ্যা আরও কমে গেছে। নেমে এসেছে অর্ধেকে। অন্যদিকে পেপসির বোতলের সংখ্যা বেড়েছে সমান সংখ্যক। আরও কয়েকদিন পর ফ্রিজ খুললে দেখা যাবে, কোকের বোতলের কোনো অস্তিত্বই নেই। দশটি বোতলই পেপসিতে পরিপূর্ণ। এই ঘটনার পর থেকে ক্রমান্বয়ে ঘটবে উল্টো ঘটনা। পেপসি কমে গিয়ে বাড়বে কোকের সংখ্যা। ব্রুনোর তত্ত্ব অনুসারে, ঠিক এমন করেই নিউট্রিনোদের রূপ বদলের খেলা চলতে থাকে। পুরো বিষয়টাই এক ধরনের কোয়ান্টাম মেকানিক্যাল ইফেক্ট। ব্রুনোর তত্ত্ব যদি সঠিক হয়, তাহলে এক্সপেরিমেন্টে নিউট্রিনোদের সংখ্যা কম পাওয়ার একটি যৌক্তিক ব্যাখ্যা খুঁজে পাওয়া যায়। সূর্যের বুকে সংঘটিত হওয়া বিভিন্ন ধরনের নিউক্লিয়ার বিক্রিয়া থেকে কেবল উৎপন্ন হয় ইলেকট্রন নিউট্রিনোরা। কারণ, অন্য ধরনের নিউট্রিনো উৎপন্ন হতে যে পরিমাণ শক্তি প্রয়োজন পড়ে, তা সূর্যের কেন্দ্রে থাকে না। উৎপন্ন হওয়ার পর সেগুলো পৃথিবীতে আসার পথে যদি মিউওন নিউট্রিনো বা টাউ নিউট্রিনোতে রূপান্তরিত হয়, তাহলে স্বাভাবিকভাবেই এক্সপেরিমেন্টের মাধ্যমে শনাক্তকৃত মোট নিউট্রিনোর সংখ্যা কম হবে। কারণ হোমস্টেক এক্সপেরিমেন্ট বা একই মূল নীতি অনুসরণ করে ডিজাইন করা অন্য এক্সপেরিমেন্টগুলো ইলেকট্রন নিউট্রিনো ছাড়া অন্যদের শনাক্ত করতে পারে না। আমরা যদি ইলেকট্রন নিউট্রিনোদের সঙ্গে একই দিক থেকে আসা অন্য নিউট্রিনোদেরকেও শনাক্ত করার প্রযুক্তিগত সক্ষমতা অর্জন করতে পারি, তাহলে খোঁজ মেলার কথা হারানো নিউট্রিনোদের। সেই সঙ্গে নিশ্চিতভাবে প্রমাণিত হবে নিউট্রিনোদের স্পন্দন তত্ত্ব। পরবর্তীতে ঠিক এ কাজটাই করা সম্ভব হয় সাডবারি নিউট্রিনো অবজারভেটরিতে। সাডবারি নিউট্রিনো অবজারভেটরি স্থাপন করা হয় কানাডাতে। মাটির নিচে প্রায় দুই কিলোমিটার গভীরে। এতে নিউট্রিনো টার্গেট হিসেবে ব্যবহার করা হয় ভারী পানি। এদের পরিমাণ ছিল প্রায় ১ হাজার টন। ডিটেক্টর হিসেবে অবজারভেটরিতে ব্যবহার করা হয় ৯ হাজারেরও বেশি ফটোমাল্টিপ্লায়ার টিউব। নিউট্রিনোরা যখন কালেভদ্রে ভারী পানির সঙ্গে বিক্রিয়া করে, তখনই উৎপন্ন হয় চেরেনকভ রেডিয়েশন। ভিন্ন ধরনের নিউট্রিনোর মিথস্ক্রিয়ার জন্য আলাদা সংখ্যক ফোটন উৎপন্ন হয়। আবার ফোটনদের উৎপন্ন হওয়ার প্যাটার্নও হয় আলাদা। ফলে ফটোমাল্টিপ্লায়ার টিউবের মাধ্যমে সহজেই শনাক্ত করা যায় সব ধরনের নিউট্রিনোদের। আর এভাবেই খোঁজ মেলে সূর্য থেকে আসার পথে হারিয়ে যাওয়া নিউট্রিনোদের। সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় নিউট্রিনোদের স্পন্দন। এই এক্সপেরিমেন্ট থেকে আরেকটি গুরুত্বপূর্ণ তথ্য নিশ্চিত করতে সক্ষম হন বিজ্ঞানীরা। নিউট্রিনোদের ভর কোনোভাবেই শূন্য হতে পারে না। কারণ, একধরনের নিউট্রিনোরা অন্য ধরনের নিউট্রিনোতে রূপান্তরিত হতে হলে অবশ্যই খুব সামান্য হলেও ভরের অস্তিত্ব থাকতে হবে। তবে নিউট্রিনোদের ভরের সঠিক মান বিজ্ঞানীরা এখনও নিশ্চিতভাবে বের করতে পারেননি। তবে তাঁদের চেষ্টা থেমে নেই। দেখা যাক, এবার তাঁরা আবার কোনো চমক দেখাতে পারেন কি না!

## সপ্তাহান্তে টানা ১৪ ঘণ্টা তারকেশ্বর লাইনে বন্ধ ট্রেন চলাচল, বাতিল বহু লোকাল

কলকাতা, ১১ মে (হি. স.) : সপ্তাহান্তে তারকেশ্বর লাইনে বন্ধ থাকবে ট্রেন চলাচল। ফলে ভুগতে হবে ট্রেনযাত্রীদের একাংশকে।

শেওড়াফুলি-দিয়াড়ার মাঝে তৈরি হবে নতুন একটি কালভার্ট ব্রিজ। এজন্য শনিবার রাত সাড়ে দশটার থেকে সাড়ে ১৪ ঘণ্টা তারকেশ্বর শাখায় ট্রেন চলাচল বন্ধ রাখবে রেল। যার জেরে শনিবার রাতে হাওড়া থেকে বাতিল তিনটি আপ লোকাল। ডাউনে একটি গোঘাট লোকাল বাতিল থাকবে। রবিবার ভোররাত থেকে আপে ১৬টি তারকেশ্বর লোকাল বাতিল করা হয়েছে। শেওড়াফুলি-তারকেশ্বরের মধ্যে দু'টি আপ লোকাল ট্রেন বাতিল হবে। ওই দিন ডাউনে তেরোটি তারকেশ্বর লোকাল বাতিল থাকবে। আরামবাগ থেকে তিনটি, গোঘাট থেকে তিনটি সিঙ্গুর ও হরিপাল থেকে একটি করে ডাউন ট্রেন বাতিল থাকবে। সিঙ্গুর-তারকেশ্বরের মধ্যে দু'টি শাটল ট্রেন চলবে। তারকেশ্বরের থেকে সকাল সাড়ে সাতটা ও দশটার সময় ছাড়বে ট্রেন দু'টি। সিঙ্গুর থেকে ছাড়বে সকাল সাড়ে আটটা ও এগারোটার সময়। পূর্ব রেল সূত্রে জানা গিয়েছে, শেওড়াফুলি-দিয়াড়ার মাঝে একটি কালভার্ট ব্রিজ থাকলেও তা দিয়ে নিকাশী জল ঠিকমতো যেতে পারেনা। ফলে লাইন খারাপ হচ্ছিল। এজন্য আরও একটি নতুন কালভার্ট ব্রিজ তৈরি করা হচ্ছে। ফলে ট্রেন বাতিলের এই সিদ্ধান্ত। প্রসঙ্গত, বৃহস্পতিবার সকাল থেকে রাজ্যে রেল পরিষেবায় জোড়া দুর্ভোগ। একদিকে শক্তিগড়ে দুর্ঘটানর জেরে হাওড়া-বর্ধমান শাখায় ট্রেন চলাচল বিপর্যস্ত। অন্যদিকে, ওভারহেডের তার ছিঁড়ে দীর্ঘসময় বন্ধ ছিল তারকেশ্বর-আরামবাগ লাইনে ট্রেন চলাচল। বাতিল হয় একাধিক ট্রেন। সবমিলিয়ে সপ্তাহের ব্যস্তদিনে চরম হয়রানির মুখে পড়তে হয় নিত্যযাত্রীদের। তবে আজকেই ভোগান্তি থামছে না।

## শ্যামনগরে অটোচালকদের দৌরাত্ম্য, বচসা-হাতাহাতিতে জখম ৫ সিভিক ভলান্টিয়ার

উত্তর ২৪ পরগনা, ১১ মে (হি. স.) : শ্যামনগর স্টেশনের সামনে 'বেআইনিভাবে' অটো রাখা ঘিরে বৃহস্পতিবার অশান্তি হয়। সিভিক ভলান্টিয়ার ও পুলিশ কর্মীকে মারধরের অভিযোগ উঠেছে কিছু অটো চালকের বিরুদ্ধে। জখম ৫ সিভিক ভলান্টিয়ার ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। স্টেশনের সামনে অটো রাখাকে কেন্দ্র করে নিত্য অশান্তি। স্টেশনের সামনে দীর্ঘক্ষণ অটো দাঁড় করিয়ে রাখার অভিযোগ। সম্পূর্ণ ভরতি না হওয়া পর্যন্ত অটো সরাতে চান না চালকরা, বারবার এমন অভিযোগ করেছেন এলাকার দোকানিরা। বৃহস্পতিবারও স্টেশনের সামনে অটো দাঁড় করিয়ে রাখেন চালকরা। এক সিভিক ভলান্টিয়ার বারণ করলে তাঁর উপর চড়াও হন চালকরা। এমনই অভিযোগ। দু'পক্ষের মধ্যে প্রথমে বচসা, পরে হাতাহাতি শুরু হয়ে যায়। খবর পেয়ে ছুটে আসেন পুলিশ কর্মীরাও। তাতে অশান্তির পারদ চড়ে আরও। দু'পক্ষের মধ্যে মারামারি বেঁধে যায়। আহত হন পাঁচ সিভিক পুলিশ। তাঁদের উদ্ধার করে ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। প্রাথমিক চিকিৎসা করানো হয়। সিভিক পুলিশের অভিযোগ, স্টেশনের সামনে বেআইনিভাবে অটো দাঁড় করিয়ে রাখে। প্রতিবাদ করলে খুনের হুমকি দেয়। এদিন অটো সরাতে বলায় বচসা বেঁধে যায়। তা হাতাহাতি অবধি গড়ায়। পুলিশ কর্মীকে ধাক্কা দেয় অটোচালকরা দাবি দখম সিভিক ভলান্টিয়ারদের।

## সেরা ব্যাটারদের তালিকায় চার জনের মধ্যে তিনজনই পাকিস্তানের

দুবাই,১১মে(হি.স.): আইসিসি ওয়ানডে র‍্যাঙ্কিংয়ে চার নম্বরে উঠে এলেন পাকিস্তানের এই ওপেনার ইমাম-উল-ইক। নিউজিল্যান্ডের বিরুদ্ধে ভালো পারফরমেন্স করার পর তিনি এই সাফল্য পেলেন।

বুধবার (১১ মে) ক্রিকেটারদের র‍্যাংকিং প্রকাশ করেছে আইসিসি। ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে প্রথম চার জনের মধ্যে তিনজনই এখন পাকিস্তানের।

শীর্ষে রয়েছেন পাকিস্তান অধিনায়ক বাবর আজম ও তিন নম্বরে বিধ্বংসী ওপেনার ফখর জামান। তাদের মাঝে দুই নম্বরে রয়েছেন দক্ষিণ আফ্রিকার রাসি ফন ডার ডাসেন।

# ইউএফও এবং পদার্থবিজ্ঞানের নিয়ম

*ইউএফও, উড়ন্ত চাকি, উড়ন্ত সসারযে নামেই ডাকা হোককল্পিত ভিনগ্রহী প্রাণীদের আকাশযান হিসেবেই পরিচিতি জিনিসটা। প্রায়ই নাকি দেখা যায় বিশ্বজুড়ে। তা নিয়ে কত হই চই, কত-শত গুজব! এসব গুজবের পালে হাওয়া দেন একদল কন্সপিরেসি থিওরিস্ট, যাঁরা আবার নিজেদের বিজ্ঞানী বলে দাবি করতে ভালোবাসেন। আর যাঁরা এগুলো দেখেছেন বলে দাবি করেন, তারা রাতারাতি সেলিব্রেটিতে পরিণত হন। কিন্তু বিজ্ঞান কী বলে? আসলেই কি এই মুহূর্তে পৃথিবীতে ভিনগ্রহের কোনো উন্নত সুপারক্রাফট আসা সম্ভব? যদি সম্ভবই হয়, তাহলে পৃথিবীর বিজ্ঞানীদের নজর এড়িয়ে শুধু গুজব সৃষ্টিকারীদের চোখেই কেন বার বার ধরা দেয়? আসুন ইউএফওর বৈজ্ঞানিক ব্যবচ্ছেদ করা যাক।* ***প্রদীপ দেব***

আনআইডেন্টিফায়েড ফ্লাইং অবজেক্ট বা ইউএফও সম্পর্কে প্রচারণা শুরু হয়েছিল গত শতাব্দীর মাঝামাঝি সময়ে। ১৯৪৭ সালের জুলাই মাসে যুক্তরাষ্ট্রের নিউ মেক্সিকো রাজ্যের মরুভূমিতে রসওয়েল নামের জায়গায় কিছু ধাতব ধ্বংসাবশেষ পাওয়া যায়। সেখান থেকেই শুরু। প্রচার করা হতে থাকে যে মহাকাশের অজানা কোনো গ্রহ থেকে আগন্তুকেরা আমাদের পৃথিবীতে এসেছে এ ধরনের উড়ন্ত যানবাহন নিয়ে, সেগুলোরই কোনোটা এখানে বিধ্বস্ত হয়েছে।

এরপর যুক্তরাষ্ট্রের বিভিন্ন জায়গায় অতি---উৎসাহী অনেক মানুষ প্রচার করতে থাকে যে বিশাল চাকতির মতো বস্তু তারা আকাশে উড়তে দেখেছে। বেশির ভাগ ক্ষেত্রেই সেই চাকতিগুলো হঠাৎ দেখা দিয়েই অদৃশ্য হয়ে গেছে। ওগুলোর নাম হয়ে যায় উড়ন্ত চাকতি বা 'ফ্লাইং সসার'। অনেকে এগুলোর ছবিও তুলেছেন, রাডারেও ধরা পড়েছে কয়েকটি চাকতিসদৃশ বস্তু। বিজ্ঞানীরা এসব পরীক্ষা করে দেখেছেন। সব ক্ষেত্রেই প্রমাণিত হয়েছে, এগুলো হয় উড়ন্ত বেলুন কিংবা অন্য কোনো প্রাকৃতিক ঘটনার ফলে সৃষ্ট আকাশচিত্র, যা দূর থেকে উড়ন্ত চাকতির মতো মনে হয়। কিন্তু অতিপ্রাকৃত বিষয়ে বিশ্বাসী বৈজ্ঞানিক যুক্তি মানতে নারাজ। তাঁরা বিভিন্ন ধরনের মনগড়া খবর তৈরি করতে থাকেন। কেউ কেউ ভুয়া ছবি ও ভিডিও প্রচার করতে থাকেন, যা অনেকেই বিশ্বাস করেন। ৭০ বছর ধরে ইউএফও নিয়ে চর্চা করছে কিছু মানুষ। তাদের বিশ্বাস, ইউএফও হলো মহাকাশের অন্য কোনো গ্রহ-নক্ষত্র থেকে আসা নভোযান, যেগুলো অতিদ্রুত যেমন আসতে পারে, তেমনি অতিদ্রুত চলেও যেতে পারে। ইউএফওর ইতিহাস, গ্রহণযোগ্যতা ইত্যাদির পক্ষে-বিপক্ষে অনেক লেখা প্রকাশিত হয়েছে, ভবিষ্যতেও হবে। ২০২১ সালের জুন মাসে যুক্তরাষ্ট্রের অফিস অব দ্য ডিরেক্টর অব ন্যাশনাল ইন্টেলিজেন্স একটি ঘোষণাপত্র প্রকাশ করে, যেখানে এ ধরনের অজানা উড়ন্ত বস্তুর ধারণা থেকে উদ্ভূত বিপদের আশঙ্কা যাচাই ও প্রতিরোধের জন্য ব্যবস্থা চালু রাখার কথা বলা হয়েছে। এটি যুক্তরাষ্ট্রের নিজস্ব নিরাপত্তাব্যবস্থার অংশ। কারণ, ইউএফওর ছদ্মবেশে আকাশপথে আক্রমণ যেন না ঘটতে পারে, তার জন্য তাদের প্রস্তুত থাকতে হবে। যুক্তরাষ্ট্রের দেখাদেখি এ রকম ব্যবস্থা অন্যান্য দেশও নিতে পারে; কিন্তু তার অর্থ এই নয় যে রাষ্ট্রীয়ভাবে ইউএফওর অস্তিত্ব মেনে নেওয়া হচ্ছে।

এ প্রবন্ধে আমরা ইউএফওর রাজনীতি বা অন্যান্য দিক নিয়ে আলোচনা করব না। আমরা শুধু দেখব, আমাদের গ্রহণযোগ্য প্রতিষ্ঠিত পদার্থবিজ্ঞানের নিয়ম মেনে মহাকাশের অন্য কোনো গ্রহ-নক্ষত্র থেকে এসব মহাকাশযানের পৃথিবীতে আসা সম্ভব কি না।

যারা ইউএফওর পক্ষে প্রচারণা চালায়, তারা দাবি করে যে মহাকাশের অন্য গ্রহ থেকে আসা এসব নভোযানের ব্যাস ১৫ মিটার থেকে শুরু করে ১০০ মিটার বা তার চেয়ে বেশি। সেখানে অন্য গ্রহের মানুষও থাকে, যারা আমাদের গ্রহের মানুষের চেয়ে উন্নত। এসব ধারণা যদি সত্যি হয়, তাহলে আমাদের ধরে নিতে হবে, এসব নভোযান পৃথিবীর পদার্থবিজ্ঞানের নিয়ম মেনেই এখানে আসে। মহাবিশ্বের সবকিছুই মহাকর্ষ বলের দ্বারা পরস্পরের দিকে আকৃষ্ট। গ্রহ-উপগ্রহ -নক্ষত্র -গ্যালাক্সিসবকিছুরই নিজস্ব মাধ্যাকর্ষণ বল আছে, তাকে অস্বীকার করার কোনো উপায় নেই। নিউটনের মহাকর্ষ বলের সূত্র সব জায়গাতেই খাটে। পদার্থের ভর, বেগ, ত্বরণ, শক্তি ইত্যাদির যে নিয়ম পদার্থবিজ্ঞানে আছে, কোনো কিছুরই তার বাইরে যাওয়ার উপায় নেই। ইউএফওকেও এসব নিয়ম মানতে হবে। মহাবিশ্বের গতি—প্রকৃতির সবচেয়ে আধুনিক এবং গ্রহণযোগ্য যে পরীক্ষিত তত্ত্ব পদার্থবিজ্ঞানে আছে, তা হলো আইনস্টাইনের আপেক্ষিকতার তত্ত্ব। আপেক্ষিকতার বিশেষ তত্ত্ব বা স্পেশাল থিওরি অব রিলেটিভিটি অনুযায়ী মহাবিশ্বের যেকোনো কাঠামোতে পদার্থবিজ্ঞানের নিয়মগুলো সমানভাবে প্রযোজ্য। তাহলে মহাবিশ্বের যে প্রান্ত থেকেই আসুক না কেন, নভোযানগুলোকে পদার্থবিজ্ঞানের নিয়ম মেনে চলতেই হবে।

আপেক্ষিকতার বিশেষ তত্ত্বের দ্বিতীয় নীতি হলো, শূন্যমাধ্যমে আলোর গতিই হচ্ছে পদার্থের সর্বোচ্চ গতি; অর্থাৎ সেকেন্ডে ১ লাখ ৮৬ হাজার মাইল বা ৩ লাখ কিলোমিটারের বেশি গতিতে কোনো কিছুই চলতে পারে না।

মানুষ মহাকাশে বিভিন্ন ধরনের স্যাটেলাইট বা কৃত্রিম উপগ্রহ পাঠানো শুরু করেছে বিংশ শতাব্দীর মাঝামাঝি। গত ৬০ বছরে সৌরজগতের সব কটি গ্রহ-উপগ্রহের প্রায় সব জায়গা জরিপ করা হয়ে গেছে। আমাদের সৌরজগতের বাইরেও হাজার হাজার গ্রহ আবিষ্কার করে ফেলেছে। মহাকাশের আরও দূরতম স্থানে দূরবীক্ষণ যন্ত্র স্থাপন করে মহাবিশ্ব পর্যবেক্ষণ করার জন্য অতিসম্প্রতি মহাকাশে পাঠানো হয়েছে জেমস ওয়েব টেলিস্কোপ। মহাবিশ্বে পৃথিবী ছাড়া অন্য গ্রহে প্রাণের অস্তিত্ব আছে কি না, তার অনুসন্ধান চলছে গত কয়েক দশক। কিন্তু বিজ্ঞানীরা এখনো কোথাও ভিনগ্রহের প্রাণীর সন্ধান পাননি। তবু যদি কেউ বলেন যে মহাবিশ্বের অজানা কোনো গ্রহ থেকে ইউএফওর মাধ্যমে ভিনগ্রহের প্রাণীরা আমাদের গ্রহে নিয়মিত আসা-যাওয়া করছে, তাহলে আমাদের পদার্থবিজ্ঞানের নিয়মে আমরা হিসাব করে দেখতে পারি, সেটি সম্ভব কি না। পৃথিবী থেকে মহাশূন্যে মহাকাশযান পাঠাতে হলে পদার্থবিজ্ঞানের যেসব নিয়মকানুন মেনে প্রস্তুতি নিতে হয় এবং মহাকাশযান পাঠানোর ব্যবস্থা করতে হয়, তা আমরা এখন জানি। পৃথিবী থেকে এ পর্যন্ত সর্বোচ্চ যে গতিতে মহাকাশে স্যাটেলাইট পাঠানো সম্ভব হয়েছে, সেটি হলো পার্কার সোলার প্রোব। সূর্যের উদ্দেশে ২০১৮ সালের আগস্ট মাসে পাঠানো হয়েছে এই স্যাটেলাইট। ঘণ্টায় প্রায় সাত লাখ কিলোমিটার বেগে ছুটছে ওই স্যাটেলাইট। ২০২৪ সালে এটি সূর্যের কাছাকাছি পৌঁছাবে। এটি হলো বাস্তবতা, শুধু আমাদের পৃথিবী থেকে সূর্যের কাছাকাছি পৌঁছাতেই ছোট্ট একটি স্যাটেলাইটের সময় লাগছে ছয় বছরের বেশি। সেখানে কথিত ইউএফও আলোর চেয়ে দ্রুতগতিতে আসছে, আবার চলেও যাচ্ছে, এটি অবিশ্বাস্য।

সৌরজগতের সব কটি গ্রহ-উপগ্রহের পূর্ণাঙ্গ জরিপ আমাদের হাতে আছে। সেখানে কোনো প্রাণীর সন্ধান পাওয়া যায়নি। আমাদের সৌরজগতের বাইরে সবচেয়ে কাছের নক্ষত্র আলফা সেনটাউরির দূরত্ব প্রায় ৪ দশমিক ২৫ আলোকবর্ষ; অর্থাৎ সেখান থেকেও কোনো কিছু আলোর বেগেও যদি আসে, সময় লাগবে সোয়া চার বছর। কিন্তু আলোর বেগে যদি আসে, সেটা আলোই হবে, পদার্থ নয়।

বৈজ্ঞানিক যুক্তির খাতিরে ধরে নিই, কথিত ইউএফও একটি মহাকাশযান, যার নাম 'কল্পনা', যা আমাদের কাছের নক্ষত্রের জগতের কোনো গ্রহ থেকে পৃথিবীতে আসছে। ধরে নিলাম, সেই গ্রহের দূরত্ব পৃথিবী থেকে পাঁচ আলোকবর্ষ। ধরা যাক, তিনজন নভোচারীসহ নভোযান 'কল্পনা' সেই গ্রহ থেকে পৃথিবীর উদ্দেশে রওনা দিল। আমরা জানি, গ্রহান্তরে রওনা দেওয়া খুব একটা সহজ কাজ নয়। রকেটের সাহায্যে ওই নভোযানকে সেই গ্রহের মাধ্যাকর্ষণের বাইরে পাঠিয়ে দিয়ে পাঁচ আলোকবর্ষ দূরত্ব পেরিয়ে সৌরজগৎ এবং তার অন্য গ্রহ-উপগ্রহগুলোর মাধ্যাকর্ষণ অতিক্রম করে পৃথিবীর কক্ষপথে প্রবেশ করে পৃথিবীর মাধ্যাকর্ষণে ঢুকতে হবে।


ধরে নিলাম, এসব হিসাব করেও মহাকাশযান কল্পনার সর্বোচ্চ গতি ঠিক করা হলো আলোর বেগের অর্ধেক; অর্থাৎ সেকেন্ডে দেড় লাখ কিলোমিটার। সেই গতিতে এলেও পৃথিবীতে আসতে কল্পনার সময় লাগবে ১০ বছর। চলে যাওয়ার জন্য আরও ১০ বছর। তিনজন নভোচারীর ২০ বছরের খাওয়াদাওয়া এবং অন্যান্য রসদ থাকতে হবে নভোযানে। ২০ বছর ধরে নভোযান চলার যন্ত্রপাতি এবং জ্বালানি লাগবে। সৌরশক্তি ব্যবহার করলেও সেই শক্তি তৈরি করার যন্ত্রপাতি লাগবে।

পৃথিবী থেকে যেসব মহাকাশযান পৃথিবীর বাইরে পাঠানো হয়েছে, সেই অভিজ্ঞতার আলোকে ধরে নেওয়া যায়যন্ত্রপাতি, রসদ, জ্বালানিসহ কল্পনার মোট ভর ১০৭ কিলোগ্রাম (১০ হাজার টন)। এই মহাকাশযান উৎক্ষেপণের পর যদি ৯.৮ মিটার/বর্গ সেকেন্ড হারে ত্বরণ হয়, তাহলে সর্বোচ্চ গতি সেকেন্ডে দেড় লাখ কিলোমিটারে পৌঁছাতে সময় লাগবে ১৭৭ দিন। ১৭৭ দিনের মধ্যে আকাঙ্ক্ষিত গতিতে পৌঁছানোর জন্য কল্পনায় শক্তি সরবরাহ করতে হবে প্রতি সেকেন্ডে প্রায় ১ দশমিক ৮ মেগাটন। নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্টের চেয়ে বেশি জটিল এই শক্তি সরবরাহের প্রক্রিয়া। শতকরা ১০০ ভাগ নিশ্চয়তার সঙ্গে এই শক্তি সরবরাহ করতে হবে কল্পনায়। বিভিন্ন গ্রহ-উপগ্রহের মাধ্যাকর্ষণ বল এড়াতে এই শক্তির সরবরাহ নিয়ন্ত্রণ করতে হবে অকল্পনীয় দক্ষতায়। কল্পনার গতি নিয়ন্ত্রণে এই শক্তির নিয়ন্ত্রণ জরুরি। এত বেশি পরিমাণ নিয়ন্ত্রিত শক্তি সরবরাহ করা অসম্ভব। উল্লিখিত পরিমাণ শক্তি থেকে যে পরিমাণ তাপ উৎপন্ন হবে, তার সবটুকুই বিকীর্ণ হয়ে যেতে হবে। এর সামান্য অংশও যদি কল্পনায় রয়ে যায়, তাহলে মহাকাশযানের তাপমাত্রা বেড়ে যাবে কয়েক হাজার ডিগ্রি সেলসিয়াস। স্টিফেন বোলজম্যানের তাপ বিকিরণের সূত্র প্রয়োগ করলে দেখা যায়, কল্পনার ১০০ বর্গমিটার ক্ষেত্রফল বিশিষ্ট উপরিতলের তাপমাত্রা হয় প্রায় ৬ লাখ ডিগ্রি সেলসিয়াস। এই তাপমাত্রার এক শতাংশও যদি মহাকাশযানে শোষিত হয়, মহাকাশযানের তাপমাত্রা হবে ছয় হাজার ডিগ্রি সেলসিয়াস। সেই তাপে কল্পনা বাষ্প হয়ে যাবে। যদি কল্পনার বেগ কমানো হয়, তাহলে শক্তির হার কম লাগবে। ধরা যাক, আলোর বেগের অর্ধেকের পরিবর্তে আলোর বেগের ১ শতাংশ বেগে কল্পনা পৃথিবীতে আসছে। সে হিসাবে পৃথিবীতে আসতে এর সময় লাগবে ৫০ বছর, যেতে সময় লাগবে আরও ৫০ বছর। তখন ১০০ বছরের রসদ লাগবে। কল্পনা আরও ভারী হয়ে যাবে। কিন্তু ১০০ বছরের যাত্রাপথ কিছুতেই আলোর গতিতে আসা-যাওয়া হতে পারে না।

আমরা দেখেছি, প্রচণ্ড গতিতে কোনো কিছু পৃথিবীর বায়ুমণ্ডলের বাইরে থেকে পৃথিবীতে আসার সময় পৃথিবীর বায়ুমণ্ডলের সঙ্গে সংঘর্ষে প্রচণ্ড তাপের সৃষ্টি হয়। আলোর গতির কাছাকাছি কোনো গতিতে যে তাপ তৈরি হবে, সেই তাপে মহাকাশযান অক্ষত থাকার কথা নয়। সুতরাং দেখা যাচ্ছে, প্রচলিত পদার্থবিজ্ঞানের কোনো নিয়মেই ইউএফও পৃথিবীর বাইরের কোনো অজানা গ্রহ থেকে আসতে পারে না। যদি বলা হয়ে থাকে, ওরা এই মহাবিশ্বের পদার্থবিজ্ঞানের নিয়মে চলে না, অন্য কোনো নিয়মে চলে, তাহলে বলতে হবে, ওটা নিছক কল্পনা, বাস্তবের সঙ্গে তার কোনো সম্পর্ক প্রমাণিত হয়নি।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# ভারত মহাসাগর সম্মেলনে যোগ দিতে ঢাকায় ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্কর



মনির হোসেন,ঢাকা,মে ১১।। ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর ১২ থেকে ১৩ মে বাংলাদেশে আয়োজিত '৬ষ্ঠ ভারত মহাসাগর সম্মেলন ২০২৩'-এ যোগ দিতে আজ বিকেলে এখানে এসে পৌঁছেছেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম ভারতের পররাষ্ট্রমন্ত্রীকে স্বাগত জানান। এ সময় বাংলাদেশে ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মেলন উদ্বোধন করবেন এবং জয়শঙ্কর উদ্বোধনী অনুষ্ঠানে মূল বক্তব্য দেবেন।

জয়শঙ্করকে স্বাগত জানানোর পর শাহরিয়ার টুইট করে বলেন, বৃহত্তর আঞ্চলিক সমৃদ্ধির জন্য তার ধারণা বিনিময়ের অপেক্ষা করছি। তিনি বলেন,ড় এস জয়শঙ্করকে স্বাগত জানাতে পেরে 'সর্বদাই আনন্দিত, যিনি সবসময় আইওসিকে সমর্থন করেছেন। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতায় ইন্ডিয়া ফাউন্ডেশন ষষ্ঠ বারের মত এই সম্মেলনের আয়োজন করছে। শান্তি, সমৃদ্ধি এবং একটি টেকসই ভবিষ্যতের জন্য অংশীদারিত্ব শীর্ষক প্রতিপাদ্যে অনুষ্ঠিত এই সম্মেলন হবে ভারত মহাসাগর অঞ্চলকে শক্তিশালী করতে রোডম্যাপ চার্ট করার জন্য মূল স্টেকহোল্ডারদের এক উজ্জ্বল সমাবেশ। ভারত মহাসাগর সম্মেলন (আইওসি) ২০১৬ সালে শুরু হয় এবং গত ছয় বছরে এটি আঞ্চলিক ইস্যুতে এই অঞ্চলের দেশগুলোর জন্য 'ফ্ল্যাগশিপ কনসালটেটিভ ফোরাম' হিসাবে আবির্ভূত হয়ছে।

## বিচারপতি মান্থা গড়লেন কালিয়াগঞ্জে ছাত্রী খুনের তদন্তে সিট

কলকাতা, ১১ মে (হি. স.) : কালিয়াগঞ্জে নাবালিকার মৃত্যুর ঘটনায় সিট গঠন করল কলকাতা হাইকোর্ট। প্রাক্তন সিবিআই কর্তা উপেন বিশ্বাস, প্রাক্তন আইজি পঙ্কজ দত্ত ও কলকাতা পুলিশের স্পেশাল সিপি (১) দময়ন্তী সেনকে নিয়ে এই সিট গঠন হচ্ছে। হাইকোর্টের নজরদারিতে তদন্ত করবে সিট।


বৃহস্পতিবার অত্যন্ত গুরুত্বপূর্ণভাবে হাইকোর্টের বিচারপতির মন্তব্য "প্রচণ্ড চাপের মুখে কাজ করতে পারছে না পুলিশ, তাই এই সিট গঠন''। প্রয়োজন মনে করলে দ্বিতীয়বার ময়নাতদন্ত করাতে পারবে সিট, নির্দেশ হাইকোর্টের। পাশাপাশি নাবালিকার পরিবারের নিরাপত্তা সুনিশ্চিত করবে পুলিশ, নির্দেশ হাইকোর্টের। সত্য সামনে আসা দরকার, মন্তব্য বিচারপতি রাজাশেখর মান্থার। জাতীয় শিশু সুরক্ষা কমিশন সহ বাকিরা রিপোর্ট ও তথ্য সিটকে দিতে পারবে, নির্দেশ হাইকোর্টের।

১৬ বছরের মেয়েকে ধর্ষণ করে খুনের অভিযোগে, সম্প্রতি আগুন জ্বলে উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে। ঘটনায়, উত্তাল হয় রাজ্য রাজনীতি। জনস্বার্থ মামলা হয় কলকাতা হাইকোর্টে। সিবিআই-তদন্তের দাবিতে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয় মৃতার পরিবার। এই মামলায় অন্তর্ভুক্ত হতে চেয়ে কলকাতা হাইকোর্টে আবেদন করেন শুভেন্দু অধিকারী। ঘটনায় আগেই পুলিশের কাছে রিপোর্ট তলব করেছিল হাইকোর্ট।

বুধবার এই মামলায়, বিচারপতি মান্থা বলেন, প্রচণ্ড চাপের মুখে কাজ করতে পারছে না পুলিশ। সুরতহাল ও ময়নাতদন্তের সময়ের মধ্যে সন্দেহজনক পার্থক্য রয়েছে। তাই এই সিট গঠন। নিয়ম অনুযায়ী, ইনকোয়েস্ট বা সুরতহালের সময় পরিবারের সদস্যকে উপস্থিত থাকতে হবে। বিচারপতি জানিয়েছেন, এই ক্ষেত্রে পরিবারের কেউ উপস্থিত ছিলেন না। তাই এক্ষেত্রে প্রয়োজন মনে করলে দ্বিতীয়বার ময়নাতদন্ত করতে পারবে।

এদিন বিচারপতি নির্দেশ দেন, প্রয়োজন মনে করলে, আরও সদস্য নিয়োগ করতে পারে সিট। তদন্তে সিটকে সমস্তরকমভাবে সাহায্য করবে রাজ্য। কেস ডায়রি ও অন্যান্য নথি সিটকে দেবে রাজ্য পুলিশ।জাতীয় শিশু সুরক্ষা কমিশন সহ বাকিরা রিপোর্ট ও তথ্য সিটকে দিতে পারবে। তদন্ত চলাকালীন বাইরে নিজেদের মত প্রকাশ করবেন না সিটের সদস্যরা।

# পূর্বাভাস মিলে গেল, বঙ্গোপসাগরে ঘনীভূত গভীর নিম্নচাপ পরিণত ঘূর্ণিঝড় 'মোকা'-য়



নয়াদিল্লি ও কলকাতা, ১১ মে (হি.স.): পূর্বাভাস মতোই বঙ্গোপসাগরে ঘনীভূত গভীর নিম্নচাপ ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছে। ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) বৃহস্পতিবার সকালে জানিয়েছে, বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট গভীর নিম্নচাপটি ঘূর্ণিঝড় "মোকা"-তে পরিণত হয়েছে এবং পোর্ট ব্লেয়ারের প্রায় ৫১০ কিলোমিটার পশ্চিম-দক্ষিণ-পশ্চিমে, বাংলাদেশের কক্সবাজার থেকে ১২১০ কিলোমিটার দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমে কেন্দ্রীভূত হয়েছে।

বৃহস্পতিবার মধ্যরাত নাগাদ এটি তীব্র ঘূর্ণিঝড়ে পরিণত হবে বলে আশা করা হচ্ছে।

বঙ্গোপসাগরে সৃষ্ট সামুদ্রিক ঘূর্ণিঝড় মোকা-র কোনো প্রভাব ওড়িশা এবং অন্ধ্রপ্রদেশ উপকূলে পড়বে না বলে আইএমডি জানিয়েছে। বিভাগের মহানির্দেশক মৃত্যুঞ্জয় মহাপাত্র জানিয়েছেন, ওড়িশার জন্য ঝোড়ো বাতাস বা বৃষ্টির কোনও পূর্বাভাস জারি করা হয়নি। ঘূর্ণিঝড়টি বাংলাদেশ - মায়ানমার উপকূলের দিকে বাঁক নেওয়ার প্রেক্ষিতে ওড়িশার উপরেও কোনও প্রভাব পড়বে না। তবে, গভীর সমুদ্র উত্তাল হওয়ার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের ১৪ তারিখ পর্যন্ত মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

# ভারতে কোভিড-সংক্রমণ ফের অনেকটাই কমল; একদিনে মৃত্যু ১৪ জনের, সুস্থতাতেও বৃদ্ধি



নয়াদিল্লি, ১১ মে (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের অনেকটাই কমেছে, নিয়ন্ত্রণের মধ্যেই রয়েছে মৃত্যুর সংখ্যা। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ১, ৬৯০ জন, এই সময়ে মৃত্যু হয়েছে কোভিড-আক্রান্ত ১৪ জন রোগীর। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ১৯,৬১৩-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০৪ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত মৃত্যু হয়েছে ৫,৩১,৭৩৬ জনের (১.১৮ শতাংশ)। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪, ২৫,২৫০ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৭ শতাংশ। বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ০২,১৯৪ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৬,৮৬,৭৬৪ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১০ মে সারা দিনে ভারতে ১,৪৭, ১৭৭ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

# প্রযুক্তিগত উন্নয়নের শীর্ষে দাঁড়িয়ে রয়েছে ভারত : প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ১১ মে (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বৃহস্পতিবার জাতীয় প্রযুক্তি দিবস উপলক্ষ্যে ৫৮ হাজার কোটি টাকার বেশী মূল্যের নানা প্রকল্প, জাতির উদ্দেশে উৎসর্গ করেছেন। দিনটি উপলক্ষ্যে নতুন দিল্লিতে একটি অনুষ্ঠানেরও সূচনা করেন তিনি। এবারের জাতীয় প্রযুক্তি দিবসে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে, 'অটল উদ্ভাবন মিশন'-এর ওপর। প্রধানমন্ত্রী এদিন বলেছেন, '১১ মে দিনটি ভারতের ইতিহাসের অন্যতম গর্বের দিন। এই দিন ভারতের বিজ্ঞানীরা পোখরানে সেই কৃতিত্ব অর্জন করেছিলেন, যা ভারত মাতার প্রতিটি সন্তানের গর্ব বাড়িয়েছিল।'

প্রধানমন্ত্রী বলেছেন, 'ভারত প্রযুক্তিগত উন্নয়নের শীর্ষে দাঁড়িয়ে আছে। লিগো-ইন্ডিয়া, একটি মহাকর্ষীয় তরঙ্গ পর্যবেক্ষণ কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে যা ভারতীয় ছাত্র এবং বিজ্ঞানীদের জন্য আধুনিক গবেষণার সুযোগের নতুন দরজা খুলে দেবে। যেদিন অটলজি ভারতের সফল পারমাণবিক পরীক্ষার কথা ঘোষণা করেছিলেন সেই দিনটি আমি কখনও ভুলতে পারি না। পোখরান পারমাণবিক পরীক্ষার মাধ্যমে, ভারত কেবল নিজস্ব বৈজ্ঞানিক সক্ষমতাই প্রমাণ করেনি বরং ভারতের বৈশ্বিক মর্যাদাকে একটি নতুন উচ্চতাও দিয়েছে।' প্রধানমন্ত্রী বলেছেন, 'আমরা ভারতের স্বাধীনতার অমৃত কালের মধ্যে প্রবেশ করেছি, আমাদের সামনে ২০৪৭ সালের জন্য পরিষ্কার লক্ষ্য রয়েছে! দেশকে উন্নত ও আত্মনির্ভর করতে হবে। ভারত প্রযুক্তিকে নিজস্ব আধিপত্য প্রতিষ্ঠার মাধ্যম হিসেবে বিবেচনা করে না, বরং দেশের অগ্রগতি ত্বরান্বিত করার একটি হাতিয়ার হিসেবে বিবেচনা করে।' মোদী যোগ করেছেন, 'গত ৯ বছরে ভারতের তরুণ মনকে উদ্ভাবনের দিকে উদ্বুদ্ধ করার জন্য দেশে একটি শক্তিশালী ভিত্তি স্থাপন করা হয়েছে। কয়েক বছর আগে শুরু হওয়া অটল টিঙ্কারিং ল্যাবগুলি এখন দেশের উদ্ভাবনী নার্সারি হয়ে উঠছে।'

## টোঙ্গায় ৭.৬ মাত্রার শক্তিশালী ভূমিকম্প, হতাহতের খবর নেই

নুকুআলোফা(টোঙ্গা), ১১ মে (হি. স.) : প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ রাষ্ট্র টোঙ্গায় একটি শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। রিখটার স্কেলে ভূমিকম্পটির মাত্রা ছিল ৭ দশমিক ৬। বৃহস্পতিবার ভোরে আঘাত হানা এই ভূমিকম্পটিতে এখন পর্যন্ত কোনও হতাহত বা ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

মার্কিন ভূতাত্ত্বিক সমীক্ষা সংস্থা জানিয়েছে, টোঙ্গার প্রত্যন্ত আগ্নেয়গিরির দ্বীপ নিউয়াটোপুটাপু থেকে প্রায় ১০০ কিলোমিটার দূরে আঘাত হানা এ ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ভূপৃষ্ঠ থেকে ২১০ কিলোমিটার গভীরে। ভূতাত্ত্বিক সমীক্ষা সংস্থা আরও জানায়, এতে সুনামির কোনো ঝুঁকি ছিল না।

## মৃদু তীব্রতার ভূমিকম্পে কাঁপল উত্তরাখণ্ডের পিথোরাগড়

দেহরাদূন, ১১ মে (হি.স.): মৃদু তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল উত্তরাখণ্ডের পিথোরাগড় জেলা। বৃহস্পতিবার সকাল ৬.১৫ মিনিট নাগাদ পিথোরাগড় জেলায় হালকা কম্পাঙ্কের ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল মাত্র ৩.১।

ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, বৃহস্পতিবার সকাল ৬.১৫ মিনিট নাগাদ পিথোরাগড় জেলায় ৩.১ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয়। ভূমিকম্পের উৎসস্থল ছিল উত্তরকাশি থেকে ১৯৮ কিলোমিটার পূর্ব ও দক্ষিণ-পূর্বে, ভূপৃষ্ঠের মাত্র ৫ কিলোমিটার গভীরে। ২৯.৮৭ অক্ষাংশ ও ৮০.২৫ দ্রাঘিমাংশ।

## জাপানে পৌঁছলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন

টোকিও ও নয়াদিল্লি, ১১ মে (হি.স.): দু''দিনের সফরে জাপানে পৌঁছলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। দু''দিনের এই সরকারি সফরে জাপানে বেশ কিছু কর্মসূচি রয়েছে নির্মলা সীতারমনের। বৃহস্পতিবার জাপানের রাজধানী টোকিও-তে পৌঁছনোর পর নির্মলাকে স্বাগত জানান ভারতীয় রাষ্ট্রদূত শ্রী সিবি জর্জ।

জি সেভেন বৈঠকে যোগ দিতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন এদিন জাপান পৌঁছেছেন। টোকিও-র হানেডা বিমানবন্দরে ভারতের রাষ্ট্রদূত সিবি জর্জ তাঁকে স্বাগত জানান। অর্থমন্ত্রক গতকাল এক ট্যুইটে শ্রীমতি সীতারমনের এই সফরের কথা জানায়। সে দেশের নিগাতায় জি সেভেন গোষ্ঠীর অর্থমন্ত্রী এবং কেন্দ্রীয় ব্যাঙ্কের গভর্নরদের বৈঠকে যোগ দেবেন।

## উত্তর প্রদেশে নির্বিঘ্নেই চলছে চূড়ান্ত দফার পুর নির্বাচন, ভোটারদের মধ্যে উৎসাহ তুঙ্গে

লখনউ, ১১ মে (হি.স.): উত্তর প্রদেশে কড়া নিরাপত্তার মধ্যে নির্বিঘ্নেই চলছে দ্বিতীয় তথা চূড়ান্ত দফার পুরসভা নির্বাচনের ভোটগ্রহণ। এই পর্যায়ে ৮টি ডিভিশনের ৩৮টি জেলায় এদিন ভোটদাতারা মতাধিকার প্রয়োগ করছেন। এই ডিভিশন গুলি হল - আলিগড়, অযোধ্যা, আজমগড়, বস্তি, বরেলি চিত্রকুট, কানপুর এবং মির্জাপুর। সকাল ৭টায় ভোট গ্রহণ শুরু হয়েছে। চলবে সন্ধ্যে ৬ টা পর্যন্ত।

এর আগে গত ৪ মে প্রথম পর্যায়ের ভোটগ্রহণ হয়, গত ৪ মে, প্রথম পর্যায়ের নির্বাচনে প্রায় ৫২ শতাংশ ভোট পড়েছিল। দ্বিতীয় পর্যায়ে ভোটারদের মধ্যে যথেষ্ট উৎসাহ দেখা গিয়েছে। সকাল থেকেই লম্বা লাইন ছিল বুথকেন্দ্রের সামনে। উত্তর প্রদেশ রাজ্য নির্বাচন কমিশনের দেওয়া তথ্য অনুযায়ী, ভোটগণনা হবে ১৩ মে।

# ইমরানের মুক্তির দাবিতে বোমা পড়ল পাক প্রধানমন্ত্রীর বাড়িতে; জ্বলল গাড়ি ও সচিবালয়



ইসলামাবাদ, ১১ মে (হি.স.): পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ও পিটিআই প্রধান ইমরানের খানের গ্রেফতারির ঘটনায় অশান্ত হয়ে উঠেছে পাকিস্তান। সেই অশান্তির আঁচ গিয়ে পৌঁছল পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের বাসভবনেও। ইমরানের মুক্তির দাবিতে বৃহস্পতিবার শাহবাজের লাহোরের বাড়িতে হামলা চালালেন পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) সমর্থকেরা। যদিও সেই সময় শহবাজ এবং তাঁর পরিবারের সদস্যেরা ঘরে ছিলেন না।

এদিকে, পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ দলের শীর্ষ নেতৃবৃন্দকে বুধবারই সে দেশের নিরাপত্তাবাহিনী গ্রেফতার করেছে। পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের গ্রেফতারির একদিন পরেই সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে প্রাক্তন মন্ত্রী ফাওয়াদ চৌধুরী, আসাদ উমর, ওমর সরফরাজ চিমা, আলি জাইদি এবং আক্রম উসমান প্রমুখকে গ্রেফতার করা হয়। পাকিস্তানের প্রাক্তন বিদেশমন্ত্রী পররাষ্ট্রমন্ত্রী শাহ মেহমুদ কুরেশিকে ইসলামাবাদে গ্রেফতার করা হয়েছে। ইমরান খান গ্রেফতার হওয়ার পর নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে এ পর্যন্ত ৪৭ জন দলীয় কর্মীর মৃত্যু হয়েছে। গ্রেফতার ১ হাজারের বেশি পিটিআই কর্মী। দেশের বেশির ভাগ অংশেই শান্তি - শৃঙ্খলা রক্ষায় সেনা নামানো হয়েছে।


# শক্তিগড়ে লাইনচ্যুত লোকাল, বন্ধ হাওড়া-বর্ধমান কর্ড এবং মেইন ও ডাউন লাইনে ট্রেন চলাচল



বর্ধমান ও ব্যান্ডেল, ১১ মে (হি.স.): দুর্ঘটনার পর দীর্ঘ সময় কেটে গেলেও এখনও স্বাভাবিক হল না হাওড়া-বর্ধমান কর্ড এবং মেইন ও ডাউন লাইনে ট্রেন চলাচল। বুধবার রাতে লাইনচ্যুত হয়ে যাওয়া লোকাল ট্রেনের বগি দু'টিকে লাইন থেকে সরানোর কাজ চলছে। তবে সরিয়ে ফেলা হয়েছে মালগাড়ির বগিগুলিকে। দুর্ঘটনার জেরে রাত থেকেই দুর্ভোগে পড়েছেন যাত্রীরা। বাতিল করা হয়েছে একাধিক ট্রেন। দুর্ঘটনার প্রভাব পড়েছে ব্যান্ডেল-হাওড়া মেন লাইনেও।

রেল সূত্রে জানা গিয়েছে, রাতে লাইনচ্যুত ট্রেন সরানোর কাজের তেমন অগ্রগতি না হলেও বৃহস্পতিবার সকাল থেকে যুদ্ধকালীন তৎপরতায় লাইনচ্যুত লোকাল ট্রেনের বগি দু'টিকে সরানোর কাজ শুরু হয়েছে। মালগাড়ির বগিগুলিকে ইতিমধ্যেই সরিয়ে ফেলা হয়েছে। বৃহস্পতিবার সকাল ৯টা নাগাদ ডাউন মোকামা-হাওড়া প্যাসেঞ্জার ছেড়ে যায়। প্রায় ১০ ঘণ্টা পর ডাউন লাইনে ট্রেন চলাচল শুরু হয়। দুর্ঘটনার জেরে দূরপাল্লার বিভিন্ন ট্রেন দেরিতে চলছে। উত্তরবঙ্গ থেকে আসা ডাউন ট্রেনগুলিকে কাটোয়া দিয়ে ঘুরিয়ে দেওয়া হয়েছে বলে পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

# গাজার ওপর হামলা অব্যাহত ইজরায়েলের, প্রাণ হারালেন অন্তত পক্ষে ২১ জন



জেরুজালেম, ১১ মে (হি.স.): প্যালেস্তানী গোষ্ঠীর রকেট হামলার প্রতিবাদে ইজরায়েল গাজার ওপর হামলা অব্যাহত রাখায় ২১ জনের মৃত্যু হয়েছে। গাজায় ইজরায়েল সেনার আক্রমণে প্যালেস্তানী জঙ্গি গোষ্ঠীর তিন নেতা এবং শিশু ও মহিলা সহ ১০ প্যালেস্তানীয়র মৃত্যুর পরই পরিস্থিতি অশান্ত হয়ে ওঠে। জানা গেছে, যে চারজন গতকাল প্রাণ হারিয়েছেন, তারা প্যালেস্তানের পপুলার ফ্রন্ট ফর লিবারেশনের যোদ্ধা। প্যালেস্তাইনের গাজায় হামলার পরিমান ক্রমশ বাড়াচ্ছে ইজরাইল। মৃত্যুর সংখ্যা বেড়ে দাড়াল ২১। এর পাশাপাশি এই ঘটনার জেরে আহত হয়েছেন ৬৪ প্যালেস্তাইন নাগরিক বলে জানিয়েছে স্বাস্থ্য মন্ত্রক। ইসলামিক জিহাদ গ্রুপের ৩ সদস্য তাদের স্ত্রী, পুত্ররাও রয়েছে মৃতদের মধ্যে। গত সপ্তাহে ইজরাইলে জেলের মধ্যে অনশনে মারা যায় ১ প্যালেস্তানীয় বন্দি। যার জেরে গাজা থেকে রকেটের মাধ্যমে হামলা করা হয় ইজরাইলের বুকে। এর পাল্টা হিসেবে ইজরাইলের তরফে অপারেশন শিল্ড এন্ড অ্যারো নামে অভিযান চালানো হয়। এখনও পর্যন্ত ১৩০ জন প্যালেস্তানীয় নাগরিক এই যুদ্ধে মারা গেছেন এই বছরে বলে জানা গেছে। একই সময়ে ১৯ জন ইজরাইয়েলি নাগরিক প্রাণ হারিয়েছেন দুই পক্ষের মধ্যে চলা সংঘর্ষে।

## জল খেয়ে দিন কাটিয়েছি : ইমন

কলকাতা, ১১ মে (হি.স.): বর্তমানে প্রতিষ্ঠিত গায়িকা হলেও একটা সময় বেশ কষ্টেই কাটিয়েছেন গায়িকা ইমন। সে মা'কে হারিয়েছেন ছোটবেলায়। বাবা শঙ্কর চক্রবর্তী ইমন চক্রবর্তীর জীবনের অনেকটা জুড়ে। সাধারণ মধ্যবিত্ত পরিবার মফঃস্বলের মেয়ে ইমনের বেড়ে ওঠা কিন্তু মোটেও 'সোনার চামচ মুখে নিয়ে' নয়।

পরিবারের প্রতিকূলতা, লড়াইয়ে সামিল হতে হয়েছে গায়িকাকেও। কিন্তু এই গোটা সময়ে যে মানুষটি তাঁর পাশে ঢাল হয়ে দাঁড়িয়েছেন, গায়ে আঁচড় পড়তে দেননি, বুঝতে দেননি সংসারের তিনি হলেন জাতীয় পুরস্কার প্রাপ্ত গায়িকার বাবা। নিজের অতীত নিয়ে ইমন বলেন,"''' সকালবেলা বেরিয়েছি রাত্রি ১২টা ১টায় ফিরেছি। জল খেয়ে খেয়ে কাটিয়েছি। এমনও দিন গিয়েছে যে বাড়ি ভাড়াটা পর্যন্ত দিতে পারেননি ''''।

## এ বার গ্রেফতার প্রাক্তন পাক বিদেশমন্ত্রী কুরেশি

ইসলামাবাদ, ১১ মে (হি.স.): পাকিস্তানের প্রাক্তন বিদেশমন্ত্রী তথা ইমরান খান-ঘনিষ্ঠ শাহ মেহমুদ কুরেশিকে বুধবার মধ্যরাতে গ্রেফতার করেছে পাকিস্তান পুলিশ। একটি ভিডিওতে দেখা গিয়েছে, সাধারণ পোশাকের কয়েক জন কুরেশিকে নিয়ে যাচ্ছেন। যেতে যেতেই কুরেশি পিটিআই সমর্থকদের উদ্দেশে হাত নাড়েন। কুরেশিকে গ্রেফতারের পর কোথায় নিয়ে যাওয়া হয়েছে, সে সম্পর্কে নির্দিষ্ট কিছু জানায়নি পুলিশ।

# হরেকরকম
হরেকরকম
হরেকরকম

## কানপাকা রোগ

আমাদের পঞ্চ ইন্দ্রিয়ের একটি কান। কান আমাদের শব্দ শুনতে, ভারসাম্য বজায় রাখতে সহায়তা করে। মানবদেহের কানকে চিকিৎসা বিজ্ঞানের সুবিধার জন্য তিনটি ভাগে ভাগ করা হয়েছে। বহিঃকর্ণ, মধ্যকর্ণ এবং অন্ত:কর্ণ। কান দিয়ে পূঁজ/রস পড়া সাধারনত মধ্যকর্ণের রোগ।

কান পাকা যেহেতু মধ্যকর্ণের সংক্রমণ, তাই এতে কানের পর্দা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়। তবে অনেক সময় বহিঃকর্ণের কিছু প্রদাহের কারনেও কানে পুঁজ/রস হতে পারে। এই কান দিয়ে পূঁজ/রস পড়া খুবই অপ্রীতিকর এবং যে কোন বয়সে দেখা দিতে পারে। কিন্তু আমাদের দেশে প্রধানত শিশুদের মধ্যে এটা বেশি দেখা যায়। আর শহরবাসীর তুলনায় গ্রামের মানুষের মধ্যে এই রোগটি বেশি দেখা যায়। এর পেছনে কারণ হিসেবে বলা হয়ে থাকে দারিদ্র্যতা, অপুষ্টি, স্বাস্থ্য সচেতনতার অভাব, স্বাস্থ্য শিক্ষার অভাব ইত্যাদি।

কান পাকা রোগ কেন হয়?:

১) আমাদের সবারই ইউস্টেশিয়ান টিউব নামক একটা টিউব আছে যার এক মাথা থাকে মধ্য কর্ণে এবং আরেক মাথা থাকে নাকের পেছনে ন্যাজোফেরিংস নামক স্থানে। বাচ্চাদের ক্ষেত্রে এই টিউবটা থাকে খাটো, অপ্রশস্ত এবং একদম সোজাসুজি। তাই মায়েরা শিশুদেরকে বুকের দুধ অথবা বোতলের দুধ/তরল মাথার দিকটা একটু উঁচু না করে ফ্লাট/কাত অবস্থায় খাওয়ালে তখন এই দুধ/তরল কিছুটা হলেও মধ্য কর্ণে চলে যায় এই টিউব দিয়ে। পরবর্তীতে যা থেকে মধ্য কর্ণে ইনফেকশন হয়ে কান পাকা রোগ সৃষ্টি হয়।

২) যেসব বাচ্চাদের ঘন ঘন ঠান্ডা লাগে, আপার রেসপিরেটরী ট্রাক্ট ইনফেকশন বেশি হয়, টনসিলে ইনফেকশন হয়, ঘন ঘন সর্দি থেকে সাইনোসাইটিস হয়, এডিনয়েড বেশ বড় থাকে, তাদের ক্ষেত্রে ইউস্টেশিয়ান টিউবের নরমাল কর্মক্ষমতা কমে গিয়ে টিউবের কাজে ব্যাঘাত ঘটায়। এসব কারণে প্রথম দিকে হঠাতকরে কানে প্রচন্ড ব্যথা শুরু হয়, জ্বর থাকে, এরপর কানের পর্দা ফুটো হয়ে রস বেরিয়ে আসে। ঐ সময় ঠিকমতো এবং পর্যাপ্ত চিকিতা না পেলে পর্দার ছিদ্রটি স্থায়ী হয়ে যায় এবং পরবর্তীতে কানে ইনফেকশন হবার কারণে কান দিয়ে রস/পুঁজ আসে। বড়দের ক্ষেত্রেও এসব সমস্যায় দীর্ঘদিন ভূগলে এই সমস্যা দেখা দিতে পারে।

৩) কানে আঘাত জনিত কারণে পর্দা ছিদ্র হয়ে গেলে এবং এর তাতণিক চিকিতা না করানো হলে পরবর্তীতে ঠান্ডাজনিত কারণে সর্দি/কাশি/গলা ব্যথা হলে কানের পর্দা দুর্বল হয়ে কান দিয়ে পূঁজ/রস আসতে পারে।

লক্ষণ :

১) কান দিয়ে পূঁজ বের হওয়া। এই তরল দুর্গন্ধযুক্ত বা দুর্গন্ধহীন হতে পারে। অনেক সময় পূঁজ রক্তমিশ্রিত থাকতে পারে। কান পাকা রোগের মধ্যে কয়েকটি ধরন আছে, যেখানে কান কিছুদিন শুকনা থাকে আবার কিছুদিন পরপর ভেজা পাকে অর্থাতরস বা পুঁজ বের হয়। আবার আরেক ধরনের কান পাকা রোগ আছে, যেখানে কান কখনোই শুকায় না।

২) কানে কম শোনা ও বন্ধ বন্ধ অনুভূতি লাগা, এমনকি সারাক্ষণ অস্বস্তি বোধ হওয়া।



৩) কানে বা মাথার ভিতরে শো শো শব্দ হওয়া, মাথা ঘুরানো, ভারসাম্য নষ্ট হওয়া।

৪) হঠাতপ্রদাহের ফলে অনেকের কানে তীব্র ব্যথা সহ জ্বর আসতে পারে।

চিকিতা : কানের ইনফেকশন শুরু হলে প্রথম দিকে যদি চিকিতা করানো হয় তাহলে কান পাকা প্রতিরোধ করা সম্ভব। কিন্তু কানের ভেতর কোথায় কি হয়ে এই কান পাকাটা হয়েছে সেটা না জেনে যদি কেউ অন্ধভাবে চিকিতা করতে থাকে তাহলে সেটার ফল ভালো হবে না। তাই সচেতন থাকি-সুস্থ্য থাকি। সময়মত চিকিতা না করালে কি হতে পারে:- কানের পর্দায় স্থায়ী ছিদ্র হয়ে থাকবে, কানে কম শুনতে পারে ও মাস্টয়ডাইটিস নামক জটিল রোগে আক্রান্ত হওয়ার সম্ভবনা দেখা দেয়।

## কর্নফ্লাওয়ার এর উপকারিতা

রান্নাঘরের অতি পরিচিত একটি সামগ্রী হল কর্নফ্লাওয়ার। নানা ধরনের মুখরোচক রান্না বিশেষ করে চায়নিজ খাবার তৈরি করতে এটি সর্বাধিক ব্যবহৃত হয়ে থাকে। শুধু রান্নার কাজে বা খাবার মুচমুচে করার ক্ষেত্রে নয় যে কোন ছোট খাটো সমস্যার সমাধান নিমিষেই করে দিতে পারে কর্নফ্লাওয়ার। এতে ২২ গ্রাম শর্করা, ৩ গ্রাম প্রোটিনে মোট ১১০ ক্যালরি উপস্থিত। এছাড়া ২৯ গ্রামের মধ্যে ২ গ্রাম ফাইবার এবং ১.৫ গ্রাম ফ্যাট ও এতে থাকে।

কর্নফ্লাওয়ার অর্থ কি ?

ভুট্টা চূর্ণ বা ভুট্টার গুঁড়োকে আমরা সাধারণভাবে কর্নফ্লাওয়ার বলে থাকি। কর্নফ্লাওয়ার ভুট্টার সম্পূর্ণ শাঁস থেকে নেয়া হয়, যাতে ফাইবার, প্রোটিন, স্টার্চসহ, ভুট্টার যাবতীয় পুষ্টিগুণে ভরপুর। কর্নফ্লাওয়ার এর ছবি, কর্নফ্লাওয়ার পাউডার কর্নফ্লাওয়ার এর উপকারিতা ? কর্নফ্লাওয়ার এর ব্যবহার তেলাপোকা জনিত ঝামেলা থেকে মুক্তি তেলাপোকার যন্ত্রণা সহ্য করতে হয় কমবেশি সকলকেই।এই যন্ত্রণা থেকে মুক্তি পেতে সমান পরিমাণের কর্ণফ্লাওয়ার ও প্লাস্টার অফ প্যারিস এক সাথে মিশিয়ে নিয়ে একটি পেস্ট বানিয়ে নিয়ে তেলাপোকার লুকোনোর জায়গা গুলিতে কর্নফ্লাওয়ার দিয়ে রাখলে পোকার উপদ্রব থেকে মুক্তি পাওয়া সম্ভব। তাছাড়া ঘরের মেঝেতে, দরজার কোণায় উপদ্রবকারী অন্যান্য পোকামাকড়ের বাসা থাকলে , বাসার মুখ এই পেস্ট দিয়ে বন্ধ করে দিলে পোকা জনিত সমস্যার সমাধান হতে পারে। জানলার কাঁচ পরিষ্কার ও ঝকঝকে করতে জানালার কাঁচ পরিষ্কার রাখতে কর্ণফ্লাওয়ারের সঙ্গে খানিকটা জল মিশিয়ে মিশ্রন তৈরি করতে হবে। সেই মিশ্রণটি জানালার কাঁচে লাগিয়ে একটি শুকনো নরম কাপড় দিয়ে আলতো করে ঘষে মুছে ফেলতে হবে আর তারপর জল দিয়ে ধুয়ে ফেললেই তফাত খুব সহজেই বোঝা যাবে। জানলার কাঁচ একেবারে ঝকঝকে- চকচকে আর পরিষ্কার দেখতে লাগবে। কাপড়ে লাগা রক্তের দাগ দূর করতে

কাপড় থেকে রক্তের দাগ দূর করতে হলে কর্ণফ্লাওয়ার জলে মিশিয়ে পেস্টের মতো বানাতে হবে। এরপর তা কাপড়ে লাগা রক্তের দাগের উপর ঘষে লাগিয়ে দিতে হবে ও কিছু সময়ের জন্য রেখে একটি টুথব্রাশ দিয়ে ঘষে



তুলে দিলে দাগ মিলিয়ে যায়। যদি দাগ খুব কঠিন হয়ে থাকে তাহলে আরো ১ বার একই ভাবে ওপরের পদ্ধতিটি পুনরায় প্রয়োগ করতে হবে আর তারপর কাপড় ধুয়ে রোদে শুকিয়ে নিলে দেখা যাবে কাপড়ে আর কোনো দাগ অবশিষ্ট নেই। তেলের দাগ তুলতে কর্নফ্লাওয়ারের ভূমিকা পোশাকে তেলের দাগ লাগলে সেই স্থানে কর্নফ্লাওয়ার ছড়িয়ে দিলে ১৫ থেকে ২০ মিনিট পর সাবান দিয়ে জায়গাটা ধুয়ে দিলেই দেখা যাবে সে দাগ উঠে গেছে। পোশাকে আরও কঠিন রকমের কিছু দাগ লাগলে খানিকটা কর্নফ্লাওয়ার জলের সাথে মিশিয়ে একটা পেস্ট তৈরি করে দাগের জায়গায় লাগিয়ে কিছুক্ষণ রেখে দিতে হবে। তারপর অল্প ভেজা থাকা অবস্থায় নরম টুথব্রাশ দিয়ে ঘর্ষণ করলে দেখা যাবে যে দাগ মিলিয়ে গেছে।

কাপড় থেকে কালির দাগ তুলতে

কাপড় থেকে কালির দাগ তুলতে কর্নফ্লাওয়ারের সাথে দুধ মিশিয়ে পেস্টের মতো তৈরি করে নিতে হবে। এরপর তা দাগের উপর লাগিয়ে রাখতে হবে কিছুক্ষণ। শুকিয়ে গেলে একটি টুথব্রাশ দিয়ে ঘষে তুলে নিলে কাপড় থেকে কালির দাগ খুব সহজেই উঠে যাবে। শিশুর ডায়াপার র্যাশ দূর করার ক্ষেত্রে ডায়াপার জনিত র্যাশ শিশুদের ক্ষেত্রে একটি খুব সাধারণ ব্যাপার।তবে কর্ণফ্লাওয়ারের ব্যবহার, এ ক্ষেত্রে কিছুটা সুরাহা দেবে। ডায়াপার পরিবর্তনের সময় শিশুর দেহে কর্ণফ্লাওয়ার দিয়ে দিতে পারলে র্যাশ ওঠা বন্ধ হয়ে যাবে। এছাড়াও শিশুদের রোজকার স্নানের জলে এক চতুর্থাংশ কাপ কর্ণফ্লাওয়ার গুলে নিলেও সমস্যা সমাধান হতে পারে। তরল পদার্থকে ঘনীভূত করতে অনেক সময় তরকারির ঝোল বেশি পাতলা হয়ে গেলে এবং অনেক জ্বাল দিয়ে ও যখন ঝোল ঘন হয় না তখন ঝোল ঘন করতে তরকারি কে অঁচে বসিয়ে কিছুটা কর্ণফ্লাওয়ার দিয়ে দিলেই মুশকিল আসান ! তরকারির ঝোল ঘন হয়ে যাবে এবং স্বাদও বাড়বে।

তৈলাক্ত ত্বকের উপযোগী তৈলাক্ত ত্বকে সাধারণ পাউডার ব্যবহার না করে যদি অল্প কর্ণফ্লাওয়ার ট্যালকম পাউডারের সাথে মিশিয়ে ত্বকে ব্যবহার করতে পারা যায় তাহলে ত্বক মসৃণ দেখতে লাগবে। কর্ণফ্লাওয়ার অতিরিক্ত তেল শোষণ করে ত্বকের সৌন্দর্য বৃদ্ধি করবে।

পুড়ে যাওয়া ত্বকের ক্ষেত্রে

রান্না করতে গিয়ে কোথাও পুড়ে গেলে ফার্স এএড হিসেবে কর্নফ্লাওয়ার ব্যবহার করা যেতে পারে। পুড়ে যাওয়া ত্বকের ঘরোয়া চিকিৎসার জন্য কর্ণফ্লাওয়ারের কার্যকারিতার প্রমাণ মিলেছে। ৮ কাপ ঈষদুষ্ণ গরম জলে ১ টেবিল চামচ কর্ণফ্লাওয়ার ও ১ টেবিল চামচ বেকিং সোডার মিশ্রণ তৈরি করে তাতে গজ বা পরিষ্কার কাপড় চুবিয়ে পুড়িয়ে যাওয়া অংশে আধঘণ্টা লাগিয়ে রাখলে জ্বালা যন্ত্রণার উপশম হবে এবং আরাম ও মিলবে।তাছাড়া এটি পোড়াভাবের ফলে তৈরি হওয়া জ্বলুনি কমাতে সাহায্য করে এবং ত্বকের মৃত চামড়া দ্রুত সরিয়ে ফেলতে ও কার্যকরী।

তৈলাক্ত চুলে কর্নফ্লাওয়ারের জাদু আজকাল কর্মব্যস্ত জীবনে মানুষের সময়ের খুবই অভাব।কোনো অনুষ্ঠানে বেরোবার আগে চুল তৈলাক্ত দেখতে লাগল মেজাজ খারাপ হয়ে যায়। এমন সমস্যা তো হয়েই থাকে। আর এই সমস্যার চটজলদি সমাধান দিতে পারে একমাত্র কর্নফ্লাওয়ার। নির্দ্বিধায় চুলের উপর খানিকটা কর্নফ্লাওয়ার ছড়িয়ে চুল ভাল করে আঁচড়ে নিলেই চুলের তেলতেলে ভাব সম্পূর্ণ দূর হয়ে যাবে।তাই শ্যাম্পু করার সময় বা সুযোগ না থাকলে কর্নফ্লাওয়ারই চুলের একমাত্র ভরসা। তাছাড়া, কর্নফ্লাওয়ারের শোষণ ক্ষমতা ও এক্সফলিয়েশন উপাদানের উপস্থিতির কারণে তৈলাক্ত চুলের ক্ষেত্রে এটি দারুণ কাজ করে থাকে। মাথার ত্বকে অতিরিক্ত খুশকির সমস্যা ও দূর করে থাকে যার জন্য কর্নফ্লাওয়ারের এত প্রসিদ্ধি।

বাসনপত্রের কালচে ভাব দূর করতে রূপার গয়না বা বাসনপত্রে কালচে ভাব দেখা দিলে জলের মধ্যে কিছুটা কর্নফ্লাওয়ার মিশিয়ে ভাল করে গুলে তার মধ্যে কিছুক্ষণ ডুবিয়ে রাখতে হবে। তারপর নরম ব্রাশ দিয়ে হালকা ঘষে পরিষ্কার জলে ধুয়ে নিলেই রূপার গয়না বা বাসনপত্রের কালচে ভাব উধাও হয়ে যাবে।

বিরক্তিকর ব্ল্যাকহেডস থেকে মুক্তি দিতে কর্নফ্লাওয়ারের শোষণ ক্ষমতা এবং মৃত চামড়া দূর করার জন্য এক্সফলিয়েশন উপাদান যথাকার কারণে কর্নফ্লাওয়ার প্রাকৃতিকভাবেই মানবদেহের বিশেষ অঙ্গ থেকে ব্ল্যাকহেডস দূর করতে সক্ষম। পা ঘামার সমস্যা থেকে মুক্তি পেতে গরমকালে জুতা মোজা পরলে অনেকেরই পা ঘেমে যাওয়ার প্রবণতা থাকে। সেক্ষেত্রে জুতো পরার আগে কিছুটা কর্নফ্লাওয়ার পায়ে হালকা করে লাগিয়ে নিলে পা ঘামার সমস্যা থেকে মুক্তি পাওয়া সম্ভব। তাছাড়া জুতায় দুর্গন্ধ হলে জুতার মধ্যে কিছুটা কর্নফ্লাওয়ার ছড়িয়ে রাখতে পারলে এ ক্ষেত্রে উপকারী ফল পাওয়া যায়। সারারাত রেখে সকালে জুতো জোড়া ঝেড়ে নিলে আর দুর্গন্ধ থাকবে না।

শাড়িতে মাড় দেওয়ার কাজে লাগে

চটজলদি শাড়িতে মাড় দিতে হলে জলের সাথে কর্নফ্লাওয়ার মিশিয়ে গরম করতে হবে। মিশ্রণটি ঘন হয়ে গেলে সেটিকে মাড় হিসেবে ব্যবহার করা যেতে পারে। পরে শাড়িটি শুকিয়ে গেলে ইস্ত্রি করে নিলে শাড়ি নতুনের মতো লাগবে।

গিঁট ছাড়াতে প্রয়োজন কর্নফ্লাওয়ার

কোনও অনুষ্ঠান বাড়ি যাওয়ার সময় অসতর্কতার কারণে যদি চেইন বা ব্রেসলেটে খুব বাজে ভাবে গিঁট লেগে যায় তাহলে গিঁট ছাড়াবার জন্য এলোমেলো টানাটানি না করে পরিবর্তে গিঁটের উপর কর্নফ্লাওয়ার ছিটিয়ে নেওয়া যেতে পারে। তারপর যদি গিঁট খোলার চেষ্টা হয় তবে দেখা যাব যে সেটি সহজেই খোলা যাচ্ছে , আর সমস্যা থাকছে না। দড়ি বা ফিতের গিটের ক্ষেত্রেও এই একই পদ্ধতি প্রযোজ্য। কর্নফ্লাওয়ারের গুণাবলির অন্ত নেই। বহুল ব্যবহৃত এই উপাদানটি গ্রহণে কোন পার্শপ্রতিক্রিয়া নেই বলেই স্বীকৃতি লাভ করেছে। তাই কেবল রান্নার কাজেই নয়, দৈনন্দিন খুঁটিনাটির অনেক রকম সমস্যার সমাধানে কর্নফ্লাওয়ারের ব্যবহার ও জনপ্রিয়তা দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে।

## রোজ বিটের জুস পান করেন? শরীরের কতটা ক্ষতি করছেন জানেন?

স্বাস্থ্যকর সবজির মধ্যে অন্যতম হল বিট। ভারতীয়রা স্যালাডের সঙ্গে বিট খেতে বেশি পছন্দ করেন। অনেকে আবার মিহি করে কুঁচিয়ে রান্না করে খেতেও ভালবাসেন। বিটরুটের রস ভিটামিন, আয়রন এবং ফলিক অ্যাসিডের চমতার উত, যা লাল রক্ত কণিকার উতাদন বাড়ায়, হিমোগ্লোবিনের মাত্রা এবং কোষে অক্সিজেন সরবরাহ বাড়ায়। বিটে আয়রন থাকায় চিকিতকরাও শরীরে রক্তের অভাব মেটাতে বিট খাওয়ার পরামর্শ দেন। কিন্তু আপনি কি জানেন, অতিরিক্ত বিটরুটের রস পান করা শরীরের পক্ষে মারাত্মক ক্ষতিকারক? হ্যাঁ, বিটের উপকারিতা থাকলেও এর পার্শপ্রতিক্রিয়াও রয়েছে।

আসুন জেনে নেওয়া যাক, অত্যধিক পরিমাণে বিটের রস



পানের ফলে শরীরের কী কী রোগ দেখা দিতে পারে -

বিটুরিয়া

বিট বা বিটযুক্ত রঙিন খাবার খাওয়ার পরে লাল বা গোলাপী রঙের প্রস্রাব হওয়াকে বলা হয় বিটুরিয়া। যাদের শরীরে আয়রনের ঘাটতি রয়েছে, তাদের মধ্যে এই সমস্যা বেশি দেখা গিয়েছে।

কিডনিতে পাথর

গবেষণা অনুসারে, বিট অক্সালেট সমৃদ্ধ এবং কিডনিতে পাথর হওয়ার অন্যতম কারণ হতে পারে। বিট ইউরিনারি অক্সালেট নিঃসরণ বাড়ায়, যা শরীরে ক্যালসিয়াম অক্সালেট পাথরের বিকাশ ঘটাতে পারে। তাই যারা কিডনিতে পাথরের সমস্যায় ভুগছেন, তাদেরকে চিকিতকরা বিট বা বিটের রস খাওয়া বন্ধ করার পরামর্শ দেন। অ্যানাফিল্যাক্সিস অতিরিক্ত বিটরুট খাওয়ার ফলে অ্যানাফিল্যাক্সিস হতে পারে। যার ফলে শরীরে তীব্র অ্যালার্জি দেখা দিতে পারে। ত্বকে লাল ব্যাশ, চুলকানি, ফুলে যাওয়া, হাঁপানি, আমবাত, গলা শক্ত হওয়া এবং ব্রঙ্কোস্পাজমও হতে পারে।

মলের রঙ পরিবর্তন

বিটরুট গ্রহণের ফলে মলের রঙ লালচে হতে পারে। কালো এবং ট্যারি মলও বিটুরিয়ার লক্ষণ হতে পারে।

পেট খারাপ

বিটরুটে নাইট্রেট থাকে। ইউএস ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস-এর একটি প্রকাশনা অনুসারে, শরীরে উচ্চ মাত্রার নাইট্রেটের কারণে পেটে ব্যথা হতে পারে। তাছাড়া, বিটের জুস পানের ফলে কেউ কেউ পেটের রোগে ভুগতে পারেন।

গর্ভাবস্থায় সমস্যা বিটে নাইট্রেটের উপস্থিতি গর্ভবতী মহিলাদের জন্য অত্যন্ত ক্ষতিকারক হতে পারে। গর্ভাবস্থায় অত্যধিক নাইট্রেট গ্রহণের ফলে এনার্জির অভাব, মাথা ব্যথা, মাথা ঘোরা এবং চোখ, মুখ, ঠেঁট, হাত ও পায়ের চারপাশের ত্বকের রঙ নীল-ধূসর হয়ে যেতে পারে।

লিভারের ক্ষতি গবেষকদের মতে, বিটরুটের অত্যধিক ভোজনের ফলে লিভারে ধাতব আয়ন জমা হতে পারে, যা লিভারের মারাত্মক ক্ষতি করতে পারে। ক্যালসিয়ামের অভাব রিপোর্ট অনুসারে, অত্যধিক বিটরুটের রস শরীরে ক্যালসিয়ামের মাত্রা হ্রাস করতে পারে। বিশেষজ্ঞদের মতে, যে সব মহিলাদের শরীরে ক্যালসিয়ামের মাত্রা কম থাকে, তাদের অত্যধিক বিটরুট রস বা বিট না খাওয়াই ভাল।

## উচ্চ রক্তচাপ দূরে রাখতে পারে যে উপায়গুলি

বয়সের সঙ্গে এই উচ্চ রক্তচাপের পরিস্থিতি তৈরি হওয়ার শঙ্কা থাকলেও এটি পারিবারিক সূত্রেও হওয়ার ঝুঁকি থাকে। এটি কম্বোডিয়ার মেডিকেল অফিসার ডা. জ্যাকোব হাসকালোভিসি বলেন, “প্রত্যেকেরই নিজের রক্তচাপ সম্পর্কে জানা ও সচেতন হওয়া উচিত। এরজন্য নিয়মিত পরীক্ষা করা এবং নিজে থেকেই চিকিৎসকের কাছ থেকে এই বিষয়ে জিজ্ঞেস করতে হবে।” যারা প্রচুর পরিমাণে সোডিয়াম গ্রহণ করেন তাদের উচ্চ রক্তচাপের ঝুঁকি বেশি থাকে।

ডা. হাসকালোভিসি ব্যাখ্যা করে বলেন, ”উচ্চ রক্তচাপ ক্লান্তিবোধ, দুর্বলভাব, ব্যথা এমনকি হার্ট অ্যাটাক বা স্ট্রোক হওয়ায় ঝুঁকি বাড়িয়ে তোলে। সঠিক চিকিৎসার অভাবে উচ্চ রক্তচাপ কিডনি, হৃদপিণ্ড ও দৃষ্টিশক্তির সমস্যা সৃষ্টি করে। লবণ উচ্চ রক্তচাপ বাড়ায়। কেননা এতে করে দেহ জল ধরে রাখে যা, শিরাগুলোতে চাপ সৃষ্টি করে।” দৈনন্দিন খাদ্যাভ্যাস থেকে সামান্যতম লবণের পরিমাণ কমানো শরীরের জন্য উপকারী। সম্ভব হলে রান্নার লবণের পরিবর্তে স্বাদযুক্ত মসলা ব্যবহার করা যেতে পারে। প্রক্রিয়াজাত খাবার, ফাস্টফুড ও ভারি নোনতা খাবার থেকে বিরত থাকা উচিত। সামান্যতম সোডিয়াম গ্রহণের পরিমাণ কমানো হৃদপিণ্ড সুস্থ রাখতে এবং উচ্চ রক্তচাপ পাঁচ থেকে ছয় মি.মি এইচজি পর্যন্ত কমাতে সহায়তা করে। রক্তচাপের ওপর সোডিয়াম গ্রহণের প্রভাব বিভিন্ন গোষ্ঠীর মধ্যে বিভিন্ন রকমের হয়ে থাকে।

সাধারণভাবে, দিনে ২৩০০ মি.লি. গ্রামের বেশি সোডিয়াম গ্রহণ করা উচিত। প্রাপ্তবয়স্কদের জন্য দৈনিক ১৫০০ মি.লি. গ্রাম বা এর কম সোডিয়াম গ্রহণ করা উচিত। এছাড়া মানসিকচাপ নিয়ন্ত্রণে রাখা জরুরি। মানসিকচাপে থাকলে শরীর তা মোকাবেলা করার জন্য হরমোন তৈরি করে। অথবা স্বাভাবিকের চেয়ে চাপ বৃদ্ধি করে। এতে হৃদপিণ্ড দ্রুত স্পন্দিত হয়। ডা. হাসকালোভিসি জানান, “সমস্যের সাথে সাথে উচ্চ চাপ উচ্চরক্তচাপের সৃষ্টি করে। শরীরচর্চা, ঘুম, ভালো বন্ধু, অর্থপূর্ণ জিনিস ও শান্ত মুহূর্ত চাপ নিয়ন্ত্রণে সাহায্য করে। এছাড়াও, অনেকে ধ্যান, মালিশ করা, প্রকৃতিতে হাঁটাহাঁটি করা অথবা মনের ওপর নিয়ন্ত্রণ অনুশীলন মানসিক চাপ কমাতে সহায়তা করে।”

## চল্লিশের পরের কিছু পরিবর্তন সুস্থ থাকতে যা করণীয়

“কুঁড়িতে বুড়ি আর চল্লিশে চালশে” এই প্রবাদগুলোই এখন চিরাচারিত সত্য। বয়স বেড়ে যাওয়ার সাথে সাথে শরীর ও মনে পরিবর্তন আসে। আর এই পরিবর্তনগুলো মেনে নেওয়াই ভালো থাকার মূলমন্ত্র। নারী এবং পুরুষের শরীরের গঠনে বেশকিছু পার্থক্য রয়েছে। পুরুষদের তুলনায় মেয়েদের শরীর অনেক বেশি জটিল। এ কারণেই নারীদের বেশি করে নিজেদের খেয়াল রাখা উচিত। বয়স চল্লিশের কোঠায় পৌঁছালে নারীরা বেশ কিছু সমস্যার মুখোমুখি হয়। তাই এটা সাবধানতার সময়, নিজের দিকে আলাদা করে নজর দেওয়ার সময়। এসময় তাই প্রাত্যহিক জীবনযাত্রায় পরিবর্তন আনুন। নিয়ন্ত্রণহীন প্রস্রাব বিড়ম্বনা সাধারণত প্রসবকালীন এবং প্রসব পরবর্তী সময় বা মনোপজের পরে প্রস্রাব নিয়ন্ত্রণ করতে না পারার সমস্যাটা দেখা যায়। এমনকি কখনও কখনও জোরে কাশি দিলে বা উচ্চস্বরে হাসলেও প্রস্রাব আটকে রাখা দায় হয়ে পড়ে। চল্লিশ বছর পার করা নারীদের ক্ষেত্রে এমন বিব্রতকর পরিস্থিতির ঘটনা ঘটে প্রায় ৪০ শতাংশ। পরামর্শ: এই যন্ত্রণাদায়ক পরিস্থিতি থেকে বের হতে যোগ ব্যায়াম করতে পারেন। ঘনঘন ভুলে যাওয়া চল্লিশ বছর পর বা মনোপজের পর নারীর জীবন-জীবিকায় বিশাল এক পরিবর্তন ঘটে। যেমন- ছোট ছোট বিষয়গুলো ভুলে যাওয়া। তবে এটাকে স্মৃতিভ্রষ্টের রোগ মনে করার কোনো কারণ নেই। কারণ এসবই মনোপজের জন্য হয়।

পরামর্শ: বিষয়টি মনের মধ্যে পুষে না রেখে চিকিতককে জানিয়ে নিশ্চিত হয়ে নিন যে এটা অন্য কোনো রোগ নয়। চুল পড়া মানুষ মাত্রই কমবেশি চুল পড়ার বিষয়টি মোকাবিলা করতে হয়। কখনও বেশি কখনও কম। গর্ভাবস্থায় নারীদের চুলের স্বাস্থ্য বৃদ্ধি পায়। আবার শিশু ভূমিষ্ঠ হওয়ার পরই ঝরতে থাকে। হরমোনাল পরিবর্তনে যেমন চুল পড়ে আবার মনোপজের কারণেও চুল পড়তে পারে। পরামর্শ: এসব ক্ষেত্রে চুলপড়া কমাতে সহায়ক শ্যাম্পু ব্যবহার করুন বা ভিটামিন, আয়রন, ক্যালসিয়াম যুক্ত খাদ্য গ্রহণ করুন। পুষ্টিহীনতা চল্লিশের পর থেকে নারীর শারীরিক সক্ষমতা কমতে শুরু করে। বিভিন্ন পুষ্টি ও আয়রনের ঘাটতি দেখা দেয়। ফলে স্বাভাবিকভাবেই শরীর এত মাত্রায় ক্লান্ত হয়ে পড়ে যে, কোনো কাজ করতেই মন চায় না। অসুস্থতার মাত্রাও বেড়ে যায়। পরামর্শ: এমনটা যাতে আপনার সঙ্গে না ঘটে, তা সুনিশ্চিত করতে প্রতিদিনকার ডায়েটে মাংস, ডিম, নানাবিধ বীজ, বাদাম এবং ব্রাউন রাইসের মতো আয়রন সমৃদ্ধ খাবার রাখতে হবে। হাড়ের সমস্যা চল্লিশের পর থেকে নারীদের হাড়ের স্বাস্থ্যের অবনতি ঘটতে শুরু করে। তাই এই সময় বেশি করে ক্যালসিয়াম সমৃদ্ধ খাবার খাওয়া শুরু করতে হবে। সেই সঙ্গে সকালে গায়ে রোদ লাগাতে হবে। এতে শরীরে ভিটামিন ডি-এর ঘাটতি দূর হবে। ফলে হাড় ভালো থাকবে।

পরামর্শ: ক্যালসিয়াম সমৃদ্ধ খাবার খেতে হবে নিয়মিত। ক্যালসিয়াম সমৃদ্ধ খাবারগুলোর মধ্যে অন্যতম হলো-দুধ, দই, পনির, ব্রকলি, বাদাম প্রভৃতি।

## পেটের জেদি চর্বি গলবে এই পানীয়তেই

অফিসের কাজের গুঁতো সামলাতে গিয়ে প্রাণ ওষ্ঠাগত। নাওয়া-খাওয়ার পর্যন্ত সময় নেই। পুজোর দু”দিন ছুটির লোভে তাড়াতাড়ি কাজ সামলাতে গিয়ে মিস হয়ে যাচ্ছে লাঞ্চটাইম। ফলে পেটের খিদে মেটাতে তখন ফাস্টফুড। একটানা বসে কাজ করা, তাড়াহুড়োয় তেল-মশলাদার খাবার খেয়ে ওজন তো বাড়েনি বরং কমেছে। আর শরীর যদি পর্যাপ্ত পরিমাণ খাবার না পায় এবং নিয়মমাফিক শরীরচর্চা না হয় তাহলে মেটাবলিজম কমবেই।

খাবার ঠিকমতো হজম না হলে শরীরে জমা হয় অতিরিক্ত টক্সিন। এই অতিরিক্ত টক্সিন আর চর্বি জমা হওয়ার ফলে শরীরে একাধিক সমস্যা দেখা দেয়। আর মেদ জমতে শুরু করলে প্রথমে তা পেটেই জমতে শুরু করে। এই মেদ ঝরানো কিন্তু বেশ মুশকিলের।

শরীরে মেদ জমলে অলস আর ক্লান্তিভাব লেগেই থাকে। শরীরে ক্লান্তি থাকলে মেটাবলিজম কমবেই। এর অর্থ হল শরীরে যে পরিমাণ খাবার যাচ্ছে তার থেকে পর্যাপ্ত পরিমাণ শক্তি উতন্ন হচ্ছে না। ওবেসিটির সমস্যা হলে সেখান



থেকে শরীরে বাসা বাঁধে একাধিক রোগ। আজ তৃতীয়া। ঠাকুর দেখা, প্যান্ডেল হপিং ইতিমধ্যে শুরু হয়ে গিয়েছে। তবুও হাতে ৫ দিন সময় আছে অষ্টমী পর্যন্ত। হাজার হোক অষ্টমীর বিশেষ সাজগোজের দিকে সকলেরই নজর থাকে। পছন্দের শাড়ি, ব্লাউজ গায়ে চাপানোর আগে ঝরিয়ে ফেলুন পেটের অতিরিক্ত চর্বি। আর এভাবে অতিরিক্ত চর্বি জমার ফলে শরীরের বিপাক ক্রিয়া কমে যায়। এই কয়েকটি পানীয় যদি নিয়ম করে এই ৫ দিন খেতে পারেন তাহলে উপকার পাবেনই। অ্যাপেল সিডার ভিনিগার- -এর মতে অ্যাপেল সিডার অন্ত্র পরিষ্কার রাখতে খুব ভাল কাজ করে। এর ফলে শরীরের পিএইচ ভারসাম্য বজায় থাকে। পাকস্থলীর মধ্যেকার অ্যাসিডের ভারসাম্য বজায় রাখে। ফলে বিপাক ক্রিয়া বাড়ে। এতে বিপাক ক্রিয়া বাড়ে। রোজ সকালে অ্যাপেল সিডার ভিনিগার খান। তবেই তফাত বুঝতে পারবেন। ব্ল্যাক কফি- ব্ল্যাক কফি আমাদের শরীরের জন্য খুব ভাল। সেই সঙ্গে ফ্যাট গলাতেও সাহায্য করে। সবচেয়ে ভাল যদি ওয়ার্ক আউটের আগে খেতে পারেন। এতে শরীরে শক্তিও পাওয়া যাবে সেই সঙ্গে ওজনও কমবে তাড়াতাড়ি। তবে চিনি ছাড়া ব্ল্যাক কফি খেতে হবে।

# মহারাষ্ট্রের বর্তমান মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রীর যদি কোনও নীতিবোধ থাকে, তাহলে তাদের পদত্যাগ করা উচিত : উদ্ধব ঠাকরে



মুম্বই, ১১ মে (হি.স.): মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে ও উপ-মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশের বিরুদ্ধে তোপ দাগলেন মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে। সুপ্রিম কোর্টের রায়ের পর উদ্ধব ঠাকরে বলেছেন, মহারাষ্ট্রের বর্তমান মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রীর যদি কোনও নীতিবোধ থাকে, তাহলে তাদের পদত্যাগ করা উচিত।

উদ্ধব বলেছেন, তাঁরা (বর্তমানে শিন্ডে গোষ্ঠীর বিধায়ক) আমার দল এবং আমার বাবার উত্তরাধিকারের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। তখন মুখ্যমন্ত্রী হিসেবে আমার পদত্যাগ আইনগতভাবে ভুল হতে পারে, কিন্তু আমি নৈতিক ভিত্তিতে তা করেছি।

প্রসঙ্গত, বৃহস্পতিবার সুপ্রিম কোর্ট বলেছে, মহারাষ্ট্রের তৎকালীন রাজ্যপাল ভগৎ সিং কোশিয়ারির ফ্লোর টেস্টের সিদ্ধান্ত ভুল ছিল এবং আদালত তাঁর সরকারকে পুনরুদ্ধার করতে পারে না, যেহেতু তিনি পদত্যাগ করেছিলেন এবং ফ্লোর টেস্টের মুখোমুখি হননি।

## তোর্ষায় তলিয়ে যাওয়া দুই কিশোরের দেহ উদ্ধার

কোচবিহার, ১১ মে (হি. স.) : কোচবিহারে তোর্ষায় তলিয়ে যাওয়া দুই কিশোরের দেহ উদ্ধার হল। দুজনকেই কোচবিহার-১ ব্লকের ৪ নম্বর এলাকার পাগলার ঘাটের পাশে পাওয়া যায়। দুটি দেহকেই ময়নাতদন্তের জন্য এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে।

জানা গিয়েছে, বুধবার কোচবিহার শহর লাগোয়া ১ নম্বর কালিঘাট এলাকায় তোর্ষার ঘাটে তিনবন্ধু একসাথে স্নান করতে নেমেছিল। প্রত্যেকের বাড়ি গুড়িয়াহাটি-২ গ্রাম পঞ্চায়েতের নতুনপল্লি এলাকায়। স্নান করতে গিয়ে নবম শ্রেণির দুই পড়ুয়া বিক্রম দাস (১৪) ও দেব দাস (১৪) তলিয়ে যায়। তাঁদের আরেক বন্ধু ইন্দ্রজিৎ সরকার (১৪) স্নান করতে গেলেও সে উঠে আসে। বুধবার বাকি দুজনের তল্লাশি চালিয়েও খোঁজ মেলেনি। এরপর গতকাল গভীর রাতে পাগলার ঘাট এলাকায় বিক্রমের দেহ ভেসে থাকতে দেখা যায়। কোতোয়ালি থানার পুলিশকে খবর দিলে তাঁরা দেহটি উদ্ধার করে। বৃহস্পতিবার সকালে একই এলাকা থেকে তল্লাশি চালিয়ে দেবের দেহ উদ্ধার করে সিভিল ডিফেন্সের কর্মীরা। দুটি দেহকেই ময়নাতদন্তের জন্য এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে।

## নেতাজি নগর এলাকায় পুকুর থেকে মৃতদেহ উদ্ধার

কলকাতা, ১১ মে (হি. স.) : কলকাতার নেতাজি নগর এলাকায় একটি পুকুর থেকে উদ্ধার করা হয়েছে মধ্যবয়সী এক ব্যক্তির দেহ। ঘটনাটি ঘটেছে রানীদিঘি এলাকার।

পুলিশ জানিয়েছে, বৃহস্পতিবার সকালে স্থানীয় লোকজনের কাছ থেকে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নিহতের নাম জয়দীপ নন্দ। ৪০ বছর বয়সী জয়দীপের অনেক ঋণ ছিল, তাই তিনি আত্মহত্যা করেছেন বলে দাবি করা হচ্ছে। তবে পুলিশ বলছে, কীভাবে মৃত্যু হল তা তদন্ত করে দেখা হয়েছে। দু'দিন আগে তাকে শেষবার ওই এলাকায় দেখা গিয়েছিল। এরপর থেকে তিনি নিখোঁজ ছিলেন। বৃহস্পতিবার সকালে পুকুরের জলে দেহ পড়ে থাকতে দেখে স্থানীয় লোকজন পুলিশে খবর দেয়। সিসিটিভি ফুটেজ দেখে তার মৃত্যুর কারণ খতিয়ে দেখা হচ্ছে। পরিবারের সদস্যদের সঙ্গেও কথা বলা হচ্ছে।

## কাছাড়ের জেলা সৈনিক কল্যাণ কার্যালয়ের আবেদন

শিলচর (অসম) ১১ মে (হি.স.) : কাছাড় জেলার সকল এক্স সার্ভিস ম্যান, যাদের পেনশন পেমেন্ট ওর্ডারে স্ত্রীর নাম নেই তাদের সকলকে জেলা সৈনিক ওয়েলফেরার অফিসে অতিসত্বর নিজস্ব ডিসচার্জ বুক, পেনসন পেমেন্ট ওর্ডার, ব্যাঙ্ক পাসবুক, আধার কার্ড প্যান কার্ড তথা জয়েন্ট ফটোগ্রাফ, নিয়ে আসার জন্য অনুরোধ করা হচ্ছে। জেলা সৈনিক অফিসের এক প্রেসবার্তায় এই কথা জানানো হয়েছে। এছাড়া ওপর এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে ২০২৩-২৪ অর্থবছরের জন্য রাজ্য সৈনিক বোর্ড, গুয়াহাটির শিক্ষা বৃত্তি প্রকল্পের অধীনে আর্থিক সহায়তার জন্য সাব মেজর বা সমতুল্য পদ পর্যন্ত সেনা, নৌ ও বিমান বাহিনীর সমস্ত প্রাক্তন সৈনিক বিধবা দের/ পরিবারবর্গ থেকে আবেদনের আমন্ত্রণ জানানো হয়েছে । আগামী ৩০ নভেম্বর তারিখের মধ্যে কাছাড়ের জেলা সৈনিক কল্যাণ কার্যালয়ে এসে জমা দিতে অনুরোধ জানানো হয়েছে। বিস্তারিত তথ্য উক্ত কার্যালয়ে পাওয়া যাবে।

# আগামী সপ্তাহে ১০০ দিনের কাজ'র পর্য্যালোচনা বৈঠকে ডাক বাংলার আধিকারিকদের

কলকাতা, ১১ মে (হি. স.) : পশ্চিমবঙ্গ সরকারের দাবি, ১০০ দিনের কাজ এবং আবাস যোজনা প্রকল্প মিলিয়ে বর্তমানে কেন্দ্রের কাছে রাজ্যের পাওনা প্রায় ১৫ হাজার কোটি টাকা। এবার দিল্লি থেকে ডেকে পাঠানো হয়েছে রাজ্যের আধিকারিকদের। ১০০ দিনের কাজের প্রকল্পের পর্য্যালোচনা বৈঠক হবে। সেখানেই যোগ দিতে বলা হয়েছে পশ্চিমবঙ্গের আধিকারিকদের।

নবান্ন সূত্রে জানা গিয়েছে, কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের সচিব শৈলেশকুমার সিং কয়েকদিন আগে রাজ্যের পঞ্চায়েত সচিব পি উলগানাথনকে একটি চিঠি দিয়ে ওই বৈঠকে ডেকেছেন রাজ্যের কর্তাদের। আগামী ১৮ এবং ১৯ মে দিল্লিতে আয়োজিত হচ্ছে এই রিভিউ বৈঠক। যাবতীয় গ্রামোন্নয়ন প্রকল্পের মান ও অগ্রগতি নিয়ে বৈঠকটি ডাকা হলেও '১০০ দিনের কাজ'-এর পর্য্যালোচনার জন্য অধিকাংশ সময় বরাদ্দ করা হয়েছে।

বৈঠকের প্রথম দিনে হবে এ সংক্রান্ত আলোচনা। সেদিন বেলা আড়াইটা থেকে সাড়ে ৪টের মধ্যে যে কোনও সময় পশ্চিমবঙ্গের প্রতিনিধিকে বলতে দেওয়া হবে। ১০০ দিনের কাজের প্রকল্পে পরপর দু'টি অর্থবর্ষে বাংলাকে কোনও টাকা দেয়নি কেন্দ্র, তারই পর্য্যালোচনা বৈঠকে ডাকা হয়েছে বাংলার পঞ্চায়েত দফতরের কর্তাদের। নবান্নের আধিকারিকদের দাবি, কাজের অগ্রগতি নিয়ে স্বাভাবিকভাবেই তাঁদের কিছু বলার নেই। তবে বৈঠকে যোগ দিলে অবশ্যই বাংলার মানুষের প্রতি কেন্দ্রীয় বঞ্চনার কথা তুলে ধরা হবে। বকেয়া অর্থ সহ নতুন বরাদ্দ দ্রুত ছাড়ার দাবিও ফের একবার তোলা হবে জোর গলায়।

তাঁদের বক্তব্য, 'পশ্চিমবঙ্গ তো ২ বছর ধরে কোনও কাজই পায়নি। কোনও টাকা দেয়নি ওরা। প্রথমে কাজ পাবে, তার পর তো কাজের মান উন্নয়নের বিষয়। সারা দেশে পশ্চিমবঙ্গই এক মাত্র রাজ্য, যেখানে ১০০ দিনের কাজ এবং আবাস যোজনার টাকা আটকে রেখেছে কেন্দ্র। আসলে এভাবে পশ্চিমবঙ্গকে অন্যান্য রাজ্যের সামনে ছোট করতে চাইছে কেন্দ্র। ভাত দেওয়ার নাম নেই, কিল মারার গোঁসাই! প্রচলিত এই প্রবাদের সারকথাই যেন প্রতিফলিত হল কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তে। মোদী সরকারের এ এক 'নির্মম রসিকতা' ছাড়া আর কিছুই নয়! অন্যান্য রাজ্যের কাছে পশ্চিমবঙ্গকে ছোট করে দেখানোর জন্যই কেন্দ্র এই প্যাঁচ কষেছে।'

সম্প্রতি আবাস প্রকল্প নিয়ে একাধিক কেন্দ্রীয় দল পাঠিয়েছিল কেন্দ্র। তার পরে বেশ কিছুদিন কেটে গেলেও কোনও রিপোর্ট আসেনি। রাজ্য প্রশাসনের কর্তাদের একাংশের অভিযোগ, টাকা না দেওয়ার জন্য ইচ্ছে করে রিপোর্ট দিতে বিলম্ব করা হচ্ছে। অথচ, এসব খাতের বরাদ্দ পেতে কেন্দ্রের চাপানো সমস্ত শর্তই মেনে নিয়েছে রাজ্য সরকার। দেওয়া হয়েছে চিঠির পর চিঠি। স্বয়ং মুখ্যমন্ত্রী ধর্নায় বসেছেন। কিন্তু সুফল আজও অধরা।

## শপথ নিলেন হাই কোর্টের প্রধান বিচারপতি

কলকাতা, ১১ মে (হি. স.) : বৃহস্পতিবার কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের শপথগ্রহণ অনুষ্ঠান হয়। ১ নম্বর কোর্ট রুমে প্রধান বিচারপতির এজলাসে হয় এই আয়োজন করা হয়।

হাই কোর্টের অনুষ্ঠানে উপস্থিত হন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। তিনিই প্রধান বিচারপতিকে শপথবাক্য পাঠ করান। শপথবাক্য পাঠ শেষে প্রধান বিচারপতির দু'হাত ধরে তাঁকে অভিনন্দন জানান রাজ্যপাল বোস। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বিচারপতি টি এস শিবজ্ঞানমকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। প্রাক্তন প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তবের অবসরের পর ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির দায়িত্ব সামলাচ্ছিলেন তিনি। উপস্থিত ছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়, মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, মন্ত্রী মলয় ঘটক, মেয়র ফিরহাদ হাকিম প্রমুখ।

উপস্থিত ছিলেন কিছু বর্ষীয়ান আইনজীবী, সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি অশোক গঙ্গোপাধ্যায়, আইনজীব অরুণাভ ঘোষ। চিরচারিত রীতি মেনে এদিন এই শপথ গ্রহণ অনুষ্ঠান হয়।

শপথগ্রহণ অনুষ্ঠান শেষে বক্তৃতা দেন প্রধান বিচারপতি নিজে। সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, তিনি ন্যায়ের পথ প্রশস্ত করবেন। প্রাক্তন প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব অবসর গ্রহণের পর গত ৩০ মার্চ ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি হিসেবে টি এস শিবজ্ঞানমের নাম উল্লেখ করে বিজ্ঞপ্তি জারি করে কেন্দ্রীয় আইনমন্ত্রক। জানা গিয়েছে, বিচারপতি টি এস শিবজ্ঞানম চেন্নাইয়ের লয়োলা কলেজ থেকে বিএসসি করে মাদ্রাজ ল কলেজ থেকে আইন পাশ করেন। ১৯৮৬ সালের সেপ্টেম্বর মাসে বার কাউন্সিল অফ তামিলনাড়ুর সদস্য হন তিনি। ২০০৯ সালে মাদ্রাজ হাইকোর্টের অতিরিক্ত বিচারপতি হিসেবে নিযুক্ত হন। পরে ২০১১ সালে তিনি স্থায়ী বিচারপতি হন। ২০২১ সালের ২৫ অক্টোবর কলকাতা হাইকোর্টে বিচারপতি হিসেবে যোগ দেন।

# দিল্লি সরকারের হাতে থাকবে আমলাদের বদলির অধিকার : সুপ্রিম কোর্ট



নয়াদিল্লি, ১১ মে (হি.স) : দিল্লির আমলাদের বদলির অধিকার থাকবে দিল্লির সরকারের হাতে। বৃহস্পতিবার প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন বেঞ্চ এই রায় দিয়েছে।

বৃহস্পতিবার প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, বিচারপতি এমআর শাহ, বিচারপতি কৃষ্ণ মুরারি, বিচারপতি হিমা কোহলি, বিচারপতি পিএস নরসিমা—এর সাংবিধানিক বেঞ্চ নির্দেশ দিয়েছে, পাবলিক অর্ডার, আইন-শৃঙ্খলা এবং ভূমি ছাড়া যাবতীয় বিষয়ের ক্ষেত্রে দিল্লি সরকারের হাতে ক্ষমতা থাকবে। এদিন শীর্ষ আদালত জানায় দিল্লি কেন্দ্রশাসিত রাজ্য হওয়ায় অন্য রাজ্যের তুলনায় অধিকার কম।

নির্বাচিত সরকার মানুষের কাছে জবাব দিতে বাধ্য। নির্বাচিত সরকারের প্রশাসনের উপরে নিয়ন্ত্রণ থাকা দরকার বলে মন্তব্য করে আদালত। প্রধান বিচারপতি বলেন, 'যদি একজন অফিসার সরকারের ডাকে সাড়া না দেয়, তাহলে যৌথ দায়বদ্ধতা কমিয়ে দেওয়া হয়।'

ভারতের প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় এদিন আরও বলেন, 'দিল্লি বিধানসভাকে জনগণের ইচ্ছার প্রতিনিধিত্ব করার জন্য আইন প্রণয়নের ক্ষমতা দেওয়া হয়েছে। মৌলিক কাঠামোর একটি অংশ গঠন করে গণতন্ত্র এবং যুক্তরাষ্ট্রীয় কাঠামোর নীতি। যুক্তরাষ্ট্রীয় কাঠামো বিভিন্ন স্বার্থের বেঁচে থাকা নিশ্চিত করে এবং বিভিন্ন চাহিদা মেটায়।'

# চালকলের দুটো অ্যাকাউন্ট খুলে দিন কেষ্টকে আবেদন করতে বললেন বিচারক

আসানসোল, ১১ মে (হি. স.) : অনুব্রত মণ্ডলের শারীরিক অসুবিধার বিষয়টি জেল কর্তৃপক্ষ যাতে নজরে রাখেন, সে জন্য জেল সুপারকে চিঠি পাঠাবেন বলে জানালেন আসানসোলের বিশেষ সিবিআই আদালতের বিচারক। একই সঙ্গে আটকে দেওয়া ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার বিষয়টি নিয়ে আবেদন জানানোর জন্যও অনুব্রতকে জানিয়েছেন বিচারক। তাঁর শরীর ভাল নেই। বিভিন্ন রকম অসুবিধা দেখা দিয়েছে। বৃহস্পতিবার বিচারককে এই কথাই জানালেন তৃণমূলের বীরভূম জেলার সভাপতি অনুব্রত মণ্ডল। পাশাপাশি, ভোলেব্যোম চালকলের অ্যাকাউন্ট খুলে দেওয়ার আবেদনও করেছেন তিনি। বিচারক রাজেশ চক্রবর্তী অনুব্রতের বক্তব্য শোনার পর সহযোগিতামূলক মন্তব্য করেন।

বৃহস্পতিবার আসানসোল বিশেষ সিবিআই আদালতে গরু পাচারকাণ্ডে অভিযুক্ত অনুব্রত এবং তাঁর প্রাক্তন নিরাপত্তারক্ষী সহগল হোসেনের ভার্চুয়াল শুনানি ছিল। তিহাড় জেল থেকে উপস্থিত ছিলেন দু'জনেই। অনুব্রতকে দেখে বিচারক তাঁকে জিজ্ঞাসা করেন, "আপনাকে খুব ক্লান্ত লাগছে। অনুব্রতবাবু, কেমন আছেন?" অনুব্রত জবাব দেন, "শরীর ভাল নেই। সব রকম অসুবিধা হচ্ছে।" বিচারক বলেন, "ডাক্তার দেখছে তো ?" কেষ্ট তখন উত্তর দেন, "ডাক্তার দেখাচ্ছি। জেলের মেডিক্যাল ওয়ার্ডে পড়ে আছি।" বিচারক বলেন, "বুঝতে পারছি।" এর পর বিচারক সহগলকে জিজ্ঞাসা করেন, "তোমার গয়না রিপোর্ট অর্ধেক এসেছে।" তার পর সরকারি আইনজীবীর উদ্দেশে বলেন, "গয়নার রিপোর্টটা কী হল?" সরকারি আইনজীবী উত্তর দেন, "তদন্তকারী আধিকারিকের সঙ্গে কথা বলে জানাচ্ছি।" এর পর বিচারক সহগলকে বলেন, "আমি বিষয়টি দেখছি। অনেক দিন ধরেই বিষয়টা ঝুলে আছে। এ বার দ্রুত ব্যবস্থা হবে।" তদন্তকারী আধিকারিকের সঙ্গে ফোনে কথা বলার পর সরকারি আইনজীবী বলেন, "স্যর ওঁর সঙ্গে কথা হয়েছে। পরবর্তী শুনানির দিনই সম্পূর্ণ রিপোর্ট জমা করা হবে।" সহগলের প্রসঙ্গ শেষ হতেই অনুব্রত বলে ওঠেন, "স্যর চালকলের অ্যাকাউন্টটা ডিফ্রিজ করে (খুলে) দিন।" বিচারক তখন জিজ্ঞাসা করেন, "কোন চালকল ?" অনুব্রত জবাব দেন, "ভোলেব্যোম চালকল। ওই দু'টি অ্যাকাউন্ট যেন খুলে দেওয়া হয়। শ্রমিকেরা বেতন পাচ্ছেন না। ২০০ শ্রমিক আছে। বহু জিনিসপত্র নষ্ট হচ্ছে।"

## রাজস্থান কংগ্রেসের কোন্দল অব্যাহত, ফের গেহলট সরকারের বিরুদ্ধে পথে নামলেন শচীন

জয়পুর, ১১ মে (হি.স): রাজস্থানে অব্যাহত কংগ্রেসের গোষ্ঠী কোন্দলের রাজনীতি। ফের নিজের দল অর্থাৎ রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলটের পরিচালিত কংগ্রেস সরকারের বিরুদ্ধে পথে নেমেছেন তাঁর প্রাক্তন উপমুখ্যমন্ত্রী শচীন পাইলট। তীব্র তাপপ্রবাহ মাথায় নিয়ে বৃহস্পতিবার অজমের শরীফ থেকে জয়পুর পর্যন্ত পদযাত্রা শুরু করেছেন তিনি।

মুখ্যমন্ত্রী সম্পর্কে দুদিন আগেই রাজ্যের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী শচীন পাইলট মন্তব্য করছিলেন, সোনিয়া গান্ধী নন, অশোক গেহলটের নেত্রী আসলে বিজেপির বসুন্ধরা রাজে।

গত সপ্তাহে আচমকাই রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেত্রী বসুন্ধরা রাজের প্রশংসা করেন অশোক গেহলট। বলেন, শচীন পাইলট বিজেপির হাত ধরে আমার সরকার ফেলার চেষ্টা করেছিল। কিন্তু বসুন্ধরা রাজেজি বেঁকে বসায় সেটা সম্ভব হয়নি। যদিও বসুন্ধরা মুখ্যমন্ত্রীর এই বক্তব্যকে গালগল্প বলে উড়িয়ে দিয়েছেন। তবে গেহলটের এই মন্তব্যকে কেন্দ্র করে ফের চড়েছে রাজস্থান কংগ্রেসের কোন্দল রাজনীতি। গেহলটের পরিচালিত কংগ্রেস সরকারের বিরুদ্ধে পথে নেমেছেন শচীন পাইলট। তীব্র তাপপ্রবাহ মাথায় নিয়ে বৃহস্পতিবার অজমের শরীফ থেকে জয়পুর পর্যন্ত পদযাত্রা শুরু করেছেন তিনি। এবারের ইস্যু গেহলট সরকারের সময়ে সরকারি চাকরি দেওয়াতে পাবলিক সার্ভিস কমিশনের বিরুদ্ধে ওঠা দুর্নীতির অভিযোগ। গত মাসে ওই ঘটনায় প্রশ্ন ফাঁসের ঘটনায় কমিশনের এক সদস্যকে গ্রেফতার করে পুলিশ। শচীনের বক্তব্য, ধৃত মুখ্যমন্ত্রী গেহলটের ঘনিষ্ঠ। তাঁর বিরুদ্ধে ইচ্ছাকৃতভাবে চার্জশিট পেশ করা হচ্ছে না।

লক্ষণীয়, শচীনের যাত্রায় আজ রাহুল ও প্রিয়ঙ্কা গান্ধীর ছবি সম্বলিত কাটআউট, পোস্টার চোখে পড়েনি। নেতাদের মধ্যে ছবি আছে শুধুই সনিয়া গাঁধীর। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গে সহ প্রথমসারির কোনও নেতার ছবি নেই।

# ইমরান খানের গ্রেফতারের প্রতিবাদে সোচ্চার হলেন ওয়াসিম-শোয়েবরা



করাচি, ১১ মে (হি.স.): ইমরান খানের গ্রেফতারের প্রতিবাদে সোচ্চার হলেন পাকিস্তানের ক্রিকেট তারকারা। এদের মধ্যে আছেন ওয়াসিম আকরাম, সোয়েব আক্তার, ওয়াকার ইউনুসরা।

ইমরান কেবল পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী কিংবা রাজনীতিবিদ নন,তিনি ছিলেন পাকিস্তানের বিশ্বকাপজয়ী অধিনায়ক। রাজনীতিতে এসে ১৯৯২ সালে দেশের বিপর্যয়ের সামনে দাঁড়িয়ে যেভাবে দেশের প্রধানমন্ত্রী হয়েছিলেন তা তো রূপকথারই মতো।

ওয়াসিম আকরাম টুইটে লিখেছেন 'ইমরান, আপনি

হয়তো একজন ব্যক্তি, কিন্তু আপনি পাকিস্তানের লাখো মানুষের কণ্ঠস্বর।

মানসিকভাবে শক্ত থাকুন ক্যাপ্টেন। কিভাবে শক্ত থাকুন ক্যাপটেন।""""

ওয়াকার ইউনিস লিখেছেন, 'অধিনায়ক, আপনার পেছনেই আছি। অবিচার কিন্তু দিনের শেষে মুক্তিরই জন্ম দেয়। আসুন, আমরা আমাদের নেতা ও স্বাধীনতাকে রক্ষা করি।""""

শোয়েব বলেছেন, """" আমাদের জাতীয় বীর ইমরান খানের নিগৃহীত হতে দেখাটা অত্যন্ত হৃদয়বিদারক। দেশ হিসেবে আমরা কোথায় যাচ্ছি? দয়া করে আমাদের জাতীয় বীরের প্রতি একটু সম্মান ও শ্রদ্ধা দেখান। '

# শিলচরের কেন্দ্রীয় কারাগার থেকে ফেরার হত্যাকাণ্ডে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত দুই কয়েদির

শিলচর (অসম), ১১ মে (হি.স.) : শিলচরের কেন্দ্রীয় কারাগার থেকে পালিয়েছে হত্যাকাণ্ডে দোষী সাব্যস্ত যাবজ্জীবন দুই কয়েদি। এ খবর চাউর হতেই সাধারণ ও পুলিশ প্রশাসনের পাশাপাশি গোটা শহর জুড়ে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। পলাতক দুই কয়েদিকে খুঁজে বের করতে কালোঘাম ছুটিয়েছে পুলিশ। খবর পেয়ে কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করেছেন সপার্ষদ জেলাশাসক রোহনকুমার ঝা এবং পুলিশ সুপার নোমাল মাহাতো।

কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাতো জানিয়েছেন, গতকাল রাতে কারাগারের ১০ নম্বর ওয়ার্ড থেকে হিফজুর রহমান ও দীপ নুনিয়া নামের দুই বন্দি পালিয়েছে। পলাতক দুজন খুনের আসামি। আদালতের বিচারে তাদের যাবজ্জীবন সাজা হয়। পলাতক দুই কয়েদির বিরুদ্ধে ফের মামলা রুজু করে তাদের গ্রেফতার করতে জেলাজুড়ে পুলিশ তালাশি-অভিযান চালিয়েছে বলে জানান পুলিশ সুপার মাহাতো। তিনি জানান, কাছাড় জেলার সব সীমান্তে নাকা পয়েন্ট গড়ে সব থানা ও পুলিশ ফাঁড়িকে সতর্ক করা হয়েছে।

পুলিশ সুপার জানান, হিফজুর ও দীপ হত্যাকাণ্ডের অভিযোগে কারাগারে বন্দি ছিল। হিফজুর ও দীপককে পৃথক পৃথক দুটি খুনের অভিযোগে গ্রেফতার করা হয়েছিল। দুজনই কুখ্যাত অপরাধী। বদরপুরে সংগঠিত এক খুনের অভিযুক্ত হিফজুর এবং শিলচরের মেহেরপুরে সংগঠিত অপর এক হত্যা মামলার অভিযুক্ত দীপক নুনিয়া। বিচার প্রক্রিয়ায় দুজনের যাবজ্জীবন সাজা হয়।

এদিকে সাজাপ্রাপ্ত দুই কয়েদির পালিয়ে যাওয়ার ঘটনায় দেখা দিয়েছে তীব্র চাঞ্চল্য। কেন্দ্রীয় কারাগারের দশ নম্বর ওয়ার্ড থেকে দুই কয়েদির ফেরার সংক্রান্ত ঘটনার তদন্ত করছেন খোদ পুলিশ সুপার নোমাল মাহাতো। অন্যদিকে, শিলচরের কেন্দ্রীয় কারাগারের অভ্যন্তরীণ অবস্থা খতিয়ে দেখতে তৎক্ষণাৎ জেল পরিদর্শনে ছুটে যান কাছাড়ের জেলাশাসক রোহনকুমার ঝা। তিনি কারাগারের ভিতরে গিয়ে অন্য বন্দিদের সঙ্গে কথা বলেছেন। খোঁজখবর নিয়েছেন দশ এবং অন্য সেলের সুরক্ষা ইত্যাদি যাবতীয় বিষয়ের।

## উত্তরপ্রদেশের আগ্রায় গাড়ির ধাক্কায় মৃত ৩ শিশু, পথ অবরোধ স্থানীয়দের

আগ্রা, ১১ মে (হি.স.): উত্তর প্রদেশের আগ্রায় গাড়ির ধাক্কায় মৃত্যু হল ৩ শিশুর, আহত হয়েছেন আরও ৩। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকালে উত্তর প্রদেশের আগ্রার বাস মহাপত এলাকায়। জানা গেছে, স্কুলে যাওয়ার জন্য রাস্তার ধারে দাঁড়িয়ে ছিল শিশুগুলি। তখনই একটি গাড়ি এসে ধাক্কা মারে তাদের।

পুলিশ জানিয়েছে, ঘটনাস্থলেই প্রাণ হারায় ৩ জন শিশু। আহতদেরকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে চিকিৎসার জন্য।

ঘটনার পর রাস্তা অবরোধ করে স্থানীয় গ্রামবাসীরা বিক্ষোভ দেখান। পুলিশ মামলা রুজু করে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে।

## 'দ্য কেরল স্টোরি' দেখার আবেদনে 'মাননীয়ার সংখ্যালঘু পদলেহনের' উল্লেখ তথাগতর

কলকাতা, ১১ মে (হি. স.) : 'দ্য কেরল স্টোরি' দেখার আবেদন করতে গিয়ে 'মাননীয়ার সংখ্যালঘু পদলেহনের' উল্লেখ করলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

তথাগতবাবু টুইটারে লিখেছেন, "যতভাবে পারেন, 'দ্য কেরল স্টোরি' দেখুন এবং অন্যদের দেখতে বলুন। তারপর যখন মাননীয়ার সংখ্যালঘু পদলেহন সত্ত্বেও সিনেমার উপর নিষেধাজ্ঞা উঠে যাবে তখন হলে গিয়ে আবার দেখুন। কারণ এই সাধু প্রচেষ্টায় সাহায্য করা আমাদের পবিত্র কর্তব্য।"

অপর টুইটে তথাগতবাবু লিখেছেন, "এই পাষণ্ডের রাজত্বে আমরা অনেকেই হয়তো একটা ভালো সিনেমা দেখার সুযোগ থেকে বঞ্চিত হব। কিন্তু সেটা বড় কথা নয়। বড় কথা হল, কন্যাসন্তানের পিতামাতারা তিন বছর বয়স থেকে তাদের শেখান, লাভ জিহাদের বীভৎসতার ফাঁদে তারা যেন ধরা না দেয়।"

প্রসঙ্গত, রাজ্যের প্রেক্ষাগৃহগুলিতে নিষিদ্ধ করা হয়েছে দ্য কেরালা স্টোরি সিনেমাটির প্রদর্শনী। আর এই সিদ্ধান্তের বিরোধিতা করে কলকাতা হাইকোর্টে জমা পড়েছে তিনটি জনস্বার্থ মামলা। সুপ্রিম কোর্টেও মামলা রুজু হয়েছে এই নিষেধাজ্ঞার বিরুদ্ধে।

# টি.আর.এল.এম-এর উদ্যোগে ভ্রাম্যমান মোবাইল কমন সার্ভিস গাড়ির আনুষ্ঠানিক উদ্বোধন




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** পশ্চিম জেলার মিশন ম্যানেজমেন্ট ইউনিট টি.আর.এল.এম-এর উদ্যোগে ভ্রাম্যমান মোবাইল কমন সার্ভিস গাড়ির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় বৃহস্পতিবার। এইদিন পশ্চিম জেলার জেলা শাসকের কার্যালয়ের সামনে এক অনুষ্ঠানের মধ্যদিয়ে ভ্রাম্যমান মোবাইল কমন সার্ভিস গাড়ির সুচনা করা হয়। সবুজ পতাকা নেড়ে গাড়ি গুলির সুচনা করেন পশ্চিম ত্রিপুরা জেলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি হরিদুলাল আচার্য, পশ্চিম জেলার জেলা শাসক দেবপ্রিয় বর্ধন সহ অন্যান্যরা। পশ্চিম জেলার জেলা শাসক দেবপ্রিয় বর্ধন জানান গ্রামিন স্তরে কমন সার্ভিস সেন্টার রয়েছে। কমন সার্ভিস সেন্টার থেকে সকল ধরনের পরিষেবা পাওয়া যায়। এইদিন ভ্রাম্যমাণ মোবাইল কমন সার্ভিস গাড়ির সুচনা করা হয়েছে।

## স্কুলের বারান্দায়

● প্রথম পাতার পর

বেগম। তখন বিদ্যালয়ের বারান্দায় ইয়ামিন মিঞা বাইক নিয়ে ঢুকে পড়ে এবং ওই ছাত্রীকে সজোরে ধাক্কা দিয়ে পালিয়ে গেছে। তাতে গুরুতর আহত হয়েছে সাহানাজ। সাথে সাথে বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকার আহত ছাত্রীকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। তিনি বলেন, বাউন্ডারি ওয়াল না থাকার ফলে বাইক নিয়ে সোজা বিদ্যালয়ে ঢুকে পড়েছে ইয়ামিন।তিনি আরও জানিয়েছেন, ইয়ামিন মিঞা মতিনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে প্রাক্তন ছাত্র ছিলেন। বাইকের ধাক্কায় পায়ে গুরুতর আঘাত লেগেছে সাহানাজের। বর্তমানে ওই ছাত্রী হাপানিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

## সংসদ ভবনের

● প্রথম পাতার পর

আকর্ষণীয় বৈশিষ্ট্য স্থাপন করা হয়েছে। নতুন সংসদ ভবনে একটি সাংবিধানিক হলও থাকবে।

প্রায় ১২০০ কোটি টাকা ব্যয়ে নতুন সংসদ ভবন তৈরি হচ্ছে।

# ভোক্তারা যাতে রেশন সামগ্রী নিয়মিত পান তা সুনিশ্চিত করাই সরকারের লক্ষ্য ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** গণবন্টন ব্যবস্থায় ভোক্তাগণ যাতে বরাদ্দক'ত রেশন সামগ্রী নিয়মিত এবং যথাসময়ে পান তা সুনিশ্চিত করাই সরকারের লক্ষ্য। তাই রাজ্যে গণবন্টন ব্যবস্থাকে শক্তিশালী এবং সুদৃঢ় করতে হবে। আজ খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের এক পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। সচিবালয়ের ২নং সভাকক্ষে আয়োজিত এই পর্যালোচনা সভায় খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, রাজস্ব দপ্তরের প্রধান সচিব পুনিত আগরওয়াল, খাদ্য দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্র কুমার, মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, খাদ্য দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী ছাড়াও দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় মুখ্যমন্ত্রী ফুড ইন্সপেক্টর সহ লিগ্যাল মেট্রোলজির আধিকারিকদের বিভিন্ন বাজারগুলিতে নিয়মিত পরিদর্শনের উপর গুরুত্বারোপ করেন। মুখ্যমন্ত্রী বলেন, নিয়মিত বাজারগুলি পরিদর্শনের ফলে ক্রেতা বিক্রেতা উভয়েই লাভবান হন। গনবন্টন ব্যবস্থায় কেন্দ্রীয় সরকারের রাজ্যের জন্য বরাদ্দক'ত গমের পরিমান বাড়ানোর বিষয়টিও সভার আলোচনায় প্রাধান্য পায়।

পর্যালোচনা সভায় খাদ্য দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্র কুমার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশনের মাধ্যমে দপ্তরের বিভিন্ন কাজকর্ম এবং প্রস্তাবিত কর্ম পরিকল্পনার তথ্য তুলে ধরেন। তিনি জানান, দপ্তর মূলত ফুড এবং পাবলিক ডিস্ট্রিভিউশন, সিভিল সাপ্লাইস, ভোক্তা আদালত ও ভোক্তা কল্যাণ এবং লিগ্যাল মেট্রোলজি এই চারটি বিভাগ নিয়ে কাজ করে। তিনি জানান, রাজ্যে বর্তমানে ন্যায্য মূল্যের দোকানের সংখ্যা ২০৫০টি। এরমধ্যে মহিলা পরিচালিত ন্যায্য মূল্যের দোকান রয়েছে ২৯০টি। সমবায় পরিচালিত ন্যায্য মূল্য দোকানের সংখ্যা ১৬৭টি। রাজ্যে ৩টি ট্রানজিট খাদ্য গুদাম রয়েছে এ ডি নগর, ধর্মনগর এবং উদয়পুরে। মোট ৭৫ হাজার ৬০০ মেট্রিকটন ক্ষমতা সম্পন্ন রাজ্যে ১৩৭টি খাদ্য গুদাম রয়েছে। আরও ৫টি নতুন খাদ্য গুদাম নির্মাণের পরিকল্পনা রয়েছে দপ্তরের। সচিব জানান, রাজ্যে মোট রেশন কার্ড গ্রহীতা পরিবার রয়েছেন ৯ লক্ষ ৬১ হাজার ৭২৬টি। মোট ভোক্তা রয়েছেন ৩৭ লক্ষ ২৭ হাজার ৬৩৮ জন। রাজ্যে এখন পর্যন্ত ২৯৮৩টি রিয়াং (ব) শরণার্থী পরিবারকে অন্ত্যোদয় রেশন কার্ড দেওয়া হয়েছে। তিনি জানান, মুখ্যমন্ত্রী চা শ্রমিক কল্যাণ প্রকল্পে ১২০৫টি পরিবারকে প্রায়োরিটি হাউজ হোল্ড রেশন কার্ড দেওয়া হয়েছে।

রাজ্যে 'ওয়ান নেশন, ওয়ান রেশন কার্ড' চালু রয়েছে। এই কর্মসুচিতে রাজ্যের ইটভা-া, চা বাগানগুলিতে কর্মরত বিভিন্ন রাজ্যের শ্রমিকরা রাজ্যের রেশনশপগুলি থেকে রেশন সামগ্রী সংগ্রহ করছেন। সচিব জানান, রাজ্যে ৪৮টি ধান ক্রয় কেন্দ্রে সহায়ক মূল্যে ধান ক্রয় করা হচ্ছে। এর ফলে প্রায় ৯০ হাজার ক'ষক উপক'ত হয়েছেন। ২০২৩ সালের এপ্রিল মাস থেকে সারা রাজ্যে গণবন্টন ব্যবস্থায় ফর্টিফায়েড রাইস দেওয়া শুরু হয়েছে।

সভায় দপ্তরের প্রস্তাবিত কর্ম পরিকল্পনা তুলে ধরে সচিব রাভেল হেমেন্দ্র কুমার জানান, ৭৬৫টি রেশনশপকে মডেল রেশনশপে রূপান্তরিত করার পরিকল্পনা বর্তমানে প্রক্রিয়াধীন। সমস্ত রেশন কার্ড হোল্ডারদের পিভিসি অর্থাৎ মার্ট রেশন কার্ড দেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তাছাড়া গনবন্টন ব্যবস্থায় ভুর্তকীতে সরিষার তেল দেওয়ার পরিকল্পনা নিয়েছে দপ্তর। প্রতি তিনমাসে ১ লিটার করে সরিষার তেল দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে। তিনি জানান, রাজ্যে পশ্চিম ত্রিপুরা, গোমতী, ঊনকোটি এবং ধলাই জেলায় ভোক্তা কমিশন রয়েছে। এছাড়াও আরও তিনটি ডিস্ট্রিক কমিশন স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় দপ্তরের সচিব, লিগ্যাল মেট্রোলজির কাজকর্ম নিয়েও বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান, রাজ্যের ৭টি মহকুমা ব্যতিত প্রত্যেকটি মহকুমায় লিগ্যাল মেট্রোলজির পৃথক অফিস রয়েছে।

## রাজ্যে আক্রান্ত

● প্রথম পাতার পর

অ্যান্টিজেনের মাধ্যমে ৯ জনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। ফলে, দৈনিক সংক্রমণের হার বর্তমানে হয়েছে ১.০৪ শতাংশ। এদিকে, ১১ জন সুস্থও হয়েছেন। ফলে, বর্তমানে ত্রিপুরায় করোনায় আক্রান্ত সক্রিয় রোগী রয়েছেন ৪৩ জন।প্রসঙ্গত, ত্রিপুরায় এখন পর্যন্ত ১০৮১৫০ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাঁদের মধ্যে ১০৭১০১ জন সংক্রমণ থেকে মুক্তি পেয়ে সুস্থ হয়েছেন। রাজ্যে বর্তমানে করোনা-আক্রান্তের হার হয়েছে ৪.০৪ শতাংশ। তেমনি, সুস্থতার হার হয়েছে ৯৯.০৩ শতাংশ। এদিকে, ০.৮৭ শতাংশ হয়েছে মৃত্যুর হার। এছাড়া ত্রিপুরায় এখন পর্যন্ত ৯৩৭ জন করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন।স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিনে আরও জানা গিয়েছে, গত ২৪ ঘণ্টায় পশ্চিম জেলা, গোমতী এবং উত্তর ত্রিপুরা জেলায় ২ জন করে এবং খোয়াই জেলায় ৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন। বাকি চার জেলায় নতুন করে কেউ করোনা আক্রান্ত হননি।

## বিয়ের দাবিতে

● প্রথম পাতার পর

হিসাবে স্বীকৃতি না দিলে দিপালী সাহাকে প্রাণে মারার হুমকি দেয়। এতে তিনি শারীরিক আঘাত পেয়েছেন। বিকালে আক্রান্ত দিপালী সাহা বিশালগড় মহিলা থানায় মামলা দায়ের করেছে। অভিযোগ পাওয়ার পর ঘটনাস্থলে ছুটে যায় পুলিশ। পুলিশের তৎপরতায় দিপালী সাহার বাড়ি দখলমুক্ত হয়। এদিকে পূজার পরিবারের দাবি দিপালী সাহার নাতি সুজিত সাহার সঙ্গে ভালবাসার সম্পর্ক ছিল পূজার। বিয়ের প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু এখনো প্রতিশ্রুতি পূরণ করেনি। প্রণয়ের কথা অস্বীকার করছে সুজিত সাহার পরিবার। তাই ভালবাসার সম্পর্কের চূড়ান্ত স্বীকৃতি প্রদানের জন্য পূজা তার মা এবং কয়েকজনকে নিয়ে সুজিতের বাড়িতে ধর্ণায় বসে।প্রসঙ্গত, বিয়ের দাবিতে এক যুবকের বাড়িতে তান্ডব চালায় মা মেয়ে সহ বেশ কয়েকজন এলাকাবাসী। আক্রান্ত হয়েছে যুবকের ঠাকুরমা। অসুস্থ মহিলাকে শারীরিকভাবে নিগৃহীত করা হয়েছে। বিশালগড় মহিলা থানায় মামলা দায়ের করেছে আক্রান্ত দিপালী সাহা।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টৌলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## পরিবহণ দপ্তর

● প্রথম পাতার পর

যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে মহারাজা বীর বিক্রম বিমানবন্দরে অত্যাধুনিক নতুন টার্মিনাল ভবন নির্মাণ করা হয়েছে। যা গত ২০২২ সালের ৪ জানুয়ারি উদ্বোধন করা হয়েছে। তিনি জানান, গত ৫ বছরে রাজ্যে রেল যোগাযোগ ব্যবস্থার অনেক উন্নয়ন হয়েছে। ফলে ২০১৮ সালে যেখানে রাজ্যে মাত্র ৬টি ট্রেন সার্ভিস ছিল তা বর্তমানে বেড়ে হয়েছে ১৫টি। রাজ্যে সবুজ পরিবহণ ব্যবস্থার (গ্রীণ ট্রান্সপোর্ট) উন্নয়নে ২০২২ সালে রাজ্যে ই-ভেহিক্যাল পলিসি চালু করা হয়েছে। ট্রাফিক আইন লঙ্ঘনকারীদের কাছ থেকে জরিমানা আদায়ের লক্ষ্যে রাজ্যে ই-চালান ব্যবস্থাও চালু করা হয়েছে। সচিব জানান, গোমতী নদীতে জলপথে পরিবহণ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে সোনামুড়া-দাউদকান্দি রুটকে ইন্দো-বাংলাদেশ প্রটোকল রুট হিসেবে ঘোষণা করা হয়েছে। কেন্দ্রীয় অভ্যন্তরীণ জল পরিবহণ মন্ত্রক গোমতী নদীতে ৯টি ভাসমান জেটি নির্মাণ ও অন্যান্য কাজের জন্য ২৪ কোটি ৫৩ লক্ষ টাকা ম'র করেছে। তিনি জানান, জিরানীয়াস্থিত এনআইটি'র পাশে গত ১২ এপ্রিল, ২০২৩ ড্রাইভিং ট্রেনিং এণ্ড রিসার্চ ইনস্টিটিউটের উদ্বোধন করা হয়েছে। এরজন্য ১৪ কোটি টাকা ব্যয় করা হয়েছে। পরিবহণ দপ্তরের সচিব জানান, আগরতলা-আখাউড়া রেলপথ নির্মাণের কাজ দ্রত গতিতে চলছে। এই রেলপথের মোট দৈর্ঘ্য হচ্ছে ১২.৩ কিলোমিটার। এর মধ্যে ভারতের অংশে রয়েছে ৫.৪৬ কিমি এবং বাংলাদেশের অংশে রয়েছে ৬.৫৭ কিমি।

আগরতলা-আখাউড়া রেলপথের ভারতের অংশের ৮৫ শতাংশ এবং বাংলাদেশের অংশের ৭৩ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া নিশ্চিন্তপুরে রেল ইয়ার্ডের নির্মাণ কাজও ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে। সচিব জানান, আগামী জন মাসের প্রথম সপ্তাহ থেকে আগরতলা-চিটাগাং রুটে আন্তর্জাতিক বিমান পরিষেবা চালু করা হবে। এই লক্ষ্যে দপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে। সভায় এছাড়াও খোয়াই পুরান বাজারে সুসংহত পার্কিং কমপ্লে' নির্মাণ, পেচারথল-ধর্মনগর-কৈলাসহর রেল সংযোগ, সাবম রেল ইয়ার্ড নির্মাণ, কৈলাসহর বিমানবন্দরকে পুনরায় চালু করা সহ অন্যান্য বিষয়ে পরিবহণ সচিব আলোচনা করেন। পর্যালোচনা সভায় এছাড়াও পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী, রাজস্ব দপ্তরের প্রধান সচিব পুনিত আগরওয়াল, মুখ্যমন্ত্রীর সচিব প্রদীপ চক্রবর্তী সহ পরিবহণ দপ্তরের অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

## আটক আরও এক

● প্রথম পাতার পর

হাসপাতালে ভরতি করেছি, বলেন তিনি। সাথে তিনি বলেন, মেয়েকে দেখে তাঁকে বাঁচানো যাবে বলে মনে হচ্ছিল না। কারণ, কাউকেই চিনতে পারছিল না সে। ঠিকভাবে কথাও বলতে পারছিল না। এদিকে, নির্যাতিতা ছাত্রী মূল অভিযুক্তকে পূর্ব পরিচিত বলে বয়ান দিয়েছে। তাঁর দিদির সাথে পরিচয়ের সুত্রে তাঁদের মধ্যে পরিচিতি বলে তিনি জানিয়েছেন।

সদর মহকুমা পুলিশ আধিকারিক আশিস দাশগুপ্ত জানিয়েছেন, সোমবার গভীর রাতে ওই ছাত্রীকে উদ্ধার করার পর মঙ্গলবার ভোরে তাঁর পরিবারের সদস্যরা তাঁকে জিবি হাসপাতালে ভরতি করেছেন। বুধবার বিকেলে নির্যাতিতার পরিবারের পক্ষ থেকে আমতলি থানায় ধর্ষণের মামলা দায়ের করা হয়। তাতে অভিযুক্ত গৌতম শর্মার (২৪) নাম উল্লেখ করেছে নির্যাতিতার পরিবার। তাঁদের অভিযোগের ভিত্তিতে পুলিশ মহেশখলা এলাকা থেকে গৌতম শর্মা-কে গতকাল রাতে গ্রেফতার করেছে। আজ তাকে পুলিশ রিমান্ড চেয়ে আদালতে সোপর্দ করা হয়েছে। সাথে তিনি যোগ করেন, ওই মামলায় ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ৩৭৬ডি এবং ৩২৮ ধারা অতিরিক্ত যুক্ত করার জন্য আদালতে আবেদন জানানো হয়েছে। তিনি বলেন, ওই ঘটনার সাথে যুক্ত সন্দেহে আরও এক যুবককে মহেশখলা এলাকা থেকে আটক করা হয়েছে।

তিনি জানান, আদালত অভিযুক্তের পাঁচদিনের পুলিশ রিমান্ডের আবেদন মঞ্জুর করেছে। শুধু তা-ই নয়, অতিরিক্ত দুটি ধারা যুক্ত করার অনুমতি দিয়েছে। তাঁর দাবি, ওই ঘটনার সাথে যুক্ত সকলকেই পুলিশের জালে তোলা সম্ভব হবে। ত্রিপুরা পুলিশের এআইজিপি আইন-শৃঙ্খলা জানিয়েছেন, ওই মামলায় অভিযুক্তদের খোঁজে তল্লাশিতে নেমে পুলিশ ঘটনায় ব্যবহৃত গাড়ি উদ্ধার করেছে। সাথে অভিযুক্তের বাড়ি থেকে নগদ ৯০ লক্ষ টাকা উদ্ধার হয়েছে। তাই, অতিরিক্ত বিশেষ পুলিশের দল গঠন করা হয়েছে এবং ত্রিপুরার বিভিন্ন প্রান্তে তল্লাশি অভিযান জারি রয়েছে। সূত্রের খবর, গাড়ি চালকের বাড়ি থেকে নগদ টাকা উদ্ধার হয়েছে। তাঁর খোঁজে পুলিশ তল্লাশি জারি রেখেছে।

## সন্তানের জনক

● প্রথম পাতার পর

জানা যায়, এই স্বপন দেববর্মা বেশ কয়েক বছর ধরে চাকমাঘাট রঙ্গিয়াটিলা এলাকার এক বিবাহিত মহিলার সঙ্গে পরকীয়ার সম্পর্কে আবদ্ধ ছিল।

অবশেষে চলতি মাসের ৩ তারিখ এই পরকীয়া সম্পর্কের টানে স্ত্রী-সন্তানদের ফেলে পরকীয়া প্রেমিকার হাত ধরে বাড়ি ছেড়ে চলে যায় স্বপন দেববর্মা। যে মহিলার সঙ্গে স্বপনের পরকীয়ার সম্পর্ক চলছিল বছরের পর বছর ধরে সেই মহিলা কমলাবতি দেববর্মার ও বেশ কয়েক বছর পূর্বে বিশ্বকুমার দেববর্মা নামের এক ব্যক্তির সঙ্গে সামাজিক ভাবে বিবাহ হয়েছিল। কিন্তু প্রেম যে মানে না কোন বাধা, সেই পরকীয়া প্রেমের নেশায় হাবুডুবু খেয়ে অবশেষে স্বপন ও কমলাবতি দুজনেই নিজেদের পরিবারকে ছেড়ে চলে যায়।

অন্যদিকে, নিজের স্বামীকে খুঁজে না পেয়ে তেলিয়ামুড়া থানার দ্বারস্থ হয় স্বপন দেববর্মার স্ত্রী দেবলক্ষ্মী দেববর্মা এবং এক সপ্তাহ ধরে স্বামীকে অনেক খোঁজাখুঁজি করেও ফিরে না পেয়ে থানায় স্বামীর নিখোঁজ ডায়েরি করে দেবলক্ষ্মী। কিন্তু এতেও কোন ফলপ্রসো না হওয়ায় অবশেষে সাংবাদিকদের দ্বারস্থ হয় স্বপন দেববর্মার স্ত্রী দেবলক্ষ্মী দেববর্মা। এখনো নিজের স্বামীকে ফিরে পাওয়ার আশায় আছেন দেবলক্ষ্মী দেবী। কিন্তু পরিশেষে বলাই বাহুল্য, বর্তমান সভ্য সমাজে এই পরকীয়া প্রেমের জেরে নষ্ট হয়েছে দুটি সুন্দর পরিবার।

# মুখ্যমন্ত্রী সমীপেষু, সমস্যা নিয়ে হাজির হচ্ছেন বহু মানুষ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা তাঁর ব্যস্ততম সময়ের মধ্যেও সাধারণ জনগণের স্বার্থে 'মুখ্যমন্ত্রী সমীপেষু' সাক্ষাত কর্মসূচি করে চলেছেন। আজও রাজ্যের বিভিন্ন জায়গার মানুষ তাদের নানা প্রকার সমস্যা নিয়ে মুখ্যমন্ত্রী ডা. সাহার সাথে মিলিত হন। মুখ্যমন্ত্রী তাদের সমস্যা, অভাব অভিযোগের কথা গুরুত্ব সহকারে শুনেন এবং সেসব সমস্যাগুলি সমাধানে প্রয়োজনীয় উদ্যোগ নিতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন।

আজকের 'মুখ্যমন্ত্রী সমীপেষু' অনুষ্ঠানে আগরতলা উজান অভয়নগর নিবাসী বীরেন্দ্র প্রসাদ গুপ্ত মুখ্যমন্ত্রী শ্রী সাহার সাথে সাক্ষাত করেন। দীর্ঘদিন ধরে বীরেন্দ্র প্রসাদ গুপ্তের ছেলে কিডনি সমস্যায় ভুগছে। চিকিৎসকরা জানিয়েছেন কিডনি ট্রান্সপ্ল্যান্ট করতে হবে। যা খুবই ব্যয় সাপেক্ষ। মুখ্যমন্ত্রী বিষয়টি অনুভব করেন। মুখ্যমন্ত্রী সাথে সাথেই সংশ্লিষ্ট আধিকারিকদের এজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেন। তাছাড়া আজ মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাত করেন বাধারঘাটের মাত'পল্লীর বাসিন্দা অর্পিতা ঘোষ। শ্রীমতি ঘোষ তার ভাইয়ের মেরুদণ্ডের অপারেশনের বিষয়ে মুখ্যমন্ত্রীর সাথে কথা বলেন। তিনি জানান, এই অপারেশনের জন্য অনেক অর্থের প্রয়োজন। মুখ্যমন্ত্রী ডা. সাহা এক্ষেত্রেও সাহায্যের হাত বাড়িয়ে দেন।

তাছাড়াও মুখ্যমন্ত্রীর কাছে এসেছিলেন আগরতলা রাধানগরের বাসিন্দা বিশেষভাবে সক্ষম পার্থরঞ্জন কর। তিনি রাধানগর এলাকায় ভাড়া থাকেন। ী ও একমাত্র কন্যা নিয়ে তার সংসার। একটি বাসস্থানের ব্যবস্থা করে দেওয়ার জন্য তিনি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানান। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা পার্থরঞ্জন করের জন্য একটি বাসস্থানের ব্যবস্থা করে দিতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। এভাবেই মুখ্যমন্ত্রী শ্রী সাহা আজ রাজ্যের বিভিন্ন স্থান থেকে আসা মানুষের সমস্যা সমাধানে সচেষ্ট হন। 'মুখ্যমন্ত্রী সমীপেষু' কর্মসূচি পর্বে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তী, স্বাস্থ্য সচিব ড. দেবাশিস বসু, পরিবহণ এবং পর্যটন দপ্তরের সচিব ইউ কে চাকমা এবং উচ্চশিক্ষা অধিকর্তা এন সি শর্মা। 'মুখ্যমন্ত্রী সমীপেষু' কর্মসূচির পর মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সাথে মনিপুর সেন্ট্রাল এগ্রিকালচার ইউনিভার্সিটি থেকে রাজ্যে ফিরে আসা ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবকগণ এক সৌজন্যমূলক সাক্ষাতে মিলিত হন। মুখ্যমন্ত্রী ছাত্রছাত্রী এবং অভিভাবকদের সঙ্গে সরাসরি কথা বলেন এবং তাদের অভি'তা জানতে চান। উল্লেখ্য বিগত কয়েকদিন আগে অনভিপ্রেত ঘটনার জন্য মণিপুরে পড়ুয়া রাজ্যের ছাত্রছাত্রীদের ফিরিয়ে আনে রাজ্য সরকার। আজকের সৌজন্যমূলক সাক্ষাতকারে ছাত্রছাত্রী এবং অভিভাবকরা এই উদ্যোগের জন্য মুখ্যমন্ত্রী এবং রাজ্য সরকারের প্রতি ক'ত'তা প্রকাশ করেন।

## দুই নাবালিকা

● প্রথম পাতার পর

গিয়েছিল। থানার ওসি জানান, এখন পর্যন্ত আমরা প্রাথমিক তদন্তে জানতে পেরেছি, দুই নাবলিকা অভিযুক্তদের মধ্যে দুজনকে চিনত। গতকাল দুই নাবালিকা মেলায় ছেলেদের সঙ্গে দেখা করতে অ্যাম্পি পৌঁছেছে। সেখানে কিছু সময় কাটানোর পর উভয় ছেলেই তাদের বলেছিল যে তারা একটি নিরিবিলি জায়গা জানেন যেখানে তারা মেলা ঘুরে কিছুক্ষণ শান্তভাবে বসতে পারে।ছেলে দুটি পাশের একটি রাবার বাগানে নিয়ে যায়। সেখানে আরও সাতজন তাদের জন্য অপেক্ষা করছিল। তারা সেখানে পৌঁছলে দুই নাবালিকাই নয়জনের দ্বারা ধর্ষণের শিকার হয়।এদিকে অমানুষিক নির্যাতনের পর দুই নাবালিকা ছাত্রীকে মেলার মাঠে পৌঁছে দেয় এবং হুমকি দেয় এই ব্যাপারে কাউকে কিছু না বলার জন্য। পরবর্তী সময়ে ওই দুই নাবালিকা ছাত্রী বিষয়টি পরিবারের লোকজনকে জানায় এবং পরে পুলিশকে জানানো হয়। পুলিশ অল্প সময়ের মধ্যে একজন অভিযুক্তকে গ্রেপ্তার করে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, পলাতক আট অভিযুক্তের মধ্যে তিনজনই নাবালক। এ ঘটনায় জড়িতদের শনাক্ত করা হয়েছে। খুব শীঘ্রই গ্রেপ্তার করা হবে।

## পূর্বাভাস

● প্রথম পাতার পর

গোমতি এবং ধলাই জেলায় ভারী বৃষ্টিপাত হবে। কিন্তু ১৪ মে ওই তিন জেলায় অতি ভারী বৃষ্টিপাতের সাথে বজ্রপাত এবং প্রায় ৭০ কিমি বেগে বাতাস বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তেমনি, ১৫ মে উনকোটি এবং উত্তর ত্রিপুরা জেলায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য আবহাওয়া দফতর সুপারিশ করেছে।

## ছৈলেংটা

● প্রথম পাতার পর

মামলা দায়ের করেন। ছৈলেংটা থানার ওসি আলমগির হুসেন আই পি সি ৪৪৮/৩৭৬(৩) ধারায় একটি মামলা নেন এবং এই বিষয়ে তদন্ত করেন। বর্তমানে রবীন্দ্র দেব্বর্মা পলাতক।

# সিউড়ির সভা থেকে এক যোগে অনুব্রত মণ্ডলকে আক্রমণ বাম-কংগ্রেস দু'দলের

সিউড়ি, ১১ মে (হি.স.): সিউড়িতেই একমঞ্চে সভা করলেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী ও সিপিএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। এদিন দুই নেতাই অনুব্রত মণ্ডলকে তীব্র আক্রমণ শানান। সেইসঙ্গে বাম-কংগ্রেস দু'দলেরই বক্তব্য, অনুব্রত মণ্ডলকে সামনে রেখে মমতা বন্দ্যোপাধ্যায় বীরভূমকে লুঠের এপিসেন্টার বানিয়েছিলেন। কিছুটা গিয়েছে অনুব্রত মণ্ডল ও তাঁর পরিবারের লোকজনের খাতায়, আর বাকিটা গিয়েছে কালীঘাটে।এদিন অধীর বলেন, 'বীরভূমের বাঘ আগে মাছ, মাংস খেত। এখন সেই বাঘের দাঁত পড়ে গিয়েছে। সে এখন হালুয়া খায়।' তিনি আরও বলেন, 'এই বাঘকে দিয়ে দিদিমণি অনেক কিছুই করিয়েছিলেন। আজ সেই বাঘ তিহাড়ের মেঝেতে বিশ্রাম নিচ্ছে!'সিপিএম পলিটব্যুরোর সদস্য সেলিম বলেন, 'পাড়ায় পাড়ায় একটা করে এইরকম বীর কেষ্ট তৈরি করেছিল তৃণমূল। একটা কেষ্টকে জেলে পাঠালে হবে না। তৃণমূল কেষ্টদের জেলে পাঠাতে হবে।' সিউড়িতে যখন অধীর-সেলিমরা সভা করেন তখন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জনসংযোগ যাত্রাও বীরভূমেই রয়েছে। এদিন তা নিয়েও কটাক্ষ করেন সেলিম ও অধীর। বহরমপুরের কংগ্রেস সাংসদ বলেন, 'দিদির এখন একটা চিন্তা। তা হল খোকাবাবু ভাল করে খেল কিনা, এসি ঠিকঠাক চলছে কিনা, রান্না হল কিনা, পুলিশ মোতায়েন করা হল কিনা ইত্যাদি। আর কোনওদিকে তাঁর মন নেই।'নাম না করে অভিষেকের বিরুদ্ধে আক্রমণ শানিয়ে সেলিম বলেন, 'এই বীরভূম থেকে বালির টাকা উঠত, পাথরের টাকা উঠত। তা যেত কালীঘাটে। এখনও উঠছে, তবে কম। তাই জমিদার এখন নায়েব মশাইদের নিয়ে সব জেলায় ঘুরছেন খাজনা ঠিক মতো যাতে তোলা যায় তাঁর ব্যবস্থা করতে।' সেলিম, অধীরের এ হেন চাঁচাছোলা আক্রমণ নিয়ে তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ বলেন, 'এমন দুই দলের দুই নেতা বীরভূমে ভাষণ দিতে গিয়েছেন যাঁদের দলকে বাংলার মানুষ মিউজিয়ামে পাঠিয়ে দিয়েছে।

অফিস অব দ্য কমান্ড্যান্ট ৮০ বিএন বিএসএফ, খাসিয়ামঙ্গল, তেলিয়ামুড়া (ত্রিপুরা)

নং. প্রভ/৮০ বিএন/পাবলিক অকশন/২০২৩/৬০০৭-৩১ তারিখ ০১ মে ২০২৩

**সাধারণ নিলাম বিজ্ঞপ্তি**

৮০ বিএন বিএসএফের অব্যবহারযোগ্য সামগ্রী যথা : প্রভ, এমটি, ইঞ্জি, কম, ম্যাগাজিন স্টোরের প্যাকিং সামগ্রী, ওয়েলফেয়ার গ্র্যান্ট/ওয়েলফেয়ার ফান্ড স্টোরের প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে ২৩ মে ২০২৩ সকাল ১১০০ ঘটিকায় বিএন বিএসএফ, খাসিয়ামঙ্গল, তেলিয়ামুড়া (ত্রিপুরা)-তে। সকল অনুমোদিত বিডারগণ নিলামে বিড করতে পারেন।
২. উপরে উল্লিখিত তারিখ ও সময়ে সকল আগ্রহী বিডারগণ নিলামে অংশগ্রহণ করতে পারেন।
৩. সকল আগ্রহী ডাকদাতা নিলাম শুরু হবার ন্যূনতম এক ঘন্টা আগে কমাণ্ড্যান্ট ৮০বিএন বিএসএফের নিকট নাম নথিভুক্ত করতে হবে এবং বায়নার মূল্য রূপে টা: ৩০,০০০/- **(ত্রিশ হাজার টাকা)** মাত্র জমা করতে হবে যা নিলাম শেষে মিলিয়ে নেওয়া/ফিরিয়ে দেওয়া হবে।
৪. প্রত্যেক বিডারের সাথে মূল প্যান কার্ড, আধার কার্ড সহ বিগত আয়কর রিটার্নের কপি রাখতে হবে এবং সেগুলো বোর্ড অব অফিসারদের দেখাতে হবে অন্যথায় তারা নিলামে অংশ নিতে পারবেন না।
৫. সকল বিডারকে **২৩ মে ২০২৩ সকাল ০৯.৩০ ঘটিকায়** এইচকিউ ৮০ বিএন বিএসএফ খাসিয়ামঙ্গলে উপস্থিত হতে হবে নাম রেজিস্টার ও অন্যান্য বিধি পালনের জন্য অর্থাৎ, বায়নার মূল্য জমা এবং বিওও কর্তৃক নথি যাচাই।
৬. সর্বোচ্চ ডাকদাতাকে ওই স্থানে নিলাম মূল্য এবং নির্ধারিত প্রযোজ্য জিএসটি প্রদান করতে হবে, অন্যথায় বায়নার মূল্য বাজেয়াপ্ত করা হবে অর্থাৎ ফেরত দেওয়া হবে না।
৭. সর্বোচ্চ ডাকদাতাকে নিজ ব্যবস্থাপনায় নিলাম গ্রাউণ্ড থেকে ২৪ ঘন্টার মধ্যে সামগ্রীসমূহ সরিয়ে নিতে হবে।
৮. নিলামকৃত সামগ্রীগুলো সরিয়ে নিতে এই ইউনিট থেকে কোনও পরিবহণ ব্যবস্থা করা হবে না।
৯. কোনও কারণ না দেখিয়ে সকল ডাক গ্রহণ/বাতিলের অধিকার কমান্ড্যান্ট ৮০বিএন বিএসএফের নিকট সংরক্ষিত।
১০. নিলাম অনুষ্ঠিত হবে দপ্তরের নিয়ম ও প্রবিধান মোতাবেক।
১১. প্রতিটি বিড় ফর্মের জন্য একজন বিডার নিলামে অংশ নিতে পারবেন। যে সকল বিডার বায়নার মূল্য জমা দেবেন। না তারা নিলামে অংশগ্রহণ করতে পারবেন না।
১২. অন্যান্য নিয়ম ও শর্তাবলি নিলামের সময় ঘোষণা করা হবে।
১৩. শুধুমাত্র মূল মালিক বা পাওয়ার অ্যাটর্নি দেওয়া ব্যক্তি নিলামে অংশগ্রহণ করতে পারবেন। অননুমোদিত ব্যক্তি ক্যাম্পাসে বা অকশন সাইটে প্রবেশ করতে পারবেন না।
১৪. প্রত্যেক বিভারের সাথে জিএসটি রেজিস্ট্রেশনের কপি রাখতে হবে, অন্যথায় তারা নিলামে অংশগ্রহণ করতে পারবেন না।
১৫. অব্যবহারযোগ্য সামগ্রীসমূহ 'যেখানে যে অবস্থায় সেভাবে' ভিত্তিতে নিলাম করা হবে।

**স্থান: খাসিয়ামঙ্গল, তেলিয়ামুড়া (টিআরএ)**
**তারিখ — মে ২০২০**

CBC 19110/11/0029/2324

কমাণ্ড্যান্ট
৮০ বিএন বিএসএফের পক্ষে

# ফের একই ভুল, ক্রীড়া পর্ষদে বেআইনি হস্তক্ষেপ ক্রীড়া দপ্তরের !

বিশেষ প্রতিনিধি।। ফের একই ভুল! ত্রিপুরা ক্রীড়া পর্ষদে আবারও বেআইনি হস্তক্ষেপ শুরু করেছে ক্রীড়া দপ্তর! স্বশাসিত ক্রীড়া সংস্থা ত্রিপুরা ক্রীড়া পর্ষদকে কতিপয় অজ্ঞ ক্রীড়া প্রশাসক নতুন মন্ত্রীকে টুপি পড়িয়ে অবৈধ ও বেআইনি বানিয়ে দিয়েছে। এতে ক্রীড়ামোদী মহলে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। সব থেকে অবাক করার বিষয়, সব জেনেও মুখ্যমন্ত্রী কেন এই বেআইনি ও অবৈধ প্রক্রিয়ায় সিলমোহর লাগাতে দিচ্ছেন?

ক্রীড়া দপ্তর সূত্রের সংবাদ, ২০১৮ সালের মত ২০২৩ বিধানসভা নির্বাচনের পরে রাজ্য মন্ত্রিসভা গঠন হয়ে দুমাস পেরিয়ে গেলেও ত্রিপুরা ক্রীড়া পর্ষদের কমিটি গঠনের প্রক্রিয়া অজ্ঞাত কারণে ঝুলিয়ে রেখেছে সরকার। ২০১৮"তে সেসময়ের অধিকর্তা উদয়ন সিনহা এক বেআইনি ও অবৈধ আদেশে সেসময়ের সহ-অধিকর্তা সমীর দেববর্মাকে ক্রীড়া পর্ষদের ভারপ্রাপ্ত সচিবে বানিয়ে প্রায় ছয় মাস পর্ষদ কব্জা করে যথেচ্ছ করিয়েছিলেন বলে অভিযোগ। ভাল মানুষ হিসেবে পরিচিত প্রাক্তন মন্ত্রী মনোজ কান্তি দেবের সরলতার সুযোগ নিয়ে ক্রীড়া পর্ষদে একপ্রকার লুটপাট চালানো হয় সেসময়। খেলার নাম করে, সংবর্ধনার নাম করে ও ক্রীড়া সরঞ্জাম কেনার নামে লক্ষ কোটি টাকা তছরুপের অভিযোগ রয়েছে। সবশেষে কয়েক কোটি টাকা বাধারঘাটের ট্রাস্টের নাম করে ক্রীড়া পর্ষদ থেকে সমীর দেববর্মাকে দিয়ে সরিয়ে পর্ষদকে কাঙ্গাল বানিয়ে দেয়া হয়! পরবর্তী সময়ে সেপ্টেম্বরে পর্ষদের কমিটি গঠন করা হলে এক বিভৎস অবস্থার মধ্যে চলতে হয় বলে অভিযোগ। তহবিল তলানিতে এসে যায়। যার খেসারত দিতে হয় অনুমোদিত ক্রীড়া সংস্থাগুলিকে। একই ঘটনার রি-প্লে এবার ২০২৩ নির্বাচনের পর হতে চলেছে বলে ধারণা। গত ১৭ এপ্রিল পর্যন্ত ছিল ত্রিপুরা ক্রীড়া পর্ষদের সর্বশেষ কমিটির বর্ধিত মেয়াদ। শুধু চেয়ারম্যান হিসেবে মন্ত্রী টিংকু রায়কে নিযুক্তি দিলেও সরকার অজ্ঞাত কারনে পুরো কমিটি দিতে পারে নি। এতে কর্মচারীদের বেতন আটকে গেছে। আটকে গেছে স্বাভাবিক কাজ। স্পর্শকাতর বিষয়টি সম্পর্কে অবগত ক্রীড়ামন্ত্রী এমনকি মুখ্যমন্ত্রীও। এই অবস্থায় পর্ষদের বেতনভাতা চালাতে নাকি ক্রীড়া উপ-অধিকর্তা বিপ্লব কুমার দত্তকে নিযুক্তি দেয়া হয়। ক্রীড়া অধিকর্তা সত্যব্রত নাথ এক বিজ্ঞপ্তিতে নাকি বিপ্লবকে নিযুক্তি দেন। এই নিযুক্তি নিয়েই বিতর্ক দেখা দিয়েছে। কারণ ত্রিপুরা ক্রীড়া পর্ষদ সম্পূর্ণ একটি স্বশাসিত সংস্থা। ক্রীড়া দপ্তরের কোন এক্তিয়ার নেই পর্ষদের আভ্যন্তরীন বিষয়ে হস্তক্ষেপ করার। ক্রীড়া পর্ষদ চলে সমবায় দপ্তরের নির্দেশিত সংবিধান মেনে। তাহলে কিভাবে ক্রীড়া অধিকর্তা বিজ্ঞপ্তি জারি করে পর্ষদের বিষয়ে হস্তক্ষেপ করাচ্ছেন?

পাঁচ বছর আগে উদয়ন সিনহা যে বেআইনি ও অবৈধ আদেশ দিয়েছিলেন, সেই একই ভুল করলেন বর্তমান অধিকর্তা সত্যব্রত নাথ!

মুখ্যমন্ত্রী স্বচ্ছ প্রশাসনের কথা বললেও বাস্তবে তা যে হচ্ছে না, এই ঘটনাই তার প্রমাণ। মন্ত্রী হিসেবে দায়ীত্ব নেয়া টিংকু রায় প্রথমবার কাজ করছেন। ফলে অজ্ঞতা থাকতেই পারে। কিন্তু এর সুযোগে অবৈধ ও বেআইনি কাজ করলে মুখ তো পুড়তেই হবে। পর্ষদ কোন ভাবেই দপ্তরের নিয়ন্ত্রিত কোন ইউনিট নয়, এটা বুঝতে না পারাটা দপ্তরের আধিকারিকদের অজ্ঞতা।

অবিলম্বে এবিষয়ে পদক্ষেপ না নেয়া হলে অবৈধ প্রক্রিয়ায় জড়িয়ে যাবে ক্রীড়া দপ্তরের প্রশাসন।

# অমরপুরে ক্রিকেট শেষ চারে ডায়মন্ড

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১১ মে।। দ্বিতীয় দল হিসাবে সেমিফাইনালে উঠলো ব্রাইট ডায়মন্ড ক্লাব। পরাজিত করলো প্লেয়ার্স একাদশকে। ৬ উইকেটে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিযর ক্লাব লিগ ক্রিকেটে। রাঙ্গামাটি স্কুল মাঠে অনুষ্ঠিত দ্বিতীয় কোয়ার্টার ফাইনাল ম্যাচে প্লেয়ার্স একাদশের গড়া ১৫০ রানের জবাবে ৪ উইকেট হারিয়ে জয়েরর জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় ব্রাইট ডায়মন্ড ক্লাব। সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে প্লেয়ার্স একাদশ ১৫০ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে রাজীব সাহা ৩৮ বল খেলে ২ টি বাউন্ডারি ও ৬ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪৯, প্রজিৎ চাকমা ১৭ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪০, চিরঞ্জীৎ সূত্রধর ২৯ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৯ রান করেন। ব্রাইট ডায়মন্ড ক্লাবের পক্ষে রীতেশ দাস (২/২৮), আবীর কর্মকার (২/৩০) এবং কমল দেব (২/৩৮) সফল বোলার। জবাবে খেলতে নেমে ১৭.২ ওভারে ৪ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় ব্রাইট ডায়মন্ড ক্লাব। দলের পক্ষে ইমন হুসেন ৪২ বল খেলে ৮ টি বাউন্ডারি ও ২৬ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫০, রিয়াজ উদ্দিন ১৯ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৭ এবং রাহুল দাস ২৪ বল খেলে ২ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৭ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ২১ রান। প্লেয়ার্স একাদশের পক্ষে রাজীব সাহা (২/৬৩) সফল বোলার।

## লংতরাইভ্যালিতে ক্রিকেট প্রণয়-এর হাত ধরে জয়ী আইতরমা ক্লাব

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১১ মে। বড় ব্যবধানে জয় পেলো আইতরমা ক্লাব। ২২৮ রানে পরাজিত করলো বিবেকানন্দ সঙ্ঘকে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্লাব লিগ ক্রিকেটে। প্রণয় কুমার সিনহার ঝড়ো শতরান দলকে বড় জয় এনে দিতে মুখ্য ভূমিকা নেন। মাধব চন্দ্র বাড়ি স্কুল মাঠে অনুষ্ঠিত ম্যাচে আইতরমা ক্লাব প্রথমে ব্যাট নিয়ে বিশাল ৪০২ রান করে। দলের পক্ষে প্রণয় ৮৭ বল খেলে ১৩ টি বাউন্ডারি ও ৮ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৩০, তুষার আচার্য ৩৫ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ৬ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬৩, অভিজিৎ মারাক ৪০ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫৫ এবং মুকেশ ত্রিপুরা ২৯ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩১ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ৬৭ রান। বিবেকানন্দ সঙ্ঘের পক্ষে রাহুল রায় (৪/৮৫) সফল বোলার। জবাবে খেলতে নেমে বিবেকানন্দ সঙ্ঘ ১৭৪ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে অঙ্কুর বনিক ৭০ বল খেলে ৬ টি বাউন্ডারির সাহায্যে ৪১ এবং সৌরভ সরকার ৫৮ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪০ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ৫৪ রান। আইতরমা ক্লাবের পক্ষে চিরঞ্জীৎ ত্রিপুরা (২/১২), প্রণয় কুমার সিনহা (২/২৮) এবং অভিজিৎ দাস (২/৩০) সফল বোলার।

## শান্তিরবাজারে স্কুল ক্রিকেট ধোনীর শতকে সেরা জোলাইবাড়ি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১১ মে।। ধোনি-র শতরান। আর তাতেই মহকুমার সেরা জোলাইবাড়ি স্কুল। বৃহস্পতিবার তীব্র উত্তেজনাপূর্ণ ফাইনালে জোলাইবাড়ি স্কুল ১১ রানে হারিয়ে দেয় শান্তিরবাজার স্কুলকে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত অনূর্ধ-১৭ আন্ত: স্কুল ক্রিকেটে। বৃহস্পতিবার বাইখোরা স্কুল মাঠে অনুষ্ঠিত ম্যাচে জোলাইবাড়ি স্কুলের গড়া ২৫৩ রানের জবাবে শান্তিরবাজার স্কুল ২৪২ রান করতে সক্ষম হয়। বিজয়ী দলের ধোড়ী রিয়াং ১৪২ রান করে। আসরে দ্বিতীয় শতরান ধোনী-র। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে শুরু থেকেই বিধ্বংসী রূপে ছিলো ধোনী। ডান হাতি ওই বোলারটির ব্যাটিং তান্ডবে দিশেহারা হয়ে পড়ে জোলাইবানি স্কুলের বোলাররা। দলের অন্য ব্যাটসম্যান-রা তেমন সহযোগিতা না করতে পারায় দল বড় স্কোর গড়তে ব্যার্থ হয়। ধোনীর তান্ডবে জোলাইবাড়ি স্কুল ২৫৩ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে ধোনী ৯২ বল খেলে ২৬ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৪২, বিজয় সেন ৩৪ বল খেলে ২ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৯ রান করে। দল অতিরিক্ত খাতে পায় ১৫ রান। শান্তিরবাজার স্কুলের পক্ষে সৌরজিৎ কর্মকার (৩/৩৫) এবং অনুরাগ দেবনাথ (৩/৩৭) সফল বোলার। জবাবে কেলতে নেমে অর্পন মুড়াসিং-এর দুরন্ত ব্যাটিং সত্বেও ২৪২ রানে গুটিয়ে যায় শান্তিরবাজার স্কুল। দলের পক্ষে অর্পণ ৫৫ বল খেলে ১০ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৭৬, সুনম শীল ৩০ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৭, নীহার রিয়াং ৩৯ বল খেলে ৬ টি বাউন্ডারির সাহায্যে ৩৪, অমিত নিশাদ ৩৪ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৬ এবং অনুরাগ দেবনাথ ১৮ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৪ রান করে। দল অতিরিক্ত খাতে পায় ৩৪ রান। জোলাইবাড়ি স্কুলের পক্ষে দলনায়ক দেবজিৎ দত্ত (৪/৪৭), রীতম সরকার (৩/৭৮) সফল বোলার। ফাইনাল ম্যাচের সেরা হয়েছে বিজয়ী দলের ধোনী রিয়াং।

## প্রাইজমানির টাকা খেলোয়াড়দের হাতে তুলে দিয়ে এগিয়ে চলোর দারুন নজির

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১১ মে।। দুর্দান্ত পরিকল্পনার বাস্তবায়ন ঘটালো মেলারমাঠের এগিয়ে চলো সংঘ। উমাকান্ত মিনি স্টেডিয়ামের সম্মুখভাগের মাঠে আজ বিকেলে এক মনোজ্ঞ অনুষ্ঠানে ক্লাবের সাফল্য অর্জনকারী ক্রিকেটারদের হাতে প্রাইজমানির টাকা তুলে দেওয়া হয়। এবছর অনূর্ধ-১৩ আসরে চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে ২০ হাজার টাকা এবং বাইজুস মহিলা ক্রিকেটে চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে রাজ্য ক্রিকেট সংস্থা থেকে ১ লাখ টাকা পায় এগিয়ে চলো সঙ্ঘ। ওই পুরো টাকা ক্রিকেটারদের মধ্যে ভাগ করে দেওয়ার সিদ্ধান্ত অনুযায়ী আজ তা তাদের হাতে তুলে দেন এগিয়ে চলো সংঘের কর্তাব্যক্তিরা। আজ, বৃহস্পতিবার বিকেল ৫ টায় উমাকান্ত মিনি স্টেডিয়ামের সামনের মাঠে এগিয়ে চলোর অনুশীলন শিবিরের সামনে দলের হয়ে ক্রিকেটারদের মধ্যে প্রাপ্য টাকা তুলে দেওয়ার পাশাপাশি তাদের হাতে সুদৃশ্য ট্রফিও তুলে দেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ক্রীড়া পর্ষদের যুগ্ম সচিব সরযূ চক্রবর্তী, ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের কোষাধ্যক্ষ জয়লাল দাস, ক্রীড়া সংগঠক সুব্রত দত্ত চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন। পৌরহিত্য করেন সংঘের সভাপতি চঞ্চল নন্দী। সংঘের পক্ষ থেকে সোনামুড়া নিবাসী সমীর চন্দ্র ঘোষের দৃষ্টিহীন কন্যা দীপ্তি রানী ঘোষের চিকিৎসার জন্য কিছু অর্থ সাহায্য করেন এবং সকলকে এ বিষয়ে এগিয়ে আসার আবেদন জানান। সংঘের সচিব সুমন্ত গুপ্ত কোচ, খেলোয়ার, অভিভাবক সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

## খেলোয়াড়দের নিয়ে এগিয়ে চলোর দারুন পরিকল্পনা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১১ মে।। দুরন্ত পরিকল্পনা। মেলারমাঠের এগিয়ে চলো সঙ্ঘের কর্তাদের। এবছর অনূর্ধ-১৩ আসরে চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে ২০ হাজার টাকা এবং বাইজুস মহিলা ক্রিকেটে চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে রাজ্য ক্রিকেট সংস্থা থেকে ১ লাখ টাকা পায় এগিয়ে চলো সঙ্ঘ। ওই পুরো টাকা ক্রিকেটারদের মধ্যে ভাগ করে দেওয়ার সিদ্ধান্ত নিলো এগিয়ে চলো কর্তারা। আজ বিকেল সাড়ে ৪ টায় উমাকান্ত মিনি স্টেডিয়ামের সামনের মাঠে এগিয়ে চলোর অনুশীলন শিবিরের সামনে দলের হয়ে ক্রিকেটারদের মধ্যে প্রাপ্য টাকা ভাগ করে দেওয়া হবে।

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 03/ SNP/SNM/TS/2022-23. Dated: 10-15 -2023**

The Executive officer, Sonamura Nagar Panchayat, Sonamura, Sepahijala Tripura invites on behalf of the Hon'ble Cheiperson, Sonamura Nagar Panchayat, Sonamura, Sepahijaia, Tripura' percentage rate e-tender(s) from the Central & Slote public sector undertaking / enterprise ond eligible Bidders /Fims/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/ CPWD/Rallway/Other State PWD up to 3.00 P.M. on 24 /05/202°% for the following work:-

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID | DOCUMENT DOWNLOADING AND BIDING AT APPLICATION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | Construction of R.C.C Drain from Hospital road to Taaher Miah House(at existing kuttcha nala or drain) at ward no-07(Seven)under Sonamura Nagar Panchayat during the year 2022-23. DNIeT No.23/SNP/SNM/TS/2022-23. | Rs. 2,155,723.00 | Rs. 43,500.00 | 60 (Sixty) days. | Up to 15.00 hrs on 24/05/2023 | At 15.30 hrs on 25/05/2023 if possible. | https://tripuratenders.gov.in | Appropriate Class |

Eligible bidders shall participate in bidding only in online through website hitps:// tripuratenders.dov.in, Bidders are allowed to bid 24x7 until the time of Bid closing, with option for Re-Submission, wherein only their latest submitted Bid would be considered for evaluation. The e-Procurement website will not allow any Bidder to attempt bidding, after the scheduled date and time. Submission of bids physically is not permitted.

Bid fee and Earnest Money are to be paid electronically over the online payment facility provided in the portal any time atter start date of bid submission and before bid submission end date using Net Banking facility by the bidders.

The Bid Fee of Rs.1, 000 (Rupees one thousand) only, to be paid electronically over the Online Payment facility, is Non-Refundable and to be deposited to the Goverment account automatically as revenue. Bid(s) shall be opened through online by respective Bid openers on behalf of the Executive Officer,Sonamura Nagar Panchayat and the same shall be accessible by intending Bidder through website https://tripuratenders.gov.in. However, intending bidders and other Bidders may like to be present at the Bid opening. For any enquiry, please contact by e-mail to nagarpanchayat.sonamura@gmail.com

Note:

"NO NEGOTIATION WILL BE CONDUCTED WITH THE LOWEST BIDDER*

For and on behalf of the Hon'ble Chaiperson

ICA/C-462/23

Executive Officer
Sonamura Nagar Panchayat,
Sonamura, Sepahijala Tripura

**PRESS Noyce INVITING TENDER NO:- 06 /AGRUEE(WEST)/2023-24.**
**Tripura PWD Form -6**

The Executive Engineer (West), Department of Agriculture & Farmers Welfare, Agartala, West Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage / item-rate e-tender in single/twe-bid system from the eligible Central & State public sector undertaking / enterprise and cligible Contractors/Firms/Private Ltd. Firm /Agencies of Appropriate Class registered with PWD/ TTAADC /MES /CPWD /Railway/Govt. Organization of other State & Central for the following work:-

| SL. NO. | NAME OF THE WORK & e-DNIT No. | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID/ TECHNICAL BID |
|---|---|---|---|---|---|---|
| 1. | Infrastructure development at Shibnagar market under Nalchar Agri Sub-Division, Sepahijala District (RIDF-XXVIII scheme) /S.H - Construction of Double storied Market stall at Shibnagar Market. e-DNIT No.- 18/SE/AGRI/EE(WEST)/2023-24. | Rs. 1,00,28,716.00 | Rs.2,00,574.00 | 270 days | Up to 04:00 P.M. on 03/06/2023 | At 11:00 A.M on 05/06/2023 |
| 2. | Infrastructure development at Shibnagar market under Nalchar Agri Sub-Division, Sepahijala District (RIDF-XXVIII scheme),Construction of Fish & meat, Rice, Paddy & pulses and Vegetable shed with RCC flat roof covered market at Shibnagar Market /S.H- Double storied market (Market shed at G.F and Market stall at FF). e- DNIT No.- 19/SE//AGRI/EE(WEST)/2023-24. | Rs. 95,81,671.00 | Rs. 1,91,633.00 | 180 days | | |
| 3 | Infrastructure development at Kemtali market under Nalcher Agri Sub - Division, Sepahijala District (RIDF XXVIII scheme)/ S.H - Construction of double storied market stall at Kemtali Market. e-DNIT No.- 20/SE//AGRI/EE(WEST)/2023-24. | Rs. 1,21,44,479.00 | Rs. 2,42,890.00 | 270 Days | | |

Interested bidders can view the tender documents in the e- portal www.tripura.tenders.gov.in and in the O/o the Executive Engineer (West) , Department of Agriculture & Farmers Welfare, Agartala.

FOR AND ON BEHALF OF THE GOVIRNOR OF TRIPURA.

ICA/C-458/23

Executive Engineer (West)
Department of Agriculture & FW
Tripura, Agartala,

**NOTICE INVITING e-TENDER**

College of Agriculture, Tripura invites electronic Bids through e-Procurement Portal of Government of Tripura (https://tripuratenders.gov.in) from reputed organizations for "SUPPLY AND INSTALLATION OF FULLY AUTOMATED GREEN HOUSE" under RKVY-RAFTAAR funded project " Protected Cultivation of Some Exotic Fruits and Vegetables" at College of Agriculture, Tripura, Lembucherra, West Tripura. Detailed tender notice, schedules and tender documents can be obtained from https://tripuratenders.gov.in, Last Date of submission of the e-Tender: 30/05/2023, 2:30 PM.

ICA/C-455/23

(Dr. T.K.Maity)
Principal
College of Agriculture, Tripura
Lembucherra, West Tripura

**নিখোঁজ বিজ্ঞপ্তি**

সর্বসাধারমের অবগতির জন্য জানানো যাইতেছে যে উপরোকত, ছবিতে দেওয়া নিখোঁজ মহিলার নাম জান্নাত বেগুগম বয়স ২৭ বৎসর, স্বামী- টিটন আলী, ঠিকানা- আমতলি, ধ্যানরাম কারবারি পাড়া, থানা- ছাওমনু, জেলা ঃ ধলাই ত্রিপুরা, গায়ের রঙ - শ্যামলা উচ্চতা- ৫.৮ ইঞ্চি উক্ত মহিলা গত ১০/০৪/২০২৩ ইং তারিখে নিজে বাড়ি হইতে স্বেচ্ছায় বাহির হইয়া যায়। এখন পর্যন্ত সে আর বাড়িতে ফিরিয়া আসে নাই। পরবর্তী সময়ে অনেক খোঁজা খুজির পরও তাহাকে খুঁজিয়া পাওয়া যায় নাই।



উক্ত বিষয়ে ছাওমনু থানায় গত ১১/০৪/২০২৩ইং তারিখে একটি জেনারেল ডায়েরী নথীভুক্ত করা হইয়াছে, যাহার নং-৩২. উক্ত বিষয়ে তদন্ত প্রক্রিয়া শুরু হইয়াছে।

উক্ত নিখোঁজ মহিলার সম্বন্ধে কাহারো কোন তথ্য জানা থাকিলে নিম্নোক্ত ঠিকনায় জানানোর জন্য অনুরোধ করা যাইতেছে।

০৩৮৬ ২৬৭২৫৯ পুলিশ কন্ট্রোল, ধলাই)
০৩৮২৬ ২৬৭২৫৮ (অফিস)

পুলিশ সুপার
ধলাই জেলা আমবাসা।

ICA-D-200/23

ঃ- পারদর্শী প্রশাসন, সচেতন নাগরিক, সুপরিষেবা ঃ-

**আগরতলা পুর নিগম**

**বিষয় ঃ পুর কর সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা আগরতলা পুর নিগম এলাকার সকল পুরনাগরিকদের সম্পত্তি কর সংক্রান্ত নিম্নলিখিত তথ্যগুলি বিশেষভাবে জানার জন্য অনুরোধ করা হচ্ছে।

১) কেন আমরা সম্পত্তি কর প্রদান করি?

উত্তর ঃ সকল প্রকার পুর পরিষেবা পাওয়ার জন্য। বিশেষত ড্রেইন রাস্তাঘাট, নির্মাণ এবং পরিস্কার রাখার জন্য।

২) সম্পত্তি করের হিসাব (Calculation) কিভাবে করা হয়?

উত্তর ঃ APV = Plinth Area (Sq.Ft) X Unit Area Valus (Rs) X Age Factor X Structural Factor X Occupancy Factor X Usage Factor.

Yearly Porperty Tax = 5% of APV এই সম্পত্তিকর হিসাব পদ্ধতি।

https://emunicipality.triupura.gov.in/propertytax/Proparty Tax/frm_property এই লিঙ্কটিতে ক্লিক করে সম্পত্তি করের হিসাব পেতে পারেন।

৩) সম্পত্তিকর এবং সম্পত্তির তথ্য কোথায় পাওয়া যায়?

উত্তর ঃ Amc is proposing th implement latest technology using GIS based property tax online portal which has complete details of your house/shop/ property. https://agatala/smartcityservices. e-amc এই লিঙ্কটিকে ক্লিক করে আপনার নাম অথবা মোবাইল নম্বর বা আধার দিয়ে পুর নাগরিকগণ নিজ নিজ সম্পত্তির সম্পূর্ণ তথ্য পেতে পারেন।

৪) সম্পত্তিকর সম্পর্কে মতামত কোথায় প্রেরণ করা যায়?

উত্তর ঃ citizenfeedbackamc@gmail.com এই email এ ক্লিক করে পুর নাগরিকগণ মতামত পোষণ করতে পারেন।

ধন্যবাদান্তে
মিউনিসিপাল কমিনার
আগরতলা পুর নিগম

**CLAIMANT NOTICE**

Following articles (vehicle) were seized by the Forest Department, Sadar Forest Sub Division. Under sec -2 under section 52 (A) Indian Forest Act 1927 and rules made there under.

| SL. No. | Name of Article | Registration No. | Engine No. & Chassis No. | Date & Time of seizure | By Whom |
|---|---|---|---|---|---|
| 01. | TATA BS III | TR01-AR-1674 | Engine No:- Nil & Chassis No: - Nil | 11.04.2023 at 05:05 am | Sri Pradip Kr. Sarkar , Fr, A/o FPU Sadar |

Therefore, in exercise of power under Indian Forest Act it is contemplated to confiscate the said vehicle for its use in commission of forest offence. Therefore it is once again brought to the notice of legal owner of above mentioned seized articles to prefer his/her/their claim to the Authorized Officer (Sub Divisional Forest Officer Sadar Sub Division, Agartala.) within 25 (twenty five) days from the date of issue of the notice alongwith legal relevant documents supporting ownership, failing which the decision regarding the confiscation of all the article seized shall be taken ex-parte.

Issued under my seal and signature of this day on 27-04-2023

(K. Debbarma, TFS)
Sub Divisional Forest Officer
Sadar Sub-Divisional Agartala

ICA/D-195/23

**PNIeT No: 15/EE/CCD/PWD/2023-24, Dated. 08/05/2023**

The Executive Engineer, Capital Complex Division, PWD(Buildings), Agartala, West Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e- tender in single bid system from the eligible Central & State public sector undertaking / enterprise and eligible Contractors/Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate Class registered with PWD/ TTAADC/MES/C D/ Railway/Gov't Organization of other State & Central for the following work, Ahnual maintenance of High Court building under Capital Complex, Agartala during the year 2023-24 under PWD Capital Complex Division / Gr-I (2nd call). For Details visit website https://tripuratenders.gov.in. Any subsequent corrigendum will be available in the website only.

DNIeT No: 04/DNIT/EE/CCD/PWD/2023-24

Estimated Cost: Rs/-9,70,183.15 Earnest Money: 219,404.00 and Time for completion: 365 (three hundred sixty five) days

Last date & time for online Bidding: 22/05/2023 upto 3:00 PM

ICA/C-469/23

Executive Engineer
Capital Complex Division,
PWD(Buildings)
Kunjaban, Agartala, Tripura.

# পর্যটন শিল্প রাজ্যের বিকল্প অর্থনীতির উৎস হিসেবে গড়ে উঠার সম্ভাবনা রয়েছেঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** পর্যটন শিল্প রাজ্যের বিকল্প অর্থনীতির উৎস হিসেবে গড়ে উঠার সম্ভাবনা রয়েছে। তাই রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে সরকার বহুমুখী পরিকল্পনা নিয়েছে। আজ সচিবালয়ের ২ নং সভাকক্ষে পর্যটন দপ্তরের এক পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। সভায় পর্যটন দপ্তরের বিভিন্ন প্রকল্পের পর্যালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, দেশ বিদেশের পর্যটকদের আক'ষ্ট করতে রাজ্যের প্রতিটি ট্যুরিস্ট স্পটকে আরও সুন্দর ও আকর্ষণীয় করে গড়ে তুলতে হবে। পাশাপাশি প্রতিটি ট্যুরিস্ট স্পটে পর্যটকদের সুরক্ষা প্রদানের লক্ষ্যে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে। দেশের অন্যান্য রাজ্যের মতো রাজ্যেও ট্যুরিস্ট গাইড ব্যবস্থাকে আরও সক্রিয় করে তোলার প্রয়োজন রয়েছে বলে সভায় মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেছেন। দেশ বিদেশের পর্যটকদের থাকা খাওয়ার সুবিধার্থে রাজ্যের প্রতিটি ট্যুরিস্ট স্পটের কাছে হোম স্টে ব্যবস্থা চালু করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে মুখ্যমন্ত্রী পর্যটন দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

সভায় পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা জানান, রাজ্যে অ্যাডভে'ার ট্যুরিজমকে জনপ্রিয় করতে দপ্তর একাধিক কর্মসূচি হাতে নিয়েছে। এরমধ্যে রয়েছে প্যারাগ্লাইডিং, ওয়াটার স্পোর্টস, প্যারামোটোরিং, হট এয়ার বেলুন, ক্যায়াকিং, রক ক্লাইম্বিং ইত্যাদি। তিনি জানান, কেন্দ্রীয় সরকারের স্বদেশ দর্শন প্রকল্পের প্রথম পর্যায়ে আগরতলা, সিপাহীজলা, মেলাঘর, উদয়পুর, অমরপুর, তীর্থমুখ, মন্দিরঘাট, আমবাসা, রইস্যাবাড়ি, বড়মুড়া এই ১০টি পর্যটন কেন্দ্রের উন্নয়নের কাজ করা হয়েছে। এরজন্য কেন্দ্রীয় সরকার ৮২ কোটি ৮৪ লক্ষ ৭৪ হাজার টাকা ম'র করেছে। এছাড়া স্বদেশ দর্শন-১ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে কেন্দ্রীয় সরকার ৫০ কোটি ৩৮ লক্ষ টাকা ম'র করেছে। এই প্রকল্পের মাধ্যমে সুরমাছড়া ওয়াটার ফলস, নীরমহল, বিলোনীয়ার চোত্তাখলায় ভারত-বাংলাদেশ মৈত্রী উদ্যান, জোলাইবাড়িতে আভাংগাছড়াস্থিত শহীদ ধন'য় ম'তি উদ্যান, ব'নগরস্থিত বৌদ্ধস্তুপ, জম্পইহিল, ঊনকোটি, ভুবনেশ্বরী মন্দির, গুণবতী মন্দির এবং পিলাক এই ১০টি পর্যটন ক্ষেত্রকে আকর্ষণীয় করে তোলার লক্ষ্যে কাজ শুরু হয়েছে।

পর্যটন দপ্তরের সচিব সভায় আরও বলেন, কেন্দ্রীয় সরকারের প্রসাদ প্রকল্পে রাজ্যের অন্যতম পর্যটন কেন্দ্র উদয়পুরের মাতাবাড়িকে বহুমুখী পরিকল্পনার মাধ্যমে বিশ্ব পর্যটনের মানচিত্রে তুলে ধরার প্রয়াস নেওয়া হয়েছে। এজন্য কেন্দ্রীয় সরকার প্রসাদ প্রকল্পে ৩৭ কোটি ৮০ লক্ষ টাকা ম'র করেছে। সভায় সচিব জানান, গত ২০২২ সালের ১৮ ডিসেম্বর প্রধানমন্ত্রী স্টেট ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানটির উদ্বোধন করেছেন। এই শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে ২টি ডিগ্রি ও ৫টি ডিপ্লোমা কোর্সে পঠন পাঠনের সুযোগ রয়েছে। সেখানে বর্তমানে ৫০ শয্যা বিশিষ্ট ছাত্রীদের জন্য হোস্টেল এবং টাইপ ফাইভ কোয়ার্টার নির্মাণের কাজ চলছে। সচিব জানান, পুপবন্ত প্রাসাদ ও দরবার হলকে সংস্কার করে জাতীয়মানের অত্যাধুনিক মিউজিয়াম ও আর্ট সেন্টার করার পরিকল্পনা নেওয়া হয়েছে। এজন্য কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই ১০ কোটি টাকা ম'র করেছে। তিনি জানান, রাজ্যের বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের লক্ষ্যে রাজ্যে ২০১৯ সালে পর্যটন দপ্তর 'পর্যটন সহায়ক প্রকল্প' নামে একটি প্রকল্প চালু করেছে। এই প্রকল্পের মাধ্যমে এখন পর্যন্ত ২২ জনকে ঋণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে। সচিব আরও জানান, রাজ্যের পর্যটন শিল্পকে আরও আকর্ষণীয় করার লক্ষ্যে পর্যটন দপ্তর ৪৯টি লগহাট নির্মাণের কাজ হাতে নিয়েছে। ইতিমধ্যেই ৩৩টি লগহাট নির্মাণ করে তা চালু করা হয়েছে। বাকি ১৬টি লগহাট নির্মাণের কাজ চলছে। সভায় এছাড়াও রাজ্যের পর্যটন শিল্পের উন্নয়নে দপ্তর যে প'বার্ষিকী কর্মপরিকল্পনা গ্রহণ করেছে সে বিষয়ে পর্যটন দপ্তরের সচিব আলোচনা করেন। পর্যালোচনা সভায় পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, রাজস্ব দপ্তরের প্রধান সচিব পুনীত আগরওয়াল, মুখ্যমন্ত্রীর সচিব প্রদীপ কুমার চক্রবর্তী, পর্যটন দপ্তরের অধিকর্তা তপন দাস উপস্থিত ছিলেন।

# কলেজ ছাত্রীকে গণধর্ষণ, পুলিশ হেডকোয়ার্টারে ধর্না নারী সমিতির




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** বৃহস্পতিবার গণতান্ত্রিক নারী সমিতি, এস এফ আই এবং ডি ওয়াই এফ আই যৌথভাবে পুলিশের সদর কার্যালয়ের সামনে গিয়ে বিক্ষোভে সামিল হয়। গণধর্ষণের ঘটনার জন্য বাম সংগঠনগুলি সরাসরি পুলিশের ব্যর্থতার অভিযোগ তুলেছে। গণতান্ত্রিক নারী সমিতির নেত্রী রমা দাস এদিন সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে প্রতিবাদের ভাষা উগড়ে দেন। তিনি বলেন, গত সোমবার রাম ঠাকুর কলেজের ছাত্রীকে গাড়িতে তুলে নিয়ে চারজন মিলে গণধর্ষণ করা হয়েছে। এ ঘটনা সংঘটিত হয়েছে আগরতলা বাইপাসে। এই ঘটনার নিন্দা জানানোর ভাষা নেই। তিনি বর্তমান সরকারের জামানার তীব্র নিন্দা করে বলেন ২০১৮ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত শত শত নারী ইজ্জত সম্মান ত্রিপুরা রাজ্যে ন্ত্রিত হয়েছে। উল্লেখ্য, গাড়িতে গণধর্ষণের শিকার হয়ে স্মৃতিশক্তি হারালো কলেজ পড়ুয়া, চিকিৎসাধীন হাসপাতালে। ঘটনায় গ্রেপ্তার মূল অভিযুক্ত গৌতম শর্মা। জানা যায়, গত সোমবার রামঠাকুর কলেজ থেকে বাড়ি ফেরার সময় দাসপাড়া এলাকার গৌতম শর্মা নামে এক যুবক এই ছাত্রীকে গাড়িতে তুলে নিয়ে যায়। তারপর রাত সাড়ে এগারোটা পর্যন্ত পরিবারের লোকজনেরা বহু খুঁজাখুঁজি করলেও তার কোন সন্ধান পায়নি। পৌনে বারোটা নাগাদ আহত ছাত্রীর বান্ধবী ফোন করে পরিবারের লোকজনদের জানিয়েছে তাকে পাওয়া গেছে। খবর পেয়ে তারা যথারীতি বাইপাস এলাকায় গিয়ে পরিত্যক্ত অবস্থায় পায় তাদের মেয়েকে। স্মৃতিশক্তি হারিয়ে বর্তমানে জিবি হাসপাতালে চিকিৎসাধীন শারীরিকভাবে নির্যাতনের শিকার হওয়া ছাত্রী। গণধর্ষণের শিকার হওয়া ছাত্রীর বক্তব্য তাকে এদিন বিকাল বেলা কলেজের সামনে থেকে গাড়িতে তুলে তার বোনের প্রেমিক গৌতম শর্মা নিয়ে যায়। পরবর্তী সময় তিনজন যুবক গাড়িতে তাকে মারধর করে ট্যাবলেট খাইয়ে দেয়। তারপর তারা তাকে গণধর্ষণ করে। তৎপর হয় আমতলী থানার পুলিশ। এই ঘটনায় মূল অভিযুক্ত যুবক গৌতম শর্মাকে মহেশখলা এলাকা থেকে আটক করে আমতলী থানার পুলিশ। আমতলী তথা সদরের ভারপ্রাপ্ত এস ডি পি ও- আশিস দাশগুপ্ত জানান ঘটনাটি নিয়ে পরিবারের তরফে বুধবার বিকেলে একটি লিখিত অভিযোগ জানানো হয়েছে।

বুধবার রাতেই মুখ্যমন্ত্রীর নির্দেশে জিবিতে ছুটে যান বিজেপির রাজ্য সাধারণ সম্পাদিকা পাপিয়া দত্ত। একইসঙ্গে মুখ্যমন্ত্রীর নির্দেশ পেয়ে জিবি হাসপাতালে যান মহিলা মোর্চার সভানেত্রী ঝর্ণা দেববর্মা, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত ও অন্যান্য নেত্রীরা। বিজেপি-র সাধারণ সম্পাদিকা পাপিয়া দত্ত জানান মুখ্যমন্ত্রী মহিলাদের উপর সংগঠিত ঘটনার বিষয়ে আপোষহীন ভাবে কাজ করছেন। সরাসরি ঘটনার তদারকি করছেন। পশ্চিম জেলার পুলিশ সুপারকে কড়া পদক্ষেপ গ্রহনের নির্দেশ দিয়েছে। এই ঘটনার সাথে যারাই জড়িত তাদের অবিলম্বে প্রশাসন গ্রেপ্তার করে শাস্তি প্রদান করবে বলবে আশা ব্যক্ত করেন মহিলা মোর্চার সভানেত্রী ঝর্ণা দেববর্মা। একই সঙ্গে দৃষ্টান্ত মূলক শাস্তির দাবী জানান তিনি। পাশবিক লালসার শিকার হওয়া ছাত্রীর বাড়ি কাঁঠালতলী এলাকায়। ধর্ষণের অভিযোগ প্রকাশ্যে এলে চাঞ্চল্য ছাড়ায় শহরের অভিভাবক মহল সহ রাজধানীবাসীর মনে।

# তারাপুর সীমান্ত হাট পরিদর্শন করলেন মিজোরামের বনমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১১ মে।।** বৃহস্পতিবার তিনি কমলাসাগর কসবেশ্বরী কালী মন্দির এবং তারাপুর সীমান্ত হাট পরিদর্শন করেন মিজোরামের আইন সংসদীয় পরিবহন, পরিবেশ ও বন দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রাজ্যমন্ত্রী টি জে লালনুন্টলুঙ্গা।

তাঁকে স্বাগত জানান কমলাসাগরের বিধায়ক অন্তরা দেব সরকার। ছিলেন অতিরিক্ত মহকুমা শাসক ত্রিদিপ সরকার। মন্ত্রী টি জে লালনুন্টলুঙ্গার হাতে কসবেশ্বরী মায়ের চিত্রপট তুলে দেন বিধায়ক অন্তরা দেব সরকার। পুষ্পস্তবক দিয়ে স্বাগত জানানো হয়। মন্ত্রী টিজে লালনুন্টলুঙ্গা এবং তাঁর সফরসঙ্গীরা এদিন কমলাসাগর কসবেশ্বরী মন্দির পরিদর্শন করেন। ভারত বাংলাদেশ সীমান্ত ঘেঁষা কমলাসাগর দিঘী সহ প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করেন। রাজন্য স্মৃতি বিজরিত গ্রামীণ পর্যটন কেন্দ্র ঘুরে দেখেন তিনি। এছাড়া এদিন তিনি কমলাসাগর তারাপুর সীমান্ত হাট পরিদর্শন করেন। সীমান্ত হাটকে কেন্দ্র করে দুই দেশের সম্প্রীতির মেলবন্ধন সুদৃঢ় করার পাশাপাশি স্থানীয়দের রোজগারের বিকল্প দিশা দেখিয়েছে। এ বিষয়ে বিধায়ক সহ আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করেন মিজোরামের মন্ত্রী।

# রাজ্যেও পালিত বিশ্ব নার্স দিবস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** ১২ মে দিনটিকে বিশ্ব নার্স দিবস হিসাবে উদযাপন করা হয়। সমাজে নার্সদের অবদানকে চিহ্নিত করার জন্য এই দিনটি উদযাপন করা হয়ে থাকে। বৃহস্পতিবার আই জি এম স্থিত ডাঃ ব্রাম নার্সিং স্কুল এবং নার্সিং ইনস্টিটিউটের উদ্যোগে ব্রাম নার্সিং স্কুলের অডিটোরিয়ামে মুখ্যমন্ত্রীর আহ্বানে উদ্বুদ্ধ হয়ে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য, ধর্মগুরু গৌতম মিশ্র সহ অন্যান্যরা। যারা সমস্ত কিছু আত্মত্যাগ করে রোগীদের পরিচর্যা করেন। একজন অসুস্থ মানুষকে সুস্থ করে তোলার ক্ষেত্রে অবদান রাখেন তাদের অবদানকে চিহ্নিত করার দিন নার্স দিবস। তারা আজ রক্তদানের মত মহৎ দানে এগিয়ে এসেছেন। শিবিরের উদ্বোধনের পর রক্তদাতা দাতাদের উৎসাহিত করেন বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য সহ অন্যান্য অতিথিরা। এদিন ১০০ জন নার্সিং পড়ুয়া ও শিক্ষক শিক্ষিকা রক্তদান করেন।

# ভাইয়ের বিয়েতে বরযাত্রী গিয়ে আত্মঘাতী দাদা

নদিয়া, ১১ মে (হি. স.) : ভাইয়ের বিয়ের বরযাত্রী এসে সকালে দাদার ঝুলন্ত দেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে নদিয়ার নাকাশিপাড়া পাটিকাবাড়ি বাজারে।সূত্রের খবর, পলাশিপাড়া থানার বার্নিয়া শ্রীকৃষ্ণপুরের বাসিন্দা প্রসেনজিৎ মজুমদার (২৪) বুধবার রাতে তাঁর ছোট ভাই চিরঞ্জিৎ মজুমদারের বিয়েতে যান। বাসে চড়ে বরযাত্রীদের দল আসে নাকাশিপাড়া থানার পাটিকা বাড়িতে। সূত্রের খবর, সকলে রাতে ফিরে গেলেও বাড়ি যাননি প্রসেনজিৎ। থেকে যান ভাইয়ের শ্বশুরবাড়িতেই। এরপর এদিন সকালে পাটিকাবাড়ি বাজারে একটি কাঠের দোকানে ওই যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার হয়। তারপরেই ব্যাপক চাঞ্চল্য ছড়ায় গোটা এলাকায়। অর্থকষ্টের জেরে মানসিকভাবে বেশ কিছুদিন ধরে তিনি বিধ্বস্তও ছিলেন বলে জানাচ্ছেন পরিবারের সদস্যরা।

# শীর্ষ আদালতে জয় পাওয়ার পরেই সার্ভিসেস সচিবকে সরিয়ে দিলেন কেজরিওয়াল

নয়াদিল্লি, ১১ মে (হি.স.): দেশের সর্বোচ্চ আদালত আমলা ও সরকারি আধিকারিকদের বদলি ও পোস্টিংয়ের ক্ষমতা দিল্লি সরকারের হাতেই তুলে দিতেই সার্ভিসেস সচিব আশিস মোরেকে সরিয়ে দিলেন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। শুধু তাই নয়, উপরাজ্যপাল বিনয় সাক্সেনার 'আজ্ঞাবহ' হিসেবে পরিচিত আমলাদের উদ্দেশেও হুঁশিয়ারি দিয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী

২০১৫ সালে দিল্লিতে আম আদমি পার্টির সরকার গঠনের পরেই সার্ভিসেস দফতরকে মুখ্যমন্ত্রীর হাত থেকে কেড়ে নিয়ে উপরাজ্যপালের অধীনে নিয়ে এসেছিল মোদী সরকার। অভিযোগ ওঠে, নিজেদের পছন্দসই আমলাদের বিভিন্ন দফতরে নিয়োগ ও বদলির জন্যই এমন সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। গত আট বছর ধরে আমলাদের পোস্টিং ও বদলির ক্ষমতা নিয়ে একাধিকবার সঙ্ঘাতে জড়িয়েছে কেন্দ্র ও দিল্লির আপ সরকার। এদিন শীর্ষ আদালতের সাংবিধানিক বেঞ্চ অবশ্য আমলাদের নিয়ন্ত্রণের দায়িত্ব দিল্লি সরকার হাতেই ন্যস্ত করেছে। আর তার পরেই দিল্লির উপরাজ্যপালের 'বিশ্বস্ত সহচর' তথা সার্ভিসেস সচিব আশিস মোরেকে ঘাড় ধাক্কা দিয়ে সরিয়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, খুব শিগগিরই প্রশাসনিক ক্ষেত্রে ব্যাক রদবদল ঘটানো হবে। যারা উন্নয়নের কাজে এতদিন বাধা দিয়ে এসেছেন তাদের কাউকে ছাড়া হবে না। রাজনৈতিক পর্যবেক্ষকদের অনুমান, 'কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের 'বিশ্বস্ত' হিসেবে পরিচিত আরও বেশ কয়েকজন আমলার কাঁধে কোপ পড়তে চলেছে।'

# নারী সংক্রান্ত অপরাধ রুখতে মহিলা কমিশনের উদ্যোগে সচেতনতা শিবির



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** নারী সংক্রান্ত অপরাধ রুখতে ত্রিপুরা মহিলা কমিশনের পক্ষ থেকে মহকুমা শাসক কনফারেন্স হলে বৃহস্পতিবার সচেতন শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী সহ অন্যান্যরা। মহিলা কমিশনের চেয়ারপার্সন জানান, সারা রাজ্যে নারী সংক্রান্ত অপরাধ বন্ধ করতে এ ধরনের সচেতনমূলক কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এবং এর সচেতন মূলক কর্মসূচিতে রয়েছে পুলিশ কর্মী, অঙ্গনওয়াড়ি কর্মী এবং বিভিন্ন সামাজিক সংস্থার সদস্যরা। সকলের প্রচেষ্টায় কিভাবে নারী সংক্রান্ত অপরাধ বন্ধ করা যায় সেই বিষয়ে আলোচনা হয় বলে জানান মহিলা কমিশনের চেয়ারপার্সন।

# কুখ্যাত চোর গ্রেপ্তার ধর্মনগরে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** জেলা পুলিশ সুপারের নির্দেশে বৃহস্পতিবার সকাল থেকে ধর্মনগরে একের পর এক চোর ধরতে মাঠে নামে পুলিশ। প্রথমেই গত পঁচিশ এপ্রিল ধর্মনগর বাজারে ঘটে যাওয়া চুরির কাণ্ডের মামলায় পলাতক গৌরাঙ্গ চক্রবর্তীকে গোপন সংবাদের ভিত্তিতে আটক করে পুলিশ।

এদিকে সকাল থেকে ধর্মনগর মহকুমার ভারপ্রাপ্ত পুলিশ আধিকারিক সৌম্য দেববর্মা, ধর্মনগর থানার অতিরিক্ত অফিসার ইনচার্জ মমতাজ হাসিনা সহ পুলিশের একটি বিশাল টিম চোর আটক করতে মাঠে নামে। ধর্মনগর দুর্গাপুর এলাকার পৃথক দুটি স্থান থেকে এক চোর সহ এক নেশা কারবারিকে আটক করে পুলিশ। ধৃতরা হলও নাজির উদ্দিন ও প্রসেঞ্জিত দাস তাদের দুইজনের বাড়ি দুর্গাপুরে বলে জানিয়েছেন পুলিশ সুপার।

তিনি জানিয়েছেন, ধর্মনগরে চুরির ঘটনা বন্ধে বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে পুলিশ। চোর ধরার এই উদ্যোগে পুলিশকে সহযোগিতা করছেন স্থানীয় মানুষ। নাজির উদ্দিনের কাছ থেকে গ্যাস সিলিন্ডার, এলইডি টিভি, জলের মোটর, গ্যাস কাটার, ই-রিকশার চার্জার ইত্যাদি পাওয়া গেছে এবং প্রসেঞ্জিত দাসের ই-রিকশা থেকে দুইশ দশ কৌটা হেরোহিন সহ দুই হাজার খালি কৌটা পাওয়া গেছে। তাদের থেকে এগারোটি মোবাইল, নগদ অর্থ উদ্ধার হয়েছে।

# ১০০ শতাংশ দিব্যাঙ্গজন হয়েও বঞ্চিত যুবককে আনা হল ভাতার আওতায়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** ১০০ শতাংশ দিব্যাঙ্গজন হয়েও ভাতা থেকে বঞ্চিত ছিল ১২ বছরের নাবালক। এই খবর নজরে পড়তেই আধিকারিকদের বিষয়টি দেখার নির্দেশ দেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায়। ১০ দিনের মধ্যেই নাবালকের ভাতার অনুমোদন দেয় দপ্তর। ১০০ শতাংশ দিব্যাঙ্গজন হয়েও ভাতা থেকে বঞ্চিত ছিল ১২ বছরের নাবালক। জিরানিয়া মহকুমার খুমুলুং বাসীকোবরা পাড়ার বাসিন্দা নাবালক।সামাজিক ভাতা থেকে দিব্যাঙ্গ শিশু বঞ্চিত হওয়ার খবর সংবাদ মাধ্যমে প্রচার হয়। এই খবর নজরে পড়তেই আধিকারিকদের বিষয়টি দেখার নির্দেশ দেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায়। ১০ দিনের মধ্যেই নাবালকের ভাতার অনুমোদন দেয় দপ্তর। বৃহস্পতিবার সেই নাবালকের বাড়িতে যান মন্ত্রী টিঙ্কু রায়, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদুল বণিক সহ আধিকারিকরা। মন্ত্রী নাবালকের পরিবারের হাতে ভাতার কাগজ তুলে দেন। পাশাপাশি মন্ত্রী জানান, দিব্যাঙ্গ শিশুর আরেক ভাইয়ের লেখাপড়ার সুবিধার জন্য আগরতলা কোন হোস্টেলে নিয়ে আসার ব্যবস্থা করা হবে। সমাজ কল্যাণ দপ্তর থেকে এই সাহায্য পেয়ে খুশি শিশুর পরিবারের লোকজন।

# স্বামী দয়ালানন্দ বিদ্যানিকেতন স্কুলে কর্মরত করণীক নিয়ে হুলুস্থুল কান্ড

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** আবারো স্বামী দয়ালানন্দ বিদ্যানিকেতন স্কুলে কর্মরত করণীক নিয়ে হুলুস্থুল কান্ড। গত কয়েক বছর আগেও এ ধরনের অভিযোগ স্কুলে এক কর্মীকে নিয়ে উঠেছিল। এবার আবারো এক করণীকের বিরুদ্ধে গুরুতর অভিযোগ তুললেন স্কুলের কর্মরত কতিপয় শিক্ষক শিক্ষিকা এবং কিছু অভিভাবক। তাদের অভিযোগ স্কুলের করণীক রনেন্দ্র গোপাল ধর স্কুলে এক শিক্ষিকার সাথে দুর্ব্যবহার করেছেন এবং এই করণীকের জন্য নিয়মিত স্টাইপেন্ড পাচ্ছে না ছাত্র-ছাত্রীরা। তাই স্কুলের শিক্ষিকা মিলি ধর পূর্ব থানার পুলিশকে ডেকে এনে তুলে দেন অভিযুক্ত করণীককে। এই ঘটনায় স্কুলে ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।

# বিভিন্ন দাবীতে রাজপথে মিছিল বাম যুব সংগঠনগুলির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** বিভিন্ন দাবিতে বৃহস্পতিবার রাস্তায় নেমেছে ডি ওয়াই এফ আই এবং টি ওয়াই এফ। উপস্থিত ছিলেন ডি ওয়াই এফ আই -র রাজ্য সম্পাদক নবারুণ দেব। তিনি বলেন, সম্প্রীতি গণধর্ষণের শিকার হয়ে জিবি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন এক কলেজ পড়ুয়া ছাত্রী। এই গণধর্ষণের ঘটনার সাথে যারা জড়িত তাদের কঠোর শাস্তির দাবি জানানো হচ্ছে। তিনি আর বলেন রাজ্যে তোলাবাজি, সন্ত্রাস, নেশার রমরমা প্রতিনিয়ত বেড়ে চলেছে। এর থেকে রাজ্যকে বাঁচানোর জন্য সরকারের কাছে দাবি জানানো হচ্ছে কঠোর পদক্ষেপ গ্রহণ করার জন্য। পাশাপাশি সরকারের কাছে দাবি জানানো হচ্ছে কর্মসংস্থানের ব্যবস্থা করা এবং রেগা শ্রম দিবস বৃদ্ধি করা।

# সমলিঙ্গে বিয়ে নিয়ে শুনানি শেষ, রায়দান স্থগিত রাখল শীর্ষ আদালত

নয়াদিল্লি, ১১ মে (হি.স.): বহুল চর্চিত সমলিঙ্গের বিয়ে নিয়ে শুনানি শেষ হয়েছে দেশের সর্বোচ্চ আদালতে। যদিও বৃহস্পতিবার রায়দান স্থগিত রাখার কথা জানিয়েছে প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন সাংবিধানিক বেঞ্চ। গ্রীষ্মাবকাশের পরে শীর্ষ আদালত খোলার পরেই রায়দান হতে পারে বলে আদালত সূত্রে জানা গিয়েছে।

সমলিঙ্গে বিয়ের আইনি অধিকার চেয়ে দেশের শীর্ষ আদালতের দরজায় কড়া নেড়েছিলেন একাধিক ব্যাক্তি ও সংগঠন। ওই দাবির বিরোধিতায় সরব হয়েছিল কেন্দ্রীয় সরকার। এমনকী বিষয়টি সংসদের ওপরে ছেড়ে দেওয়ারও দাবি জানিয়েছিল। যদিও সেই দাবিতে কর্ণপাত করেনি শীর্ষ আদালত। ১০ দিন ধরে চলে শুনানি। গতকাল বুধবারই কেন্দ্রের পক্ষ থেকে সাংবিধানিক বেঞ্চকে জানানো হয়, সমলিঙ্গের বিয়ে নিয়ে রাজ্যগুলির মতামত জানতে চাওয়া হয়েছিল। সাতটি রাজ্য এখনও পর্যন্ত মতামত পাঠিয়েছে। তার মধ্যে রাজস্থান, অসম ও অন্ধ্রপ্রদেশের পক্ষ থেকে সমলিঙ্গের বিয়েকে স্বীকৃতি দেওয়ার বিরোধিতা করা হয়েছে। উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, সিকিম ও মণিপুর সিদ্ধান্ত জানানোর জন্য সময় চেয়েছে।

কেন্দ্রীয় সরকার সমলিঙ্গের বিয়েকে বৈধতা দেওয়ার বিষয়টি সংসদের ওপরে ছেড়ে দেওয়ার পক্ষে সওয়াল করলেও আবেদনকারীরা তার বিরোধিতা করেছেন। আবেদনকারীদের পক্ষে মুকুল রোহাতগি, অভিষেক মনু সিঙ্ঘভিরা দাবি করেন, শীর্ষ আদালতই এ বিষয়ে সিদ্ধান্ত নিয়ে আইন প্রণয়নের জন্য সংসদকে নির্দেশ দিক। সামনেই যেহেতু গরমের ছুটি শুরু হচ্ছে, তাই এদিনই সমলিঙ্গের বিয়ে নিয়ে সাংবিধানিক বেঞ্চ রায়দান করতে পারে বলে আশা করেছিলেন অনেকে।

# সুপারি বোঝাই চারটি গাড়ি আটক গ্রেফতার চার

ধলাই (অসম), ১১ মে (হি.স.) : দক্ষিণ অসমের কাছাড় জেলার ধলাইয়ে ফের বার্মিজ সুপারি বোঝাই চারটি গাড়ি আটক করেছে পুলিশ। এর সঙ্গে পুলিশ চারজনকে গ্রেফতার করেছে। চারটি গাড়ি যথাক্রমে বলেরো পিকআপ ভ্যান, একটি বলেরো এবং দুটি ওয়াগন-আর।এএস ১১ইসি ৪৮৩৪ নম্বরের বোলেরো পিকআপ থেকে একহাজার ৪০০ কেজি সন্দেহজনক বার্মিজ সুপারি সহ ধলাই থানা এলাকার খুলিছড়ার বাসিন্দা প্রয়াত তাজ উদ্দিন চৌধুরীর বছর ২৮-র পুত্র নুর আহমেদ চৌধুরী, এএস ১০ এ ০০৪৯ নম্বরের ওয়াগন-আর থেকে ৩০০ কেজি বার্মিজ সুপারি সমেত অসম-মিজোরাম সীমান্তের কর্কটবস্তির বাসিন্দা সামসুদ্দিন লস্করের ২৪ বছর বয়সি পুত্র কবির হোসেন লস্কর ও একই গ্রামের বাসিন্দা সফিক উদ্দিন বড়ভুইয়াঁর ২৬ বছরের পুত্র বাহারুল ইসলাম বড়ভুইয়াঁ, এমজেড ০১ এফ ৩৮৭৫ নম্বরের ওয়াগন-আর থেকে আরও ৩০ কেজি সন্দেহজনক বার্মিজ সুপারি বাজেয়াপ্ত করার পাশাপাশি বাহারুল নামের চালককে গ্রেফতার করেছে পুলিশ।অপর দিকে এএস ১১ এইচ ০৪১৪ নম্বরের যাত্রীবাহী বলেরো থেকে ৪০০ কেজি সন্দেহজনক বার্মিজ সুপারি সহ ধলাই থানা এলাকার ভাগাবাজার সংলগ্ন ইসলাবাদ গ্রামের বাসিন্দা তৈয়বুর রহমান তালুকদারের ৩৮-বছরের পুত্র সহিদ আহমেদ তালুকদারকে গ্রেফতার করে পুলিশ।

# সাইবার ক্রাইম রুখতে বোধজংনগর থানার উদ্যোগে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ মে।।** রাজ্য পুলিশের পশ্চিম জেলার উদ্যোগে সর্বত্র সাইবার অপরাধ সংক্রান্ত বিষয়ে সচেতন করে তার হার কমানোর উপর সচেতনতা মূলক আলোচনার আয়োজন করা হচ্ছে। জেলার সমস্ত থানা এলাকাগুলিতে এই ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। বৃহস্পতিবার বোধজং নগর থানার উদ্যোগে সচেতনতা মূলক সভার আয়োজন করা হয়। এদিনে সভাটি হয় খয়েরপুর স্থিত গীতবিতান হলে। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, সাইবার ক্রাইম ব্রাঞ্চের অ্যাডিশ্যানাল এস পি নির্দেশ দেব, এন সি সি থানার এসডিপিও পারমিতা পান্ডে সহ পুলিশের অন্যান্য আধিকারিকরা। মানুষকে সচেতন করতে ধারাবাহিক ভাবে এই কর্মসূচী হাতে নেওয়া হয়েছে। এদিন বিভিন্ন স্কুলের পড়ুয়াদের নিয়ে আলোচনা করা হয়। তাতে ব্যাপক সাড়া মিলেছে বলে জানান এন সি সি থানার এসডিপিও পারমিতা পান্ডে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।